**মুদয়তু রসিকগণং মধুমত্ত-বলাচ্যুত-গীতম্।**
**দ্বারমুখান্তিক-নাথককাখ্য-সতাভ্যনুনীতম্ ॥৪॥২॥**

**বিহরতি যমুনা-নীরে বলবীরঃ।**
**বিবৃতভুজোঽপ্যবধীরিত-কেশব-হূতির ভীতিরধীরঃ ॥ ধ্রু ॥**

**নিজভয়-বিধুর-তিমিঙ্গিল-পুচ্ছধরঃ ক্বচনৈষঃ।**
**ক্বচিদপি মগ্নগতিঃ ক্বচনোদ্গতজানুরুদশ্বিভাসঃ ॥ ১**

**ক্বচিদপি দুর্জয়-নক্রবরাক্রমণেন চরন্নপি পারম্।**
**ক্বচিদপি তীরভুবঃ প্রপতন্ কলুষীকৃতনীরম্ ॥ ২**

**ক্বচিদপি পোতবণিক্-তরণীরিতপাণি চলন্নপি নীতৈঃ।**
**তৈরতিকাতরবচনচয়ৈঃ প্রণুতোঽতিহসন্নতিভীতৈঃ ॥ ৩**

**ভক্তজনং শ্রুতমিদমতিসুখয়তু বলজলখেলন-গীতম্।**
**গোকুলচন্দ্র-সুতাত্মজ-পুত্রক-রচিতমিদং শ্রুতিনীতম্** ॥৪॥৩॥

সর্বেষু গোপেষ্বপি হূতিকারিষু,
ক্রমেণ মোদাদ্ যুগপচ্চ ভূয়ঃ।
মুগ্ধে বলেঽস্মিন্ কৃতহূতি-হেলনে,
নীরে বলিষ্ঠা নিপতন্তি গোপাঃ ॥ ১৬

অনিচ্ছুমুদ্‌যাতুমুদারবিক্রমং,
বলং তদীয়াঙ্ঘ্রিকরৌ বিধৃত্য তে।
বলেন কূলে বলিনোঽথ কৌতুকা-
হুদ্‌বিভ্রতি প্রোচ্চরদুচ্চঘোষণাঃ ॥ ১৭

[ অথ স্বাং প্রকৃতিমবলম্ব্য ] **বলদেবঃ—**

বিধায় স্নাতং মাং বিহসথ কুতঃ প্রোন্নয়থ বা
বয়স্যাঃ স্বিদ্ধারাবলিরপি কুতো মে নিপতিতাঃ।
ক্ব চোষ্ণীষো যাতঃ ক্ব চ মুষলসীরৌ নিপতিতৌ
তুলাকোটিঃ কট্যাদ্যাভরণমপি মালা বিগলিতাঃ ॥ ১৮

[ বলকৃষ্ণয়োরুক্তিপ্রত্যুক্তী ]

যান্ত্বেতানি বত ক্ষুধাতিবিপুলা মাং বাধতে তৎ কিয়ন্
মাধ্বীকং ত্বরয়া প্রযচ্ছ দয়িতং কুম্ভেন যৎ সংভৃতম্।
কুম্ভাৎ পন্নমদঃ কদা ননু যদা মাধ্বীকমত্তো ভবান্
অস্মান্ তাড়য়িতুং গতোঽতিতরসা ভূয়ো ভিয়া ধাবতঃ ॥ ১৯

[ আত্মনস্তথাবিধং কর্ম শ্রুত্বা বিলজ্জিতো **বলদেবঃ** কৃষ্ণং— ]

**মা বদ তদ্ভুত সমীপে নিজমাতুঃ।**
**যৎকৃতমচ্যুত যদভিহিতং মধুমত্ততয়াত্র ময়া তু** ॥ ধ্রু ॥

ত্বন্তু নিখিলজন-জীবন ! সুধিষণ ভুবন-মনোরমচেষ্ট !
কুরু শপথং বদিতাস্মি ন চেদমুং সখিবৃন্দ-বরিষ্ঠ ॥ ১
বারয় কোঽপি ন কমপি বদেদিতি ভবদনুগা হি চ গোপাঃ।
ত্রপয়তি মামপি সংপ্রতি নিজকৃতিরহহ শপে হৃদি-রোপা ॥২
সা ভবদেকসুতা জননী ভবদীয়-মুদৈব সহর্ষা।
প্রেরয়িতা ন ভবন্তময়ে বত মৎকৃতিকর্ণভবের্ষ্যা ॥ ৩
জগতি বিরাজতু হসিতবদন-হরি-হলধর-বিনয়বিতানম্।
দ্বারমুখান্তিক-নাথককাভিধ-রচিতমিদং শুভগানম্ ॥ ৪ ॥ ৪ ॥

[ অত্রান্তরে ] **মধুমঙ্গলঃ—**

মা খেদং কুরু বীর ! ভুঙ্ক্ষ্ব মধু চেৎ কৃষ্ণো বদেন্মাতরং
নাস্ত্যেব ক্ষতিরত্র তে যদি পুনর্মানী জনন্যা গৃহে।
সংরুদ্ধঃ সখিভির্ব্রজেন্ন ভবতা তত্রাপি তে ন ক্ষতিঃ
ত্বং গোপেন্দ্র ! ময়া বনং প্রতিদিনং মিত্রেণ নামৈষ্যসি ॥২০

[ বিষাদকুতুকাবিষ্টো ] **বলঃ—**

ন দোষস্তে লজ্জারহিতমনসাং ভেদবিদুষাং
স্বভাবোঽয়ং তাবদ্ধরি হরি ! বরাকে ত্বয়ি বটৌ।
অহো সঙ্গং যাচে হ্যহমপি কৃতার্থস্ত্যজতি মাং
ব্রজেন্দ্রৌ গোবিন্দে শঠতম পলায়স্ব তদরে ॥ ২১

**মধুমঙ্গলঃ**—বাঢ়ম্ ইতি হসিতবদনঃ প্রযাতি।

তত্রান্তরে বলদেবং প্রতি **সুদামা—**

অয়ং ধীমান্ বন্ধুর্ন কিল বদিতা কুত্রচিদয়ে
ভবৎসঙ্গামোদী ন কিল বদিতাস্মস্তদনুগাঃ।

অবশ্যং ধূর্ত্তোঽয়ং বটুরধিগৃহং মাতরমিদং
বদিষ্যত্যত্রৈব প্রথয় বিহিতং চাস্য দমনম্ ॥ ২২

[ অথ আহূতাঃ সর্বে সশপথং বদন্তি ] নাস্মদ্ভয়ং নিতান্তং, কিন্তু ধূর্ত্তস্য মধুমঙ্গলস্য কথাং বক্তুং নালমিতি।

[ তথাহূতো ] **মধুমঙ্গলঃ**—বরাকে ময়ি কা জিজ্ঞাসা ? বক্তব্যন্তু মম হৃদয়মবলম্বতে।

( অথ সুদামসূচিতকথানুকূলকথং মধুমঙ্গলমাকলয্য )

তস্যোত্তরীয়েণ তরৌ তরস্বী, হর্ষপ্রকোপোদ্ভব-হাসভাষঃ।
বলো হসদ্বালকবৃন্দমধ্যে, বধ্নাতি তিষ্ঠেতি বটুং তমুচ্চৈঃ ॥২৩

কৌতূহলেন তরলাঃ পশুপালবালা
বল্গত্তুলাকোটিক-কিঙ্কিণীকাঃ।
হাসপ্রভাষ-কুশলাঃ করতালিকাভি-
র্নৃত্যন্তি তদ্বেষ্টনমাদধানাঃ ॥ ২৪

ন সন্দেহঃ কার্য্যঃ ক্বচিদপি কথঞ্চিৎ কমপি মা
কৃতিং তে বক্তাস্মীত্যনুশপথমুচ্চৈস্তুতিবচঃ।
বিতন্বন্তং ভীতং তমথ সুদৃঢ়জ্ঞাত-হৃদয়ং
প্রলম্বঘ্নঃ কৌতূহল-বিলসিতৈর্মোচয়তি সঃ ॥ ২৫

অথায়ান্তং হসিতবদনং মধুমঙ্গলমজ্ঞাত ইব **গোবিন্দঃ**—

বটো ! ততস্ত্বং তরুমূলদেশে সগদ্গদাং বাচমপি প্রযুঞ্জন্।
কৃতাঞ্জলিঃ কিং কৃতবানুতাহো স্বিদগ্রজো বা সখিভির্ইসদ্ভিঃ॥২৬

অথানন্দহৃদয় ইব **মধুমঙ্গলঃ**—

কিমাহো বক্তব্যং মম পরিণয়োঽভূন্ ন ভবতা
শ্রুতো বন্যাদেব্যা মদনহৃদয়ক্ষোভ-বপুষঃ।

অদৃশ্যাস্তে যাসাবধিতরু পুরোধা হলধরঃ
করগ্রন্থিং চামূমুচদনুগ-কৌতূহলভরৈঃ ॥ ২৭

**সর্বে** বিহসন্তি।

**মধুঃ**— বিবাহোঽপি তাবদ্দুরূহঃ কথঞ্চিন্
ময়া ধৈর্য্যশীলেন সংপাদিতোঽসৌ।
পুনঃ কোঽপি মাণিক্যসাহস্রকং চেৎ
প্রদদ্যাত্তথাপ্যত্র নাহং ক্ষমাবান্॥ ২৮

পুনরত্যুচ্চৈঃ **সর্বে** বিহসন্তি।

গোবিন্দঃ স্বয়মানীয় মাধ্বীকং হলিনং মুদা।
অনিচ্ছন্তং ত্রপাবিষ্টং পায়য়ত্যথ সাদরম্॥ ২৯

সার্দ্ধং গোপালবৃন্দৈস্তরুবরতলতো দাসবৃন্দৈর্ভৃতানি
দ্রব্যাণ্যগ্রে রসালা-দধিমধুশিখরিণ্যাদিকানীপ্সিতানি।
নানা সুস্বাদুবন্যাভবফলসহিতান্যাজ্যপক্কানি পাথঃ
সুস্নিগ্ধং সীরিণা চাভ্যবহরতি হরিঃ কৌতুকাবিষ্টচেতাঃ ॥৩০

**ইতি শ্রীগোবিন্দবল্লভনাম সঙ্গীত-নাটকে**
**অষ্টমোঽঙ্কঃ॥ ৮॥**

# নবমোঽঙ্কঃ

অস্তাচলং যান্তমহস্পতিং তং, শ্রীমদ্‌যশোদা-বিরহাগ্নিরূপম্।
দৃষ্ট্বাথ কৃষ্ণশ্চকিতঃ সখীনাং, মধ্যাৎ সমুত্তিষ্ঠতি বক্তি চেদম্॥ ১

**সখিবৃন্দ হে সংহর সংপ্রতি খেলাম্।**
**আহর গোগণমপি গণয়াশ্ববলোকয় পরিণত-বেলাম্॥ ধ্রু॥**

**সা তু মদীয়-বিলম্বন-কারণকাবিদুষী খলু মাতা।**
**অনুভবদীয়জননি পরিরোদিতি বিলপতি মার্গমুপেতা॥ ১**

**যদি চ গৃহানুগমেঽস্তি বিলম্বনমনুসর নগর-সমীপম্।**
**কুরু পুরু বেণুরবং সমমেব বিলুপ্ত-তদীয়বিলাপম্॥ ২**

**মাতৃমুদং পরিপালয় তত্তবিতায়মরণ্যবিনোদঃ।**
**শ্বিদিতরথান্যদিনে ভবিতা সুঁখসীমনি চাত্র বিবাদঃ॥ ৩**

**সদসি সতামতি বিলসতু সখিগণ-কৃষ্ণনিদেশ-সুহৃত্তম্।**
**দ্বারমুখান্তিক-নাথককাহ্বয়-গীতমিদং শুভপত্তম্॥ ৪॥ ১॥**

অদৃষ্ট্বা গোগণান্ গোপাশ্চরতো দূরতস্ততঃ।
গোবিন্দং ত্রস্তহৃদয়া বদন্তি তত্বদন্তকম্॥ ৩

( শ্রীকৃষ্ণচেষ্টা— )

**বিশ্ববিমোহন গানং বাদয়তে কলবেণুম্।**
**অনুগত-গোগণ-পুঙ্গবহূতি সমেত্য মহীরুহসানুম্॥ ধ্রু॥**

**দূরাদধিগতহূতিরবাঃ পরিদৃষ্ট-তৃণাঙ্কুর-তুণ্ডাঃ।**
**দত্তনিনাদমটন্তি সমীপকমুদ্ধৃত-বালধিদণ্ডাঃ॥ ১**

ভাতি গমনরহিতো রবিরস্তজবা যমুনাপি বিচিত্রম্।
গলতি গিরিঃ পরিজীবতি মৃততরুবৃন্দমুদঞ্চিত-পত্রম্ ॥২

মুনিনিকরাশ্চ সমাধিষু ধৈর্য্যধরা ন ভবন্তি বিমুগ্ধাঃ।
যন্ত্যচলত্বমহো পশবো গলদশ্রুদৃশেব বিদগ্ধাঃ ॥৩

সুখয়তু সততমিদং জগদদ্ভুত-কেশব-বৈণবগীতম্।
দ্বারমুখান্তিক-নাথককাভিধ-রচিতমিদং শ্রুতিনীতম্ ॥৪ ॥২

ইতি শ্রীগোবিন্দবল্লভনাম সঙ্গীতনাটকে
নবমোঽঙ্কঃ ॥ ৯ ॥

## দশমোঽঙ্কঃ

সুতবিরহ-বিলোলা শ্রীযশোদাপরাহ্নে
নয়ন-গলিতধারাভীরনারীভীরেষা।
অধিতদটবি ভূয়ঃ প্রেষিতাশেষদূত
প্রতিপথিকমুদন্তং প্রশ্নয়ত্যধ্বগাস্থ ॥ ১

কতিদূরে বনমালী। গোধন-গোপনশালী ॥ ধ্রু ॥

সহচর-মত্ত-হলায়ুধ-দাম-মুখার্ভকবৃন্দঃ।
বিশ্ববশীকৃতি-পটুতম-বেণুযুতাননচন্দ্রঃ ॥১

নীলনলিন-রুচিরাহিত-পীতপটো নটবেশঃ।
ধৃতমণিভূষণ-ততিরতিসুন্দর-নটনবিলাসঃ ॥২

ললিতময়ূরশিখণ্ডক-গুঞ্জাদামবতংশঃ।
ধ্বজ-যব-বজ্র-দরাঙ্কুশকাদিযুতাঙ্ঘ্রি করাংশঃ ॥৩

**ভবতু সতামতিকর্ণরসায়নমিদণুমপি পদ্যম্।**
**দ্বিজকুলসম্ভব-নাথক-কবীরিতমতিশয়হৃদ্যম্ ॥৪ ॥১ ॥**

নন্দো গোবিন্দচন্দ্রেক্ষণবিধিতৃষিতোঽনীক্ষণোদ্‌ভ্রান্তচেতাঃ
সার্দ্ধং তৈর্গোকুলস্থৈর্নিজসমহৃদয়ৈঃ পত্তনাদেত্য দূরম্।
ভূয়ঃ প্রোদ্বাহুরুচ্চৈরতিকরুণবচঃ স্ফীততুঙ্গস্থলস্থো
বাষ্পাম্বুস্নাতবক্ষা হরি হরি সহরীণাহ্বয়ত্যর্ভকৌঘান্ ॥ ২

**তাত তুর্ণমেহি গেহং গোবিন্দ শিশুবৃন্দ !**
**অস্তধরোপরি ভাতি হি ভানুরূপেতজবারুচিমন্দঃ ॥ ধ্রু ॥**
**নিবিড়-ঘনাঘন-তুল্য-তমালতরুভিরভিজাত-তমিস্রে।**
**স্থেয়মিহাধিবনং ন ভবদ্ভিরুপেত-দুরন্তবিহিংস্রে ॥১**
**রোদিতি মাতৃগণো ভবতামধিমার্গমবেত্য বিলম্বম্।**
**দুগ্ধপিপাসু বিষীদতি ধেনুচয়ায় চ বৎসকদম্বম্ ॥২**
**জ্বলতি বিরহদহনোঽত্র বিলম্বন-বাত-বলো ভবতান্তু।**
**মুখবিধু-গলিতবচোম্বৃতবৃষ্টিচয়া বত তং শময়ন্তু ॥৩**
**সুতবিরহাকুল-গোকুলবল্লভ-বিক্লবহূতি-নিনাদঃ।**
**জগদানন্দ-সুতাত্মজ-বর্ণিত এষ বিষাদ-বিভেদঃ ॥৪ ॥ ২ ॥**

নন্দে দিক্ষু বিসারি-লোচনযুগেনালোক্য শূন্যাশয়ে
গোবিন্দস্য বয়স্যবৃন্দ-শুষিরৈঃ সংসেব্যমানো ভৃশম্।
সম্বাদং প্রবদন্ বনাদ্‌বিজয়িনো দূতায়মানো জগন্-
মুগ্ধীকৃত্য মনোরমো মুরলিকা-মাদ্যদ্ধনির্ধাবতি ॥ ৩

তং শ্রুত্বানন্দীভূতেন নন্দেন প্রেষিতো **দূতো** যশোদাং—

**যশোদে ! মা কুরু খেদং মাতঃ !**
**এষ সমেতি সুতস্তব বালক-গোগণ-বীতঃ ॥ ধ্রু ॥**

সত্যং তন্মুখ-মুখরিত-বেণুরবামৃতপূরম্।
স্বেন চ কর্ণযুগেন নিপীয় সমেষ্যবিদূরম্ ॥১
প্রাপ্স্যসি তমচিরতঃ সদনে নয়নোৎসবরূপম্।
ত্বমপি চ দত্তমনঃ শৃণু বেণুললামালাপম্ ॥২
বিরচয় মঙ্গল-রচনবিধিং পরিতো বহুপুণ্যে ॥
তেন তু[১] বিশতু স গোপকলানিধিরঙ্গ বরেণ্যে ॥৩
দ্বিজবর-নাথ-হৃদয়মনুকর্ণিত-সুতসম্বাদা।
মুদিতমনা বিতনোতু মুদং সুচিরায় যশোদা ॥৪ ॥৩ ॥

তাং পুত্রাগমগীতিমাগতবতা দূতেন সম্পাদিতাং
শ্রুত্বা নন্দথু-সিন্ধুমধ্যপতিতা সার্ধং সখীভির্গৃহে।
কর্ত্তব্যং কিমিতীহ মঙ্গলবিধৌ শ্রীমদ্‌যশোদা চিরং
নিশ্চেতুং ত্বরয়া ন পারয়তি সা তদ্দর্শনাকাঙ্ক্ষিণী ॥ ৪

অত্রান্তরে ব্রজসুন্দরীণামুক্তিঃ—

চলত চলত গৃহমেতি যশোদাসূনুরয়ে কলয়ামঃ।
সহচর-নিকর-করম্বিত-গোধন-মধ্যগতঃ সহরামঃ ॥ ধ্রু ॥
তদতিরুচিরতর-রূপ-নিরীক্ষণ-নির্বৃতি-নিচিত-শরীরাঃ।
শ্রবণ-চষকযুগলেন পিবাম তদীয়-কথামৃতধারাঃ ॥১
যদনবলোকনজাত-বিষাদ-ভরেণ হি হহহ-দশৈবম্।
ক্বাপি পুরাদ্বহিরেতুমমুং ন দদাম বিলোচনদেবম্ ॥২
উদয়তি যদিহ নিশাসময়েঽয়ময়ে ব্রজরাজসুতো নঃ।
বিধুরিব বিধূত-বিষাদিতমস্তু নিশৈব পরো দিবসস্তু ন ॥৩
ব্রজকুলযুবতি-পরস্পরভাষণ-বর্ণনসুন্দরমেতৎ।
সুখয়তু গীতমতীবসুখপ্রদ-মনুপমমপি জগদেতৎ ॥৪॥৪॥

---

১। অপ্যাথ; .........।

অত্রান্তরে বেণুরবামৃতং তদ্, বিশ্বোৎসবং শ্রীব্রজরাজসূনোঃ।
নিপীয় কর্ণাঞ্জলিভির্ব্রজৌকসো, ব্রজন্তি তদ্দর্শন-লুব্ধচেতসঃ॥ ৫

আদাবগ্রচরদ্‌গবাং খুররজো রক্তাভমত্যুন্নতং
হম্বেতি ধ্বনিভির্নিরুদ্ধজগতো নানাবিহারাংশ্চ তান্।
গোপালাংশ্চ পুরঃসরান্ কুতুকিনঃ কান্তৈর্বয়স্যৈর্বৃতং
গোবিন্দং নয়নাভিরামমথ তে পশ্যন্তি নন্দাদয়ঃ॥ ৬

**বনাদাব্রজতি ব্রজং ব্রজবালকভূপঃ।**
**প্রাবৃষি নিশি শিতিজলধর-'মুক্ত-কলানিধি-রূপঃ'[১] ॥ ধ্রু ॥**
**পীতবরণ[২]-তড়িদ্দ্যুকূল-নবঘন-ঘনরুচি-ভগণভ-হীরঃ।**
**বিবিধ-মনোরম-কুসুমবিভূষণ-চন্দনচিত্রশরীরঃ॥১**
**গুঞ্জারঞ্জিত-পিঞ্ছ-সুকুঞ্চিত-কেশসমুজ্জ্বলচূড়ঃ।**
**[ পুষ্কল-কেকিশিখণ্ডক-গুঞ্জাকল্পিত-কেশবিকারঃ। ]**
**বক্ষসি চলদলিমালিকয়া বনমালিকয়া চ নিগূঢ়ঃ॥ ২**
**স্বোপম-বিবিধ-কলাকুশলাখিল-বালকগীতবিনোদঃ।**
**মুগ্ধজগত্ত্রিতয়ং পরিবাদয়তে মুরলীমনুমোদঃ॥৩**
**কুসুমসমূহ-বিহিতরচনং প্রিয়গোনিকুরম্বকমগ্রে।**
**চালয়তি চ চরিতানি চ গায়তি বৃষগণ-যুদ্ধ উদগ্রে॥৪**
**পশ্যত পশ্যত ভক্তজনা হৃদি চাদ্ভুতরূপ-মুকুন্দম্।**
**নাথকবীরিত-গীতমিদং শৃণুতাপ্লুতপরমানন্দম্ ॥৫ ॥ ৫ ॥**

সায়ংগোষ্ঠনিবেশনোৎসুকহৃদাং সংব্যাপ্তু-তদ্বর্ত্মনাং
সূর্য্যাপত্য-সরস্বতী-সুরনদী-সম্ভূতি-সংকাশিনাম্।

১। নিঃসৃত-হিমরুচিরিব সুবিহারঃ ( সমুদারঃ ); ২। পীতবসন।

সাংমুখ্যং দধতো গবাং পথি পথি ক্রীড়াঃ শিশূনাং মুদা
দর্শং দর্শমহো ব্রজন্তি নগরং সর্বে ব্রজাবাসিনঃ ॥ ৭

শ্রীকৃষ্ণানন-চন্দ্র-দর্শনবিধৌ কেচিৎ শিখাঃ শাখিনাং
প্রাচীরোপরি কেচনোন্নতমহাসৌধাগ্রদেশানপি।
ভিত্ত্যন্তান্ প্রমদোন্মদাঃ কতিপয়ে ব্যস্তাম্বরাশ্চাশ্চল-
চ্চিত্তাস্তে ব্রজবাসিনোঽতিতরসারোহন্তি সার্দ্ধং প্রিয়ৈঃ ॥ ৮

**বনমালী প্রবিশতি গোষ্ঠমুদারম্।**
**কলপদ-গায়ক-গোপকদম্বক-মধ্যচরঃ সুখসারম্॥ ধ্রু ॥**

**বেণুমনোরমগীত-বশীকৃত-ভুবনমহো নটবেশঃ।**
**অগ্রগ-মত্ত-হলায়ুধ-বিলসন-দর্শনজাত-মুদেষঃ ॥ ১**

**দিবস-বিরহ-দব-দগ্ধতম-ব্রজবাসি-কুমুদমুদমাদৌ।**
**সংজনয়ন্ পরিপূর্ণ-বিকাশ-সুধাংশুসমঃ ক্ষণদাদৌ ॥২**

**সৌধশিখোপরি যুবতিকদম্বক-চেতসি মদন-বিকাশম্।**
**বিদধদপাঙ্গ-বিভঙ্গদৃশা কৃত-মৃদুমৃদুহাস-বিলাসম্ ॥৩**

**সুখয়তু বিশ্বজনং নয়নোৎসব-কৃষ্ণপুরাগতিগীতম্।**
**দ্বারমুখান্তিক-নাথককাহ্ব-সতা রচিতং শ্রুতিনীতম্ ॥৪ ॥৬॥**

দাসৌঘৈর্ঘোর-হৈহৈ হহহহহহহোহোহ-নিধ্বানবদ্ভি-
র্নীতা গাবোঽথ গোষ্ঠোদধি-পরিসরতো নিম্নগাবৃন্দবত্তে।
হম্বা হম্বেতিঘোষৈঃ পরিচিত-সদনং স্বং স্বমারাৎ সমস্তা
যূথীভূয় ক্ষপাদৌ বহুতৃণচরণোত্তুঙ্গতুন্দা বিশন্তি ॥ ৯

আয়ান্তৌ বলকেশবৌ প্রিয়গণৈঃ সার্দ্ধং সমালঙ্কৃতৈঃ
সর্বানন্দকরাবুভাবনুজনাঃ সর্বে মুদদ্ধৌ স্ফুটম্।

মজ্জন্তো ধৃতপাণিপল্লব-ললৎস্ফীত-প্রদীপালয়ঃ
পশ্চাদগ্রগতাঃ শনৈরনুবিশন্ত্যানন্দ-নন্দাস্পদম্ ॥ ১০

**যশোদা সুতৌ জলধারয়া নিবেশয়তি সদনম্।**
**তন্মুখদর্শনগত-বিরহজ্বর-মুদিতমনাঃ শিবগানম্ ॥ ধ্রু ॥**
**অতিসুষমাতিশিতাশিত-বিগ্রহ-শোভিত-পশুপদরেণূ।**
**ধৃত-কনকোজ্জ্বল-মণিময়-ভূষণ-বেত্রবিষাণক-বেণূ ॥১**
**গুঞ্জাদাম-ময়ূরশিখণ্ডক-মণ্ডিতকেশ-বিচিত্রৌ[১]।**
**শ্রুতিযুগ-গুম্ফিত-সদলকদম্ব-মধূন্মদ-মধুকরগোত্রৌ ॥২**
**পরিহিত-ঘনতড়িদম্বরকাবধিবৎস-লসদ্বনমালৌ।**
**স্বোপম-দামসুদাম-সমাগমনোচ্ছলদুৎসবলোলৌ ॥৩**
**সুখয়তু বিশ্বমিদং বলদেব-মুকুন্দ-গৃহাগতি-গীতম্।**
**দ্বারমুখান্তিক-নাথককাহ্ব-সতা রচিতং শ্রুতিনীতম্ ॥৪ ॥ ৭ ॥**

স্ফুরদ্রত্নশ্রেণী-কনকরচিতাশেষ-সদনে
প্রদীপালিজ্যোতিশ্ছুরণ-বিকসজ্জ্যোতিষি বরে।
নিজাবাসে স্বাঙ্গদ্যুতিভর-চমৎকারসুষমে
কৃতাধিষ্ঠানৌ তৌ মুদিতহৃদয়ারাত্রিকয়তি ॥১১

**সুতাবারাত্রিকয়তি শ্রীযশোদা।**
**মণিকনকাচিত-ভাজন-কৃত-ঘৃতদীপকুলেন সুমোদা ॥ ধ্রু ॥**
**শ্রমজলশকল-পরাগলবোজ্জ্বল-বদনসুধাকরবিম্বৌ।**
**আর্দ্রবসন-মুখমার্জন-সুস্মিত-বিকসিত-রদমণিবিম্বৌ ॥১**
**দিশি দিশি নিরুপমরূপ-নিতম্ববতীগণ-মঙ্গলগানম্।**
**জয়জয়-কোলাহল-কলগীত-সুরম্য-ততাদিবিতানম্ ॥২**

১। কলাপৌ

নৃত্যতি চারু বয়স্যকদম্বমুদঞ্চিত-মুদপরিবারম্।
উৎপুলকাখিল-গোকুললোক-সুপূর্ণমনোরথপূরম্ ॥৩
নিখিলজগজ্জন মোহন-কেশব-নীরাজনবিধি-গীতম্।
শৃণুত সুধা-মধুরং রসিকা ননু নাথকবেন্দ্র দিভুতম্ ॥৪॥৮॥

আনন্দাশ্রু-নিরুদ্ধকণ্ঠবিহরদ্‌বাক্যৌ ভৃশং সাদরং
চুম্বন্তৌ মুখপঙ্কজং চ করতঃ সংলালয়ন্তৌ বপুঃ।
জিঘ্রন্তৌ শিরসি প্রসহ্য পিতরৌ ভক্ত্যানমৎকন্ধরৌ
বন্দেতে সখিভিঃ সমং পদযুগে শ্রীরামকৃষ্ণৌ স্বয়ম্ ॥ ১২

(**নন্দঃ** পূর্ববদাশিষয়তি। কিঞ্চিৎ স্থিরীভূয়) **যশোদা**—

তাত! বনে কঠিনে কথমিব ভবতা যাতম্।
মৃদুতম-পাদসরোজযুগেন চ চঞ্চলগোধনবীতম্ ॥ ধ্রু ॥
কোমল-পদযুগমর্কগভস্ত্যতিতপ্তরজোভরদূনম্।
কতি কতি তীক্ষ্ণকুশাঙ্কুরকেণ চ বিদ্ধমিদং বত নূনম্ ॥১
গোধন-গণসহধাবন-খিন্নতয়া ভবতাধিবুভুক্ষম্।
মলিনবদন! নিতরামতিদূরগতেন ন ভুক্তমু ভক্ষ্যম্ ॥২
জীবন! তব বিরহজ্বর-জীর্ণবপুঃ কিল সকলদিনেঽহম্।
কুত্র গতা কিমকার্ষমিদং ন বিভর্ত্তি মনো ভবদীহম্ ॥৩
প্রেরয়িতাস্মি পুনর্গৃহাদিতি কেন সহেঽতিবিষাদম্।
দ্বারমুখান্তিক-নাথককাহ্ব-কবেন মনসি লগতীদম্ ॥৪॥৮॥

সায়ং প্রাপ্যাত্মজং তং ত্রিভুবন-কমনং সাগ্রজং সদ্মমধ্যে
শ্রান্তং শুশ্রূষণাদ্যৈঃ প্রিয়গণ-সহিতং স্নেহসংমন্ত্রিতাসৌ।
বিশ্রাময্যাতিমিষ্টং হলধরজননী-নীতমন্নং চতুর্ধা
সানন্দং ভোজয়িত্বা রচয়তি বিবিধাকল্পরক্ষাসনানি ॥ ১৩

শ্রীকৃষ্ণং শ্রীনিবাসং সুরবরহৃদয়-ধ্যেয়পাদারবিন্দং
কোটিব্রহ্মাণ্ডসৃষ্টিস্থিতিলয়বিধিকৃৎ-কারকং গোপবেশম্।
নিত্যং কৈশোররূপং হলধরসহিতং সানুগং বন্ধুরূপং
সানন্দং নন্দসূনুং ব্রজপুরজনতা লালয়ন্ত্যাত্মভাবৈঃ ॥১৪

সানন্দশ্রীযশোদা-বিরচিতরচনঃ প্রেয়সাং প্রীতিভাজাং
শ্রীশ্রীদামাদিকানাং স সুরস-বচনৈঃ কৌতুকাবিষ্টচেতাঃ।
শ্রীমদ্গোপাঙ্গনানাং সুনিভৃতবিহিতাপাঙ্গভঙ্গালসাঙ্গঃ
শ্রীমন্নন্দাঙ্কসঙ্গঃ স্মিতমুখসুভগঃ পাতু বঃ শ্রীমুকুন্দঃ ॥১৫

**ইতি শ্রীগোবিন্দবল্লভনাম সঙ্গীতনাটকে**
**দশমোঽঙ্কঃ ॥ ১০ ॥**

## সমাপ্তশ্চেদং শ্রীগোবিন্দবল্লভনাটকম্

---

# [ উপসংহারঃ ]

শ্রীমচ্চৈতন্যদেব-প্রিয়তমনৃপতিঃ সুন্দরানন্দদেব-
সুৎপ্রেয়ান্ পর্ণগোপালক ইহ বিদিতো বিশ্ববিখ্যাতকীর্ত্তিঃ।
কাশীনাথোঽন্বয়োঽস্যাস্য চ বিততযশাঃ কানুরামঃ কনিষ্ঠঃ
পুত্রস্তস্যাপি ধীরোঽজনি জনরমণঃ শ্রীলগোপাল-সংজ্ঞঃ ॥১

শ্রীমদ্গোকুলচন্দ্রকোঽস্য তনয়ো জ্যেষ্ঠশ্চ তস্যান্বয়ঃ
শ্রীমান্ সর্বগুণাকরঃ স জগদানন্দোঽস্য জাতাঃ সুতাঃ।
চত্বারো[১] নিজসংজ্ঞয়া সুবিদিতা জ্যেষ্ঠোঽত্র সন্ রুক্মিণী-
কান্তস্তস্য [ সুতো ব্যচীকরদিদং ] * শ্রীদ্বারকানাথকঃ ॥২

---

১। সুতাশ্চত্বারো। * মূলে পতিতোঽতঃ সম্পাদকীয়-সন্নিবেশোঽয়ং বন্ধনীস্থাংশঃ।

# অনুবাদ

## প্রথমাঙ্কঃ

শ্রীমদ্‌গোবিন্দের পদকমলযুগলে আমার মনোভৃঙ্গ সর্বথা লীন থাকুক—যে পাদপদ্ম হইতে পতিত মধুততি 'গঙ্গা' বলিয়া খ্যাতি লাভ করিয়াছেন—যে গঙ্গা অতিশয় (নিত্য) পীতা হইয়াও অমৃতবৎ প্রতীয়মানা হয়েন—যিনি কণ্ঠগত-বিষ-গ্লানিতে উগ্র ( মহাদেব )-কর্ত্তৃক অতিধ্যাতা হইয়াই বোধ হয় মস্তকে ধৃত হইয়াছেন এবং যিনি পীতা, গীতা, স্মৃতা, এমন কি কর্ণপথে ( নামরূপে ) প্রবিষ্টা হইয়াও সকলের সকল মঙ্গল বিধান করেন। ১

এ দুঃখিত জনে করুণা কর কেশব !

শ্রীনন্দনন্দন সহ-সহচর মাধব সহ-বলদেব ॥ ধ্রু ॥

তুমি প্রলয়সমুদ্রজলে অমিত মীনশরীরে বিহারী।

রসাতলে গত পৃথ্বীর উদ্ধারে বরাহ-রূপ-ধারী ॥

সমুদ্র-মন্থনে মন্দর-ধারণে ধৃত-মহাকচ্ছপ-দেহ।

প্রহ্লাদ-রক্ষণে হিরণ্য-দারণে হও দিব্য নরসিংহ।

হৃত-রাজ্য পুরন্দরে হৈলে কৃপালু অদ্ভুত বামনশরীর।

ব্রহ্মদ্রোহী বহু ক্ষত্রিয়-নিধনে হৈলে কুপিত ভৃগুবীর ॥

দুষ্টদশানন-দমন-বিধানে সুদর্শন হে দশরথ-পুত্র !

শ্রীরাম-নাম সমুদ্র-বন্ধনে হৈলা সুগ্রীব-মিত্র ॥

বিচিত্রলীল হে বেদ-বিনিন্দক বুদ্ধ ! দয়াময়শীল।

ম্লেচ্ছ-নিধনে কল্কী অবতারে করে ধর সৎকরবাল ॥

কলিযুগপাবন প্রেমভক্তি-বিতরণ গৌরদেহ দ্বিজরাজ।
জয় শ্রীনিত্যানন্দ স-সুন্দরানন্দ জয় গৌরভক্তসমাজ ॥১

( নান্দ্যন্তে )

**সূত্রধার**—আর বেশী কথায় প্রয়োজন নাই। ওহে পারিপার্শ্বিক! দেখ ত—বর্ষাকালীন অবিরল জলধারায় ধরার বুক হইতে ধুলিপটলী যেন কোথায় উড়িয়া গিয়াছে! ঐ দেখ—শ্যামল তমালাদি বৃক্ষরাজি কেমন শোভা পাইতেছে! ধরার মহাভূষণরূপে ঐ কোমল শ্যামল তৃণগুলিও বুঝি অন্য দিগ্‌বলয়ের শ্যামলিমা দ্বিগুণ করিয়া বাড়াইতেছে। ঐ দেখ—পশ্চিম গগনে ইন্দ্রধনু দেখা দিয়াছে—তাহাতে আবার বক-পংক্তি উড়িতেছে—একে ইহাদের অপরূপ শোভা, তদুপরি আবার ঐ দেখ কেমন বিদ্যুতঘটা চমকাইতেছে। ওদিকে আবার নব জলধরমালাও ত দেখি ধরার বুকে নামিয়া আসিতেছে! পূর্বাকাশে আবার ভগবান্ মরীচিমালীও উদিত হইয়া স্বকিরণমালায় যেন সমগ্র ভুবনকে উজ্জ্বল করিয়া তুলিতেছে। চারিদিকে সরোবরসমূহে রাশি রাশি কমল প্রস্ফুটিত হইতেছে—সদাগতি বায়ু স্বচ্ছন্দে সঞ্চলন করত ঐ দেখ দলিত কজ্জল হইতেও উজ্জ্বল ( নীলাভ ) জলতরঙ্গসমূহকেও পীতবর্ণ পদ্মপরাগরাশিদ্বারা পরাভূত ( পীতাভ ) করিয়া তুলিল! প্রাকৃতিক এই দৃশ্য-দর্শনে [ ভক্তবরের শ্রীকৃষ্ণস্মৃতি হইয়াছে—তিনি ] মনে করিতেছেন—'ঐ ত বিবিধ-মণিমালাজটিত-স্বর্ণময়-কুণ্ডল-বলয়-নূপুরপ্রভৃতি নানা ভূষণের ভূষণ, ঐ ত বনমালা-বিভূষিত, গোরোচনাদি-রচিত-তিলকে মণ্ডিত, মনোজ্ঞ-পীতবসন-ধারী! ঐ যে উঁহার সুবর্ত্তুল-মুক্তাফল-মালিকা-বিলসিত বক্ষঃস্থলে কৌস্তুভ খেলা করিতেছে! এইত ইন্দ্রনীলমণিশ্যামল শ্রীযশোদানন্দন!! এইত দেখিতেছি উঁহার সুকুমার পদারবিন্দযুগল!!' অহো শ্রীগোবিন্দচরণ-স্মরণ-প্রভাবে উনি

বুঝি অমরাবতীপতি পুরন্দরের স্বারাজ্য-সুখৈশ্বর্য্যমর্য্যাদাকেও তিরস্কারই করিতেছেন! উনি বুঝি বিষয়বাসনাবর্জিত রাজর্ষি অম্বরীষেরই সদৃশ হইবেন !!

অধিক কি? ভবিষ্যৎকালে ইঁহার বাঞ্ছাতিরিক্ত-বস্তুপ্রদানের স্বভাবে নিজের সৃষ্টি-লাঘব হইবে জানিয়াই বুঝি আগে বিধাতা চতুরতাপূর্বক সঙ্কল্পপ্রদ কল্পবৃক্ষটিকে কোথাও গোপন করিয়া রাখিয়াছেন! কামপ্রদা সেই ধেনু সুরভিটীকেও বুঝি তৃণচারণচ্ছলে রজ্জু-উন্মুক্ত করিয়া দিয়াছেন! (মহাদাতা) বলিরাজকেও হয়তঃ ভগবানের ছলে উপস্থিত হইয়া ঐ বিধাতাই সুতলে লইয়া গিয়াছেন !! ২

আর এক কথা—কলিক্রুত পাপিগণকে উদ্ধার করিতে শ্রীনন্দনন্দন স্বমিত্রকে ( **সুদাম** গোপালকে ) প্রেরণ করিয়া ভাবিলেন যে উহার সঙ্গভঙ্গে ত ব্রজমণ্ডলও শোভা পাইতেছে না, আমিও সুখ পাইতেছিনা। এইজন্যই শ্রীশ্যামচন্দ্রনামে ঐ শ্রীকৃষ্ণ শ্রীবলদেবের সহিত সুদামের (শিষ্য)-বংশকেই স্ববংশ মনে করতঃ এই (মঙ্গলডিহিতে) আসিয়া ঐ (সুদামগোপালের) বংশসহিত মিলিত হইয়া অদ্যাপি বিরাজিত আছেন ॥ ৩

সেই দ্বিজবংশ-ক্ষীরসমুদ্রোত্থ চন্দ্রমা শ্রীমান্ জগদানন্দ (পৃথিবীর-আনন্দপ্রদ) জগদানন্দ-প্রভু কর্ত্তৃক আদিষ্ট হইয়াছি—হে নটবর! এমন একটি অভিনব রচনা-বিশিষ্ট এবং সমুদিত গীতপদ্যাবলিতে হৃদয়-গ্রাহী প্রবন্ধের অভিনয় কর—যাহা শ্রীহরির লীলামালায় বিচিত্র, নিখিল নরনারীর চিত্তচমকপ্রদ এবং সহৃদয় সামাজিকেরও হৃদয়-সমুদ্রের পূরণকারী রস-স্বরূপ হয় ॥ ৪

এখন বল দেখি কি প্রকারে ইঁহার আরাধনা করি! কেননা—ইনি যে বৃহস্পতিরও প্রতিকক্ষ বিদগ্ধ পণ্ডিত-মণ্ডলীতে মণ্ডিত হইয়া

বিদ্যমান—আবার স্বয়ংও নিরতিশয় নিখিল কল্যাণগুণরত্নালয়।
( ক্ষণকাল চিন্তা করিয়া ) হাঁ, মনে হইয়াছে—

**পারিপার্শ্বিক**—কি মনে হইল ?

**সূত্রধার**—যাঁহার নিখিল বিদ্যাসাগর-বিদ্যোতিত অন্তঃকরণ-সরোবরে নিরন্তর শ্রীশ্যামসুন্দরের পদারবিন্দদ্বন্দ্ব প্রকাশিত হইতেছে—সেই শ্রীরুক্মিণীকান্ত নামক দ্বিজবরের তনয় শ্রীদ্বারকানাথ কবি শ্রীহরিগুণ-বর্ণনায় সুন্দর **শ্রীগোবিন্দবল্লভনামক সঙ্গীত-নাটক** প্রণয়ন করত আমাকে সমর্পণ করিয়াছেন। অহো! সেই কবিবরের চিত্তটীও সদা সর্বদা শ্রীনন্দনন্দনের পদারবিন্দদ্বন্দ্ব-ক্ষরিত মধুধারাপানে আনন্দিতই থাকে। সেই নাটকটিরই অভিনয় করিব—সেই কবি বিনয়সহকারে বলিয়াও দিয়াছেন—

আমার রচনা উন্মত্ত-প্রলাপবৎ, আপনাদের সভায় সুকৃতিগণই সমুপস্থিত ; রসবিৎ আপনারা শ্রবণ করিয়া ইহাকে পরিহাসপ্রদ মনে করিলেও কিন্তু ত্যাগ করিতে পারিবেন না। দেখুন—ধনাঢ্য ব্যক্তিগণ ধনব্যয়েও হাস্যকর বিকৃত ( বিদূষক ) লোকদিগকে পোষণ করেন—কিন্তু ইহার শ্রবণে অর্থব্যয় হইবে না। রত্নাকর কি কখনও স্বমধ্যপাতী শৈবালকেও পরিত্যাগ করে ? ৫

আর এক কথা—শ্রীযশোদাস্তনন্ধয়ের ব্রজমণ্ডলরূপ-বিস্তৃত-লীলামৃত-সমুদ্রে সন্তরণ করিতে পারিলে সততই বিহার করিব। যদি তাহা নাই পারি, তবে যে কোনও প্রকারে যৎকিঞ্চিৎ অমৃতরস পান করিয়াও ত নিবৃত্ত হইব! ( প্রকাশ্য ) পথে থাকিলে কি কেহ উপবাসী থাকে ? ৬

এক্ষণে নটগণকে সাজসজ্জা করিয়া প্রস্তুত হইতে বল।

**পারি**—উত্তম, উত্তম !! ( সম্মুখে দৃষ্টিপাত করিয়া ) আর্য্য, আর্য্য ! ঐ দেখুন !! তরুণ সূর্য্য উদয়াচলশিখরশয্যায় প্রাতঃকালে উন্নিদ্র ও

সমাগত বিহঙ্গমকুলের কাকলিতে কেমন রুচিপ্রদ হইয়াছেন ! উঁহার জননী পূর্বদিক্ উঁহাকে বিবিধ সজ্জায় শোভান্বিত করিয়াছেন। ঐ পদ্মিনীপ্রিয় গো-( কিরণ )-মালার প্রসারণে গগন-কান্তারে বিচরণ করিতেছেন !!

**সূত্র**—সাধু ! সাধু !! তুমি যে আমাকে উষঃকালাগত বয়স্যবৃন্দকর্তৃক প্রবোধিত, শ্রীযশোদাজননী-কর্তৃক বহুবিধ বেশে বিশেষ-শোভান্বিত, শ্রীগোপীগণ-প্রিয়তম এবং গোগণ-সহকৃত-বয়স্যবৃন্দবেষ্টিত শ্রীবৃন্দাবন-বিহারী শ্রীগোবিন্দেরই স্মরণ করাইলে হে !!

( নেপথ্যে )

কে রে তুই ! প্রিয়তমের বিষয়ে শঙ্কুর ( গোঁজের ) ন্যায় বিরুদ্ধ বচনে আমার মনে খেদ জন্মাইতেছিস্ ? কেননা—তাঁহার ক্ষণার্দ্ধ-বিরহেও এই নন্দমহল মলিন ও নিরানন্দ হইয়া মৃতবৎ পড়িয়া থাকে !! ওরে নির্লজ্জ ! তুই শ্রীব্রজেন্দ্রনন্দনের বয়স্যবৃন্দ-বেষ্টিত হইয়া বৃন্দাবন-গমনই ত আলাপ করিতেছিস্ ? ৭-৮ ॥

**সূত্র**—(সচকিতভাবে উত্তমরূপে দৃষ্টি করত) সখে! পলায়ন কর—শ্রীকৃষ্ণ-লীলা-দর্শনে আগতা বৃষভানুপুরদেবতার সহিত মৎপ্রতি কুপিতা গোকুলপুরদেবতা এদিকে আসিতেছেন।

ইতি নিষ্ক্রান্ত—**প্রস্তাবনা**।

**বৃষভানুপুরদেবতা** ( গোকুলপুর-দেবতাকে )—সখি ! তোমার মহাভাগ্য যে দেবদেব মুকুন্দ সবয়স্য তোমার বক্ষোদেশে বহু বহু লীলা বিস্তার পূর্বক ক্রীড়া করেন। অহো! সেই বিনোদী—ব্রজলোকের জন-গণের নেত্রাভিরাম এবং মদীয় পুরপতি শ্রীবৃষভানুরাজের দুহিতারও অভিন্ন-প্রাণই বটেন !! তুমি স্বনয়নে প্রতিমুহূর্ত্তে ইঁহার লীলা-সুধা-

রস পান করিয়া ধন্য হইতেছ! আমিও তোমার সান্নিধ্যে থাকিয়া ধন্যই হইব—দেখনা কেন, মলয়গিরি-সান্নিধ্যে আসিয়া বৃক্ষগুলিও ত সুগন্ধই হইয়া যায় !! ৯-১০ ॥

( নেপথ্যে )—

জয় জয় নন্দ-কুমার।
ভুবন-বিমোহন-রূপ-বিহার ॥ ধ্রু ॥
নিদ্রিত যশোদা-ক্রোড়-কেতনে।
জনু কারণসাগর-অনন্ত-শয়নে ॥
ওহে গোপগণকৃত-কৌতুকক্ষেত্র।
ত্রিভুবন-মঙ্গল-মঙ্গল মূর্ত্ত ॥
স্থিরচর-হৃদয়গ-গোপকিশোর !
কৃপা কর কৃপাময় লীলাপার ॥ ২

আর্য্যে ! আকাশে কি শুনা যাইতেছে ?

**গোকুলপুরদেবী**—সখি ! দেবগণ স্তব করিতেছেন।

( নেপথ্যে )—

মম জীবন হে ত্যজি' শয়ন।
হের প্রভাত হইল প্রকটন ॥ ধ্রু ॥
প্রাঙ্গণ-মাঝে দেখ সখা-নিকুরম্ব।
নিন্দা করে তব জাগর-বিলম্ব ॥
নিশান্তে উঠিয়া ভাই বলরাম।
সহচর-সহ খেলে অভিরাম ॥
মিলিত ভেল ব্রজবাসি-কদম্ব।
নেহারিতে তব মুখবিধুবিম্ব ॥ ৩

আর্য্যে ! এই আবার কি শুনিতেছি ?

**গোকুলদেবী**—যশোদা শ্রীকৃষ্ণকে জাগাইতেছেন।

( আবার নেপথ্যে )—

সখি হে দেখ মোর বালক-উত্থান।
অলসে নিমীলিত ভেল কমলনয়ান ॥
দাম সুদাম মিলি উঠায় উহারে।
ভুজযুগল হয় দেখ সর্পের আকারে ॥
স্রস্ত শয়নে হের পুন পুন পড়িছে।
মৃদু মন্দ স্মিতসহ তনুটি যে মুড়িছে ॥
বদনে বসন পুন পুন দিছে টানি।
সঙ্কুচিত অঙ্গ দেখ হইল ইদানী ॥
হাসির সহিতে ঐ আধ আধ ভাষিছে।
জিজ্ঞাসিলে ভালমত উত্তরো না দিছে ॥
নিচল গাত্র হের হইল পুনর্বার।
নিদ্রালসে সুমুদ্রিত লোচন তার ॥
বারণ না শুনি' মোর করে জাগরণ।
অতএ নিশান্তে ভেল নিদ্রা-সুমগন ॥ ৪

( বৃষভানুপুরদেবীকে ) **গোকুলদেবী**—সখি ! গোবিন্দের নিদ্রাভঙ্গ-কৌতুকের কথাই মা যশোদা রোহিণীকে বলিতেছেন। দেখ, আমরাও এস্থানেই নিভৃতভাবে থাকিয়া দর্শন করিব। ( এই বলিয়া রঙ্গমঞ্চে প্রবেশ )।

**বিষ্কম্ভক**

সুন্দরমাল্যধারী শ্রীদাম অতিপ্রত্যুষে শীঘ্র শীঘ্র নিদ্রোত্থিত হইলেন। স্বকিরণমালায় দিগ্‌দেশ উদ্ভাসিত করত নন্দালয়ে আসিবার পথে আবার পিতৃভক্ত শ্রীদাম নিজ পিতার আদেশ গ্রহণ করিলেন। এই ভাবে অত্যুত্তম গমনভঙ্গী-অঙ্গীকারে তিনি চঞ্চল পাণিপদ্ম ইতস্ততঃ চালন করত আনন্দভরে নন্দনন্দনচন্দ্র-সবিধে যাইতেছেন। ১১

মাণিক্য-মুক্তা-মণিমালায় বিরচিত সুন্দর পালঙ্কবরে বিচিত্র শয্যায় গাঢ় নিদ্রাসমুদ্রে সিক্ত অতএব নিশ্চলদেহ গোবিন্দকে এক্ষণে শ্রীদাম জাগাইতেছেন॥ ১২

সখা হে জাগ জাগ গোকুলচন্দ্র!
তব সুষমালজ্জিত অতএ অস্তমিত এবে কলঙ্কিত চন্দ্র !!
পতি-বিরহে নিশাসতী উদিত-তপন-দহনে ভেল দগ্ধ।
নিশার অপত্য, ঐ উষা দেখা দিল, পক্ষিশক্রনাদে মুগ্ধ॥
চন্দ্রকর-ধবলিত নিশা গ্রাসি' ঐ হের উদরাধ্মানে গতিমন্দ।
উদয়শৈলোপরি কর উদ্‌গার করে বালরবি মুকুন্দ !! ৫

**যশোদা** ( রোহিণীকে )—ঐ দেখ! দুগ্ধফেননিভ স্নিগ্ধ মনোজ্ঞ শয্যায় শায়িত থাকিলেও গোপাল শ্রীদামের মহাপ্রিয় আহ্বান-ধ্বনিতে ও করযুগলের স্পর্শে বিনিদ্র হইয়া মন্দ হাস্য করিতেছে। ঐ দেখ! ধীরে ধীরে দেহস্পন্দন করিতেছে—দন্তমুক্তাবলী প্রকাশিত করত জৃম্ভাত্যাগ করিতেছে—দুই হস্তে নয়নকমলদ্বয়কে মার্জ্জন করিতেছে॥ ১৩॥

তৎক্ষণাৎ রক্তকাদি ভৃত্যগণ আসিলেন। আনীত দন্তকাষ্ঠ-সমূহে শ্রীহস্তেই দন্ত ঘর্ষণ করত গোবিন্দ স্বর্ণভৃঙ্গারজলে মুখচন্দ্র মার্জন ক্ষালন করিয়া বস্ত্রপ্রান্তের সাহায্যে মা যশোদা-কৃত-নির্মঞ্ছনে শোভাবিশেষ লাভ করিলেন এবং বয়স্যগণ-সমভিব্যাহারে শ্রীবলদেব-সহ মল্ললীলা

করিতে রঙ্গভূমিতে ( মল্লক্রীড়াস্থানে ) প্রবেশ করিলেন। ১৪ ॥ তথায় গিয়া তিনি অগ্রজ শ্রীবলদেবের আদেশানুসারে বাহুযুগলে রক্তবর্ণ মৃদু মৃত্তিকা লাগাইয়া শৌর্য্যপ্রকাশক আস্ফালনাদি করত করদ্বয় ভূমিতে সংস্থাপন-পূর্ব্বক পদদ্বয়কে অবষ্টম্ভ করিলেন। শক্তিবৃদ্ধি ও ভুক্তদ্রব্য জীর্ণ করিবার উদ্দেশ্যে বহুক্ষণ যাবৎ বহুপ্রকারে বিচিত্র দেহের চালন করিতে লাগিলেন। ১৫ ॥ সুহৃদ্গণের সহিত এইভাবে বহুবিধ মল্ল-ক্রীড়া করত কৌতূহল করিতে করিতে তিনি দাসগণ-সেব্যা গোশালায় প্রবেশ করিলেন। ১৬ ॥ আনন্দমনাঃ দাসগণ ব্রজেন্দ্রনন্দনকে আগত দেখিয়া তাঁহার রূপ-লাবণ্যে চমৎকৃত হইয়া পরস্পর বর্ণনা করিতেছেন—১৭ ॥

ঐ দেখ ঐ দেখ ! ত্রিভুবন-মোহন রূপ।
প্রাতঃ সমাগত, সখাগণ-বেষ্টিত মল্লবিনোদী-স্বরূপ ॥ ধ্রু ॥
উর্দ্ধে নিবদ্ধ জূট, হস্তে আরো সুশোভিত মণিময় সুন্দর মালা।
রক্ত মৃদে চিহ্নিত, বাহু জনু হস্তিকর, প্রকাশই বিবিধ-সুলীলা ॥
করকমলে হের, কন্দুক ঘূর্ণিত, অনুচরগণ-কৃত-লোভ।
মণিময় ভূষণে, জলধর যৈছে তনু, পীতাম্বরধর বহুশোভ ॥
হাস্যে বিকাশিত, দশন মুকুতাপাঁতি, কিরণে ভেল দেশ উজিয়ারি।
দ্বারকানাথ-সুকবি-সুবর্ণিত-গোপাল বেশ বনোয়ারী ॥ ৬

তথায় গিয়া শ্রীগোপাল ইতস্ততঃ সমস্ত দাসগণকে গোদোহনে উদ্যোগী দেখিয়া প্রমুদিত হইলেন। 'আমি দোহন করিতে পারিব কি না'—এই কথা ভাবিতে ভাবিতে তিনি স্ববাক্যেই সুস্থিরতরা কোনও ধবলা গাভীকে দোহন করিতে লাগিলেন। ১৮

হের হো গোকুলচন্দকি দোহন।
সুখসাগরমধি, ভেল বিরাজিত তহিঁ, নন্দ-বরজ-গোধন ॥

ক্রমে ক্রমে প্রেরিত, বৎস-বিচূষণে, দুগ্ধপূরিত স্তনভার।
নিপুণ জন যৈছে, জানুপরি ধরই, তদুচিত দোহনী তার ॥
করকমলযুগে, পাতন করই, তছু পয়-বহুধারা।
অতি ঘন ঘর্ঘর, শবদ শুনইতে, জাত কুতূহল-পারা।
শ্যামল কলেবর, দুগ্ধকণ-রঞ্জিত, তহিঁ অতি সুন্দর হাস।
দ্বারকানাথ-কবিকৃত-বর্ণনে দরশনে হোওত লালস ॥ ৭

অতঃপর মিত্রগণকে আহ্বান করিয়া গোপাল কৌতুকভরে স্বকরে তাঁহাদের মুখে পুনঃ পুনঃ দুগ্ধ বিতরণ করিতেছেন—আবার নিজেও মৃদুমন্দ হাস্য-সহকারে ঐ দুগ্ধপাত্র ধরিয়া পান করিতেছেন। ১৯

কিঙ্করগণ শ্রীহরিকর-কমলে ও মিত্রমণ্ডলীর হস্তে সমাদরপূর্বক বিচিত্র শব্দকারী পক্ষী, বিচিত্র পক্ষ এবং অমৃতসমান ফলাদি সমর্পণ করিতেছেন। ২০

( শ্রীকৃষ্ণ ও দাসগণের উক্তি-প্রত্যুক্তি ) প্রশ্ন—ওহে গোপালগণ! তোমরা নিত্য কোথায় ঐ সব দ্রব্য পাও? উত্তর—গোপেন্দ্রনন্দন! বৃন্দাবনে। প্রশ্ন—সেই বৃন্দাবন কিরূপ এবং কতদূরে? উত্তর—বৃক্ষমণ্ডলীতে আশ্চর্য্যকর এই আনন্দের ধাম নিকটেই ত অবস্থান করিতেছে। ২১

**মধুমঙ্গল** ( শ্রীকৃষ্ণকে )—সখে! সেই বৃন্দাবনের সৌন্দর্য্যমাধুর্য্য আমিও শুনিয়াছি। চতুর্দশভুবনে উহাই সর্বশ্রেষ্ঠ সৌন্দর্য্য-নিধান। বয়স্য হে! গণিকাতে নাগরদের চিত্ত যেমন সদা কালের জন্য বিরাজ করে, তদ্রূপ শ্রীবৃন্দাবনহৃদয়ও আমাদের সঙ্গে কুতূহলান্বিত, সুতরাং গোপালগণে বেষ্টিত হইয়া চল বৃন্দাবনে যাই। ২২-২৩

সখা হে! চল চল বৃন্দাবন ধাম।
তথি করব মোরা গোচারণ-কাম ॥

বিচিত্র বৃক্ষবল্লরী যহিঁ বিরাজিত।
বিবিধ বিহঙ্গম-কাকলি-মুখরিত ॥
অমৃতসমান তহিঁ বিবিধ সুফল।
চিত্তচমৎকারকারী হরিণের পাল ॥
যমুনার নীরে শোভে পদ্ম বহু ভাঁতি।
মন্দ সুগন্ধ পবন বহে দিবারাতি ॥
বিশ্বহৃদয়ে সুখদ হউ শ্রীবৃন্দাধাম।
দ্বারকানাথ কবি তছু রস গান ॥৮

(স্বয়ং যাইয়া বলদেবকে)—হে গোপালনাথ! কৃষ্ণ আমাকে তোমার নিকট পাঠাইয়াছে। সে বৃন্দাবন-বিহারের জন্য উৎকণ্ঠিত হইতেছে! ২৪

**বলদেব**—বেশত!

(পুনরায় শ্রীকৃষ্ণনিকটে আসিয়া) বয়স্য! বলদেবের কথা আমি আড়ালে থাকিয়া শুনিয়াছি। তিনি বলিতেছেন যে এক্ষণে কৃষ্ণ গোচারণে উপযুক্ত হইয়াছে—গোগণ লইয়া বনে যাইতে পারে। ২৫

(মধুমঙ্গলের কথা শুনিয়া আনন্দনিধি **গোবিন্দ** শ্রীদাম-সুদামকে)

হে বন্ধুবরদ্বয়! শ্রীবৃন্দাবনের মহিমা ও মনোরমতায় এক্ষণে আমার মন আকর্ষণ করিতেছে। যদি তোমাদের তাহাতে যথোচিত শ্রদ্ধা হয়, তবে আমি প্রিয়তম গোগণ সহ ঐ বনে যাইতে পারি। উহাতে মানবগণের বেশী প্রচারও বোধ হয় নাই। ২৬

**শ্রীদাম সুদাম** ক —বয়স্য! প্রাণ পরিত্যাগ করিয়া কি দেহ থাকে? তবে কিন্তু তোমার জননীকে ত প্রবোধ দিতে হইবে। তিনি যে তোমার ক্ষণকাল অদর্শনে বড়ই দুঃখিতা হন—সুতরাং যাহাতে তিনি প্রবোধ পান, তাহার প্রকার চিন্তা কর হে! ২৭

**বিদূষক**—বয়স্য কৃষ্ণ ! সে অতি সামান্য ব্যাপার ! তোমার মাতাকে আমিই প্রবোধ দিতেছি, ভাইসব ! তোমরা প্রস্তুত হও।

( ইতি সকলের নিষ্ক্রম )

( নেপথ্যে—খেলায় বিলম্ব দেখিয়া বিরহকাতরা **যশোদা** স্বয়ং স্নেহময় বাক্যে উচ্চৈঃস্বরে গোপালকে ডাকিতেছেন— )

কোথায় খেলিছ হে মম প্রাণ কানাই !

ওহে নীলকমল, বংশধর মোর, বাপ নয়ন রসদাই ॥

উষকাল হৈতে মুখকমল-মধু, না পাই করিতে পান।

ইহ সুখসম্পদ, অনন্ত হো'ত যদি, তবু হিয়া না যায় জুড়ান ॥

মনমধি হোয়ত, বৎস হে জীবন, হইয়াছ ক্ষুধায় কাতর।

খেলন পরিহরি, গৃহে ইবে আইসহ, খাও বাছা ক্ষীর ননী সর।

সহচরগণ তব, ভোজন করি' গৃহে, খেলিছে অধিক বিলম্ব।

দ্বারকানাথ কবিকৃত-বর্ণনে, কর সবে সুখ অবলম্ব ॥ ৯

( অতঃপর শ্রীকৃষ্ণ যশোদার নিকটে গেলেন )

পুত্রস্নেহময়ী শ্রীনন্দরাণী স্ববস্ত্রে গোপালের অঙ্গ মার্জন করত তাঁহাকে বহুবিধ মিষ্টান্ন ভোজন করিতে দিলেন ॥ ২৮

**কৃষ্ণ**—( কাকুভরে ) মা ! আজ বৃন্দাবনে গোচারণে যাইব।

**যশোদা**—( সচকিত হইয়া )—বৎস ! তোমার পিতা শ্রীনন্দরাজ এই ব্রজমণ্ডলের অধীশ্বর, ইঁহার ভাণ্ডারে অতুলনীয় সম্পত্তি—বৎস ! তাঁহার সম্পত্তির উত্তরাধিকারী তোমার কোনও সহোদর ভাই ত নাই। লক্ষ লক্ষ গোপাল এই গৃহে বিপুল অর্থব্যয়ে পালিত হইতেছে। হায় ! হায় ! এই বুদ্ধি তোমাকে কে দিয়াছে বলত ? বৎস হে ! তুমি যে আমার কণ্ঠরত্ন !! ২৯

বৎস হে যদুকুল-ভূষণ।
গৃহমধি খেলা কর, না দেখাহ মোরে আর ভয় বিড়ম্বন ॥
চাপল পরিহর, জীবন কানাই হে, বেরি বেরি বলি তব ঠাঁই।
জনম অবধি তব দৈত্যগণ সদা করিছে বহুত বৈরাই ॥
মম বাঞ্ছিত পূরাহ, বৎসক হে ইহ, যাহা যাহা ইচ্ছহ বিনোদে।
আনন্দ ধরি উর, দিবহে তোমার কর,
খেল গৃহে মনের আনন্দে ॥
গোষ্ঠ হ'তে তব পিতা আসি যেন এ বারতা
নাহি শুনয়ে তার কাণে।
যদি শোনে এ কথা কুপিত হই তথা বলিবেক ভর্ৎসনবচনে ॥
দ্বারকানাথ কবিবর ভণই—শ্রবণ করহ জননি !
সখাগণ-প্রেরিত গোপালক বচন বিষম জানহ আপনি ॥ ১০

( পুনঃ কাকুভরে ) **কৃষ্ণ**—মা! দেখ দেখ, শ্রীদামাদি গোপালগণ সকলেই গোচারণের জন্য কেমন বেশ-ভূষায় সজ্জিত হইয়াছে !!

**যশোদা** ( রোহিণীকে )—

কহ সখি ! রোহিণী করি কি উপায় ?
চঞ্চল বালক, বচন শুনইতে, মম অতি দুখ উপজায় ॥
সন্ততি বিনা, আধি ছাড়া আছিনু, নন্দীশ্বর-শিব-কৃপায়।
চরম বয়সে পুন, সুত জনমিল তছু, বনগমন সহন না যায় ॥
বালতপন যব, গৃহ সঞে গৃহে পুন' যাত হি বাপ কানাই।
নবনীত-কোমল, তাক কলেবর, দেত ভীতি অধিকাই ॥
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে, সুখদ গোবিন্দ-কেল।
সুজনক হৃদয় আকাশমধি সঞ্চরু পূর্ণিমক চন্দমা-খেল ॥ ১১

( নেপথ্যে—বনগমনোচিত বেশবিন্যাসে সজ্জিত হইলেও মধুমঙ্গল দ্বারে সমাগত বেশবিন্যাসে ভূষিত নিখিল গোপাল-বালককে আশ্বাস দিয়া শ্রীদাম-হস্তে স্বীয় বনগমনোচিত বেশসামগ্রী কিয়ৎ কালের জন্য ন্যস্ত করত রঙ্গমঞ্চে প্রবেশ করিলেন। )

**যশোদা**—মধো ! এ কি আশ্চর্য্য কথা শুনিতেছি ?

**বিদূষক**—কি কথা মা কি কথা ?

**যশোদা**—গোচারণের জন্য তোমাদের বনগমন।

**বিদূষক**—( নিভৃতে ) মা ! হরি নিজে উহার উদ্ভাবন করে নাই, আমিও ত চিন্তা করি নাই। অহো! বুঝিয়াছি—আমাকেও না জানাইয়া ধূর্ত্ত শ্রীদামই পরামর্শ দিয়াছে !! ঐ দেখ আমারও বস্ত্রাদির সহিত ঐ বালকগণ লোভনীয় দ্রব্য দেখাইয়া কেমন তোমার দ্বারদেশেই দাঁড়াইয়া আছে !! ৩০

**যশোদা** ( রোহিণীকে )—

সখিহে ! হরিকে আর ঘরে না রাখিবে শ্রীদাম।
কি করিব সম্প্রতি, কহ দেখি যুগতি, বড়ই বিপদে পড়িলাম ॥
নেতা শ্রীদাম, সচিব সুদাম-সনে, চলই যথা তথা দেশে।
কানুহ সংপ্রতি, না শুনয়ে কথা মোর, হা হা হৈনু হতাশে !!
সে ঘোর গহনে হাহা, যাইবে কেমনে বাছা,
সুকোমল শিশু মোর।
অতি বিপরীত বনগতি-গাথা, কেমনে সহিব বল আর ॥
ভাবে বুঝিলাম, নন্দসুত আজ, বনে যাইবে নিতান্ত।
দ্বারকানাথ কহে—শুনহ জননি ! মোর, সখাগণ বড়ই দুর্দান্ত ॥

**যশোদা**—তাহারা কোথায় রে ?

**বিদূ**—ঐ দেখ তোমারই দ্বারদেশে হরির প্রতীক্ষা করিতেছে।

**যশোদা**—( ভাবিয়া চিন্তিয়া স্নিগ্ধবাক্যে তাহাদিগকে ডাকিতেছেন ) ওরে শ্রীদাম, দাম, বসুদাম, কিঙ্কিণী, স্তোককৃষ্ণ, উজ্জ্বল, সুবল, মহাবল ! ওরে বৃন্দাবনে গোচারণেচ্ছু বালকগণ ! তোরা একবার নির্ভীক চিত্তে শীঘ্র আমার কাছে আয় দেখি। ৩১

( প্রথমতঃ **শ্রীদামস্ুদাম** )

শ্রীদাম সুদাম বিবিধ রত্নে উজ্জ্বল অলঙ্কার ধারণ করিয়াছেন, উভয়ে পিঙ্গলবর্ণ ও নীলবর্ণ বস্ত্র এবং রক্ত ও ঈষৎ রক্তবর্ণ উষ্ণীষ পরিধান করিয়াছেন—হস্তে বংশী ও বেত্র, কটিদেশে ও চরণে যথাক্রমে কিঙ্কিণী ও নূপুর মনোজ্ঞ শব্দ করিতেছে—মুখে মৃদু মন্দ হাস্য সহকারে ধীরে ধীরে প্রবেশ করিতেছেন—কিন্তু স্বার্থে (বনগমন-বিষয়ে) সন্দেহও হইতেছে। ৩২

( সম্মুখে দৃষ্টিপাত করত ) **যশোদা**—শ্রীদাম ! একি কথা শুনিতেছি রে ? আমার একি হইতেছে বল্ দেখি ! বৎস রে ! তুই ত ব্রজমণ্ডলে যথেষ্ট প্রশংসার্হ, আমার গোপাল হইতেও তুই প্রেমাস্পদ, মধুমঙ্গল আমাকে সব কথাই বলিয়াছে—বল্ দেখি বাপ ! তোর এ মতি কেন হইল ? বনে কষ্টবহুল গোচারণে কি লাভ আছে ? আর তোদের ঘরে কিই বা নাই ? ৩৩।

( আটোপের সহিত ) **শ্রীদাম**—মা ! মধুমঙ্গল বড় সত্যবাদী কিনা ? সে যাহা বলিয়াছে তাহাই ঠিক !! তাহার সত্যবাদিতার পরিচয় ব্রজমণ্ডলে সকলেরই জানা আছে। আমিও তবে এই কথাই বলিতেছি যে এবিষয়ে কিছু বলিবার খলতম মধুমঙ্গল কে ? তুমি গোপালের মাতা, তুমিই উহাকে গৃহ হইতে বাহিরে যাইতে বারণ কর। আমি অন্য সব ব্যবস্থা করিতেছি—গর্বের সহিতই এ কথা প্রতিপাদন করিতেছি। ৩৪

( কাকুভরে **যশোদা** )—

বাপ শ্রীদাম ! অনুনয় করি তোরে।
গোপাল তোরও অধিকারে আছে জানি তাহা অন্তরে ॥ধ্রু॥

চরম বয়সে, মোর সুতরূপে, আইল এ পীতবাসা।
অন্ধের নয়ন যেন, মৃতজনে জীবন, নির্ধনে রতন-বিশেষা॥
কভু যদি মম, চোখের আড়ালে, অন্যত্র থাকে গোপাল।
ত্রুটি যুগ সম, হয়ে অন্ধকার, এ মোর নগর বিশাল॥
দ্বারকানাথ কবিকৃত-বর্ণনে সুন্দর এ কৃষ্ণকথা।
রসিকজন হৃদয়মধি জনমাউ অতুল সুখ অগাধা॥ ১৩

( শ্রীকৃষ্ণকে কটাক্ষভঙ্গীপূর্ব্বক শ্রীদামকে ) **সুদাম**—

দেখ শ্রীদাম! এই হরি নিজ-গৃহে মাতৃসবিধে সখা মধুমঙ্গলের সঙ্গে এখন খেলুক্। হরিসান্নিধ্যে আমাদের আগমন ব্যর্থ হইবে না—আমরা গোপাল বালক, গ্রামনিকটবর্ত্তী এই ব্রজের সুখৈকনিধান বনে এই গো-গণকে পালন করিব। ৩৫

( শ্রীদামসুদামকে সঙ্কেতে প্রবোধ দিয়া যশোদার প্রতি )

**শ্রীকৃষ্ণ**—মা, আমরা ত গোপাল-বালক বলিয়াই প্রসিদ্ধ। ব্রাহ্মণদের বেদপাঠ যেমন নিত্যকর্ম, তদ্রূপ রাজা হইলেও আমাদের গো-পালনই নিত্যকর্ম। ব্রাহ্মণগণ কি সেই নিত্যকর্ম স্বয়ং করেন, না ভৃত্যদ্বারা সমাপন করান? সুতরাং শুভফলপ্রদ নিত্যকর্ম-বিষয়ে তোমার আপত্তি কি? ৩৬

( রোহিণীকে ) **যশোদা**—সখি! আশ্চর্য্য দেখ—আমার পুত্র আমাকে কেমন জাতি-গত ধর্ম শিখাইতেছে! প্রাচীন লোকের ন্যায় এই অর্বাচীন বালকটিও আমাকে সুন্দর উপদেশ করিতেছে!! ৩৭

( কৃষ্ণকে )—বল বল জীবন বন-প্রদেশে।

কৈছনে ধাওবি, চঞ্চল গো-সহ, বল বল ওহে দুরাশে!!
শিল তৃণাঙ্কুর, কণ্টক বংশ, লতাময় দুরগম স্থলে।
কোমল পদ যুগে কৈছনে চলবি হিংস্র শ্বাপদ আকুলে।

মৃদুল কলেবরে, কৈছনে রহবি, খরতর রবিকর-জালে।
যদ্যপি ভয় মম, ঘরে রহসি যব, অরুণ-উদয়কি কালে ॥
দ্বারকানাথ কবিকৃত-সঙ্গীতে নিখিল বিদগধমাঝে।
গোচারণকৃত ভীত যশোমতি-বচনক সুখ বিরাজে ॥ ১৪

( যশোদাকে ) **শ্রীদাম—**

মা! এই হরি কি কেবল তোমারই প্রীতির বস্তু, আমাদেরও কি তাহা নয়? এ সংসারে সত্য সত্যই কেহ কেহ উহাকে প্রাণাতিরিক্ত প্রীতিও ত করে; জননি! গো-চারণ-কৌতূহলে সে যদি গোধন-সহিত বনেও যায়, তবু সে গৃহসদৃশ-স্থলেই আমাদের মধ্যে সাক্ষিরূপে আনন্দে থাকিবে—তাহাতে দোষ কি? ৩৮

আরো দেখ—দৃপ্ত বলদেবের হস্ত-স্থিত উজ্জ্বল মুষল এবং লাঙ্গলের প্রহারে বহু বহু হিংস্র অসুরাদি ছিন্নমস্তকে যমের দ্বারে অতিথি হইয়াছে। আর যে কিছু অবশিষ্ট ছিল, তাহাও তোমাদের গো-মহিষের পদাঘাতে ধ্বস্ত শিলাকণ ও লতাজালসঙ্কুল বনপ্রদেশ হইতে কষ্টে সৃষ্টে দিগ্ দিগন্তে পলায়ন করিয়া প্রাণরক্ষা করিয়াছে! ৩৯। মণ্ডলীভদ্র বিমল খড়্গ ঘুরাইতে ঘুরাইতে ধাবিত হইতে থাকিলে দেবতা, দৈত্য এবং হিংস্রক জন্তুগণ ভ্রান্ত ও অন্ধ হইয়া হায়! হায়! পলাইবার পথ খুঁজিয়া বেড়ায়, কেহ কেহ বা আর্ত্তস্বরে চীৎকার করে। বল দেখি মা—এমন মহাবীর বনে আমাদের নিকটে নিকটে থাকিলে আর কি ভয় থাকে? ৪০॥ এইরূপ সহস্র সহস্র গোপগণ গোকুল হইতে সুখময় বৃন্দাবনে আমাদের সঙ্গে গেলে আর ভয় কি গোকুলেশ্বরি!! ৪১॥ দেখ মা—ঐ বৃন্দাবনের চতুর্দিকে পুন্নাগ, করবীর, বক, চম্পক, শেফালিকা, জাতি, স্বর্ণমল্লিকা, কুরুবক, মন্দার, যূথিকা, স্বর্ণবর্ণ মাধবী, কেতকী, ঝিন্টী ও কদম্ব-পলাশাদি বহু বহু বৃক্ষ অতিমনোজ্ঞ পুষ্প-সম্পদে পরিপূর্ণ হইয়া

বিরাজ করে। ৪২। মা! তথায় পুষ্পরাশির সুগন্ধের সহিত মিলিত পবন সর্বদা প্রবাহিত হইতেছে—শ্রেণীবদ্ধ বৃক্ষবর্য্যগণ সর্বদাই অমৃতস্রাবি ফলরাজি পাতিত করিতেছে—লাব (লাওয়াপক্ষী), শুক, ময়ূর, সারস, কোকিল সুস্বরে কূজন করিতেছে—বিবিধ বিচিত্র কুরঙ্গগণ দিবানিশি বিশ্রব্ধসুখে খেলা করিতেছে। ৪৩

(নেপথ্যে) ঐ রোহিণীনন্দন আসিতেছেন! দোলায়মান কুণ্ডলের পদ্মরাগ-কিরণে উহার একটি কর্ণের প্রান্তদেশ বিদ্যোতিত হইতেছে, অন্য কর্ণে তিনি একটি অতিসুন্দর কর্ণিকার কুসুম ধারণ করিয়াছেন—প্রতি অঙ্গে তিনি বিবিধ রত্নময় অঙ্গদাদি পরিধান করিয়াছেন। অহো! তিনি যেন পূর্ণিমার নিষ্কলঙ্ক চন্দ্রনিধির শোভাহরণ করিয়াই এদিকে বিজয় করিতেছেন। ৪৪

(লাঙ্গল ও মুষল-হস্তে বলদেবের প্রবেশ)

গোচারণানন্দে বিভোর বলবীর!

শারদ অমল বিধু, জিনি উহার কান্তি গো,

নব অরুণ জনু অধর পদ কর ॥

বিপরীত অরুণ, মস্তকে উষ্ণীষ গো,

তাহাতে গুম্ফিত নব পল্লব।

উৎকট মধুপানে আরক্ত লোচন গো, মুখ-গন্ধে ধায় অলি সব ॥

সহচরগণ-কৃত হৈ হৈ হো ধ্বনি গো, তাতে শিঙ্গা সুগভীর বাজে ॥

জলদ-গম্ভীরস্বরে, বলে কৃষ্ণকৃষ্ণ গো

কোথা আছ, মাইয়া যশোদে ॥

সুভক্ত-হৃদয়মধি মন্দিরে বিরাজু গো বলদেব-গমন-লীলা।

দ্বারকানাথ কবিকৃত বর্ণনে গো, হরি মিলল যত গোপালা ॥ ১৫

( তাঁহাকে দেখিয়া রোহিণীমুখে দৃষ্টিপাত করত ) **যশোদা**—

ঐ দেখ রোহিণী গো ! সম্মুখে রাজত বলবীরা ॥ ধ্রু ॥
প্রচুর মদমত্ত, খণ্ডিত-মরিযাদ গো, বারণ কিয়ে অনুকারী ।
পদভরে কম্পিত করি মহীতল গো, নিজ বিম্বে কোপকারী ॥
জানিনা ত সখি হে, উহ মনমধি কাঁহে, বনগমন অভিলাষা ।
বলবীর যদি, ঐমত হোয়ত, তবে মুঞি হৈনু নিরাশা ॥
অতএ বোলয়ে দ্বারকানাথ কবি, সখাগণ সহ নির্ব্বিবাদা ।
গচ্ছতু বনে হরি, রহস্য খেলিবারে, পরিহর মাতা বিষাদা ॥ ১৬

( প্রবেশ করত প্রণামপূর্ব্বক ) **বলদেব**—

মা ! কৃকৃষ্ণ অন্ত বিবিপিন মধ্যে সুসুরভিগণ-চারণে এই আআমার সঙ্গে চচলুক্ । আআমি মমহাবীর থাকিতে তোতোমার কোন ভভয় নাই । এই দেদেখনা কেকেন—ববলদেবের হাতে মুষল আছে !! ৪৫ ॥ আরো দেখো—আআমার এই ব্যাকুল ( চঞ্চল ) হলের প্রান্তভাগের আকর্ষণ-ভয়ে চন্দ্রমা, সুসূর্য্য, তারাগণ, যম, বিষ্ণু ইন্দ্র ) অগ্নি প্রভৃতির সহিত দিক্‌বিদিকে ঘুরিতেছে !! পিপিপীলিকাতুল্য দৈত্যবর্গগণ কোথায় গিয়াছে, তাহাদের সন্ধানও নাই !! ১৬

**শ্রীযশোদা** ( তাঁহাকে আশীর্ব্বাদপূর্ব্বক )—

চিরজীবি সুখী হও হলধর !
খলগণরূপ নীরস ইন্ধনে অগ্নি-সম পরাক্রম ধীর ।
যদুকুল-দুগ্ধ-সিন্ধুমধি চন্দর ! গোকুল-কুমুদ-সুখদায়ী ।
অনুগত জনগণে কলপবিরিখ হে, জীবন ! বাঞ্ছিত-দায়ী ॥
বল বলিবর হে, অভিলাষ তোহোর, মম গোচরে নিষ্কপট ।
জানহ কিন্তু বাপ, হরি-বনগমনে, হবে মোর জীবন সঙ্কট ॥

গোকুল-বালক-গণ-সংপ্রার্থিত পূরাও হে বলদেব।
দ্বারকানাথ-কবিকৃত বর্ণনে জগদানন্দ দেব ॥ ১৭

( শ্রীযশোদাকে ) **বলদেব**—আরে মাইয়া! বৃন্দাবন সুখৈকনিধান, গো-চারণোপযোগী, বিচিত্র রঙ্গোদ্দীপক-বিহঙ্গম-ব্যাপ্ত, মন্দারাদি বৃক্ষ-শ্রেণীতে সুমণ্ডিত, কালিন্দীর শীতল জলে পদ্মরাশি প্রস্ফুটিত হইতেছে—তাহার পুষ্প-পরিমলের সঙ্গ করতঃ মৃদু মন্দ সমীরণ চতুর্দিকে প্রবাহিত হয় ॥ ৪৭ ॥ শ্রেণীবদ্ধ কদম্ব, আম্র ও বটাদি বৃক্ষ হইতে বিস্তারিত চঞ্চল ও নিবিড় সুন্দর লতারাশি সূর্য-কিরণসমূহকে ধ্বংস করিয়া দিতেছে। সেখানে মাধ্বীক ( মধু ) আম্র, পিয়াল, তিন্দুক ( গাব ) ফলসমূহ সর্বত্র প্রচুর পাওয়া যায়—ওস্থানে গেলে আর আমাদের যে গৃহে আসিতে মন হয় না, তাহা শপথ করিয়া বলিতে পারি। ৪৮

( কিঞ্চিৎ ধৈর্য্যপূর্বক ) **যশোদা**—বাপ বলভদ্র! বীর! তোমার যাহা অভিপ্রেত, তাহাই হইবে, কিন্তু শ্রীব্রজরাজের সম্মতি ব্যতীত অদ্য তাহা কিরূপে হয়? এই বিপিনে কি হইবে জানি না, পুত্র গোপালও ( প্রাথমিক ) যাইতে সমুৎসুক, অতএব কিছুক্ষণ ব্রজপতির জন্য প্রতীক্ষা কর ॥ ৪৯

# দ্বিতীয়াঙ্ক

[ শ্রীনন্দমহারাজের প্রবেশ-সূচনা, নেপথ্যে ]

কর্ণে আন্দোলিত রত্নকুণ্ডলের ছটায় যাঁহার গণ্ডস্থল আলোকিত হইতেছে, যিনি তুন্দিল ( স্থূলোদর ), যাঁহার ললাটে অর্দ্ধচন্দ্রের ন্যায় তিলক শোভিত, মস্তকে নীল উষ্ণীষ, যিনি শঙ্খের ন্যায় শ্বেতবর্ণ, পদ্মরাগ সমূহের ন্যায় যাঁহার মালা, চরণে কাষ্ঠপাদুকা, পরিধানে শ্যামল পট্টবস্ত্র ( রেশমী ), অঙ্গুরীয়কের মণিকিরণে দীপ্ত প্রতোদ ( অশ্বতাড়নাদি দণ্ড ) যাঁহার হস্তে শোভা পাইতেছে, যিনি চতুর্দিকে সমাগত স্থূলোদর, সমালঙ্কারধারী, সমচরিত্র গোপবৃদ্ধগণের সহিত পরস্পর বিবিধ আলোচনায় প্রবৃত্ত হইয়াছেন, কার্য্যবশতঃ যিনি কোনও ভৃত্যের প্রতি কোপ করিতেছেন, কাহারও শ্লাঘা করিতেছেন—সেই শ্রীনন্দরাজ গোষ্ঠ হইতে পুত্র-মুখকমল-দর্শনানন্দে মগ্ন হইয়া এদিকে আসিতেছেন ॥ ১-২ ॥

[ তাঁহাকে সকলে সসম্ভ্রমে প্রণাম করিলেন। শ্রীনন্দরাজ সকলকে আশিস্ প্রদান করত শ্রীরামকৃষ্ণকে সম্যক্ আশীর্বাদ দিলেন ]

হও চিরজীবী বৎস রামকৃষ্ণ ! হও চিরসুখী ॥ধ্রু॥
মৎস্য নৃসিংহ, বরাহ বামন, রাম-বিগ্রহধারী।
রক্ষা করুন, কৃষ্ণচন্দ্র নিখিলশুভকারী ॥
চতুরদশ-লোকবিনির্মাতা হউ উভে পরসন্ন।
মঙ্গল-সন্ততি বিতরউ সো দেব, হও সদা নিরবিঘ্ন।
আশিস লভিয়া দুই ভাই নমে শ্রীনন্দচরণারবিন্দ।
দ্বারকানাথ-কবিকৃত বর্ণনে বাঞ্ছিতদানে আনন্দ॥ ১

[ শ্রীকৃষ্ণ-নামে শ্রীনন্দরাজকে আশীর্বাদ করিতে শুনিয়া চঞ্চল-স্বভাব বালকগণ হাস্যমুখে পরস্পরকে অবলোকন করিতেছেন ]

**বিদূষক**—( প্রকাশ্যে ) অরে মূর্খ গোপালগণ! শ্রীনন্দরাজের মুখে আশীর্বাদ শুনিয়া হাসিতেছিস্ কেন? বৃহস্পতি-প্রতিদ্বন্দ্বী মদীয় পিতা সান্দীপনি আমাকে বলিয়াছেন যে ঈশ্বর-কোটি ব্যক্তিগণের গুরু নাই, ঈশ্বরতর আর কেহ হইতে পারে না, যেহেতু তাঁহারাই স্বয়ং সর্বশ্রেষ্ঠ—সুতরাং পুত্র-নামেই পুত্রকে নন্দ মহারাজ আশীর্বাদ করিলে আর ইহাতে বিস্ময় কি রে? ৪

[ শুনিয়া সকলের উচ্চহাস্য ]

**নন্দ**—( হাস্যসহকারে ) এই বালকটি কে?

**যশোদা**—তুমি কি জান না? এ যে সান্দীপনির পুত্র সুন্দর মধুমঙ্গল।

**নন্দ**—( বালকগণকে ) ওরে শিশুমতি বালকগণ! তোমরা ত জান না—প্রাচীন যুগে অজামিল নামে এক ব্রাহ্মণ-বালক ছিল। সে কুলটা-সঙ্গে পাপিষ্ঠ হইয়াছিল। শেষকালে যমদূতের ভয়ে নারায়ণ-নামক পুত্রকে ডাকিয়াও নিখিল পাপ হইতে মুক্ত হইয়া সে বৈকুণ্ঠধামে গমন করিয়াছিল। কাজেই ভগবৎসমান নামে পুত্রাদির নামকরণ করাই বিজ্ঞগণের প্রথা হইয়াছে। শ্রীভাগবতেও [ ৬।২।৪৯ ] বর্ণিত আছে—"ম্রিয়মাণ হইয়া পুত্রের আহ্বান-উপলক্ষেও যে হরিনাম গ্রহণ করিয়া অজামিলের ন্যায় পাপিষ্ঠমতিও ভগবদ্ধাম প্রাপ্ত হইল—সেই হরিনাম শ্রদ্ধাসহকারে কীর্ত্তন করিলে যে ভগবদ্ধামে গমন হইবেই—ইহাতে আর সন্দেহ কি? [ ৬।২।১৪ ] সঙ্কেতে, পরিহাসে, কথা গীতালাপপূরণাদিতে অথবা অবহেলাতেও যদি বৈকুণ্ঠবস্তু ভগবানের নাম উচ্চারিত হয়, তবে জীবের নিখিল পাপ বিনষ্ট হয়—ইহাই মহাজনগণের কথা।" ৪-৬

( তৎপরে সকলেরই কুশল জিজ্ঞাসা করিলেন )

ওহে শ্রীদাম, দাম, বসুদাম, কিঙ্কিণী, স্তোককৃষ্ণ, উজ্জ্বল, মহাবল, অংশুমান্! ওহে বাপ রামকৃষ্ণ! তোমাদের কুশল ত? তোমাদের মঙ্গলেই আমার সুখ ॥ ৭

**বালকগণ**—আপনার অনুগ্রহে আমাদের কুশল। [ আসনে উপবিষ্ট হইয়া শ্রীকৃষ্ণের গোচারণসম্বন্ধে অনুমতি প্রার্থনা করিতে পরস্পরের প্রতি মৃদুহাস্যে অবলোকন করিতেছেন। ]

**শ্রীযশোদা** (শ্রীনন্দকে)—প্রাঙ্গণে সমবেত গোপবালকগণ শ্রীহরির বনগমনাকাঙ্ক্ষা করিতেছে—অনেক বারণ করিলেও তোমার নন্দন এ বিষয়ে সমুৎসুক হইয়াছে—চপল শিশুকথায় আমিত ভ্রান্তচিত্তে নীরব হইয়াই আছি। তুমি আসিয়াছ, ভালই হইল। এক্ষণে গোবিন্দের বনগমন-বিষয়ে যাহা কর্ত্তব্য, সম্পাদন কর ॥ ৮

**নন্দ** ( আনন্দের সহিত )—হে সতি! চরম বয়সে আমার ভাগ্যে এই সর্বসম্পত্তিপূর্ণ গৃহে গোবিন্দের অনুগ্রহে এই পুত্ররূপে গোকুলচন্দ্র সকল বিভবের সার্থক করিতে উদয় হইয়াছে। হে সৌভাগ্যবতি! সেই যদি জনকের ভার-বহনে সমর্থ হয়, তবেত আমার আনন্দেরই কথা! আমার জন্মও সার্থক হইল। ইহাতে আর তোমার দুঃখ কি? ৯

( এই কথা শুনিয়া গোপবালকগণ মহানন্দসমুদ্রে মগ্ন হইল )

শ্রীনন্দমহারাজ গোবিন্দের পৃষ্ঠদেশে হস্ত রাখিয়া মুখ অবনত করত স্বীয় বামজানুর উপরিস্থ তাহার মুখপদ্ম ধরিয়া জিজ্ঞাসা করিলেন। ১০। ( শ্রীকৃষ্ণকৃত উত্তরও শুনিতেছেন )—

প্রশ্ন—বৎস! তুমি অতি ঘোরবনে গোচারণ করিতে পারিবে ত?
উত্তর—বাবা! যদি অগ্রজ বলদেব সঙ্গে যায়, তবে আমি পারি।

প্রশ্ন—তুমিত এখনও বয়ঃপ্রাপ্ত হও নাই? উত্তর—তবে আমার

সমানবয়স্ক দামাদি বালকগণও ঐ বনে তাহাদের মাতাপিতাকর্ত্তৃক প্রেরিত হইয়া কিরূপে গোচারণ করিতেছে ? ১১

( **নন্দ** অতিহৃষ্ট হইয়া জনৈক সেবককে ডাকিয়া )

গোবিন্দ যদি গোগোপগণসহ বনগমনে উৎসুকই হইয়া থাকে, তবে সত্বর একজন সুনিপুণ জ্যোতির্বিৎকে ডাকিয়া আন। অদ্য দিন কিরূপ, ইহাতে গৃহ হইতে বনগমনের কি ফল ইত্যাদি বিষয় সেই সর্বজ্ঞ আসিয়া আমার সম্মুখে গণনা করিয়া বলুন ॥ ১২

( আদেশ পাইয়া আহূত **সর্ব্বজ্ঞ** প্রবেশ করিলেন )

( নেপথ্যে ) দেহটি খর্বাকার, পরিধানে মোটা কাপড়, মাথায়ও মোটা পাগ্ড়ি, কক্ষে পঞ্জিকার পত্র, মুখে মৃদু হাস্য, উদরটি স্থূল, বর্ণটি কৃষ্ণ, ললাটে, বক্ষে ও ভুজদ্বয়ে গঙ্গামৃত্তিকা-রচিত তিলক—এরূপ এক বৃদ্ধ কম্পিত-কলেবর, মহাবধির ও স্থূলযজ্ঞোপবীতধারী জ্যোতির্বিৎ আসিতেছেন ॥ ১৩ ॥ তিনি উচ্চকণ্ঠে বলিতেছেন—সূর্য্য তোমাদিগকে বীর্য্য, চন্দ্র কান্তি, মঙ্গল ঐশ্বর্য্য, বুধ মেধা, বৃহস্পতি নিখিলশাস্ত্রে পরা বিদ্যা, শুক্র অতুলনীয় কাব্যনির্মাণশক্তি—শনি, রাহু ও কেতু নিরন্তর তোমাদের শত্রুনাশের সাধন করুন ॥ ১৪ ॥

[ 'মহারাজের জয় হউক, জয় হউক, আমার প্রতি কি আজ্ঞা ?' এই বলিয়া উপবেশন করিলেন ]

**শ্রীনন্দ**—চক্রবর্ত্তিন্! আজ গোবিন্দ গোচারণজন্য বনে যাইতে ইচ্ছা করিতেছে, সুতরাং দিনটী কিরূপ এবং কিই বা ফল—তাহাই বল।

**জ্যোতির্বিৎ**—মহারাজ! আমি গৃহ হইতে আসিতেছি। আপনার কৃপায় সব মঙ্গল।

**নন্দ**—( হাসিয়া পুনরায় তাহাই বলিলেন। )

**জ্যোতির্বিৎ**—[ কর্ণমূল ঊর্দ্ধ করিয়া ] পুত্রের বিবাহ-দিন দেখিতে বলিতেছেন কি ?

**নন্দ**—তুমি কি তবে বধির ?

**জ্যোতির্বিৎ**—আবার বলুন ত।

**নন্দ**—( অতি উচ্চকণ্ঠে তাহাই বলিলেন। )

**জ্যোতির্বিৎ**—( মস্তক ঢুলাইয়া ) আ আ কি কি ?

**নন্দ**—( নিরস্ত হইয়া বালকগণকে বলিলেন ) - তোমরা বুঝাও।

( বালকগণ একত্রে উভয়কর্ণমূলে অত্যুচ্চস্বরে তাহাই বলিল। )

**জ্যোতির্বিৎ**—বাপগণ ! উচ্চৈঃস্বরে বল, আমি যে বধির।

( বালকগণ হাসিতে হাসিতে তাহার কর্ণমূল প্রসারণ করত নিকটে মুখ রাখিয়া অত্যুচ্চকণ্ঠে তাহাই বলিল )

**জ্যোতির্বিৎ**—ও বুঝিয়াছি -বলদেবের বিবাহদিনের কথা বলিতেছ ! জ্যেষ্ঠের বিবাহ না হইলে ত আর কনিষ্ঠের বিবাহ হইবে না।

( ইহাতে ক্রোধান্বিত বলদেব প্রণয়কালীন মেঘগর্জনের মত বিকট ধ্বনি করত হলমুষল গ্রহণ পূর্বক তাহাই বলিলেন )

**জ্যোতির্বিৎ**—হাঁ বুঝিলাম বাপ !—রাজপুত্র শ্রীকৃষ্ণের গোচারণের দিন জিজ্ঞাসা করিতেছেন ! ( নন্দকে সম্বোধন করত ) ব্রজেশ্বর ! অদ্য দিবসের শুভতাবিষয়ে আর কি বলিব ? নক্ষত্র, বার, তিথি, করণ, যোগ, লগ্ন—সবই শুভ। যাত্রাকালীন গ্রহগণও সকলেই প্রসন্ন—এইরূপ সর্বথা পুণ্যদিন মহাভাগ্যবশতঃই লোকে পাইতে পারে ॥ ১৫

অধিকন্তু—হে রাজন্ ! আয়ুঃ, সৌভাগ্য-পরম্পরা, শত্রুবংশনাশ, সুকীর্ত্তি, বাগ্মিতা, বুদ্ধিবৃদ্ধি, পশু, ধন ও সুহৃদাদির পূর্ণতা, সৌখ্যসম্পত্তি, রূপোৎকর্ষ, দেব-অসুর-নর ও সর্পাদির পরাজয়ে শক্তিমত্তা প্রভৃতি এই তিথিতে যাত্রাকারির নিশ্চয়ই লাভ হয় ॥ ১৬

( পুনরায় হাসিতে হাসিতে শ্রীকৃষ্ণকে ডাকিয়া তাঁহার কর্ণমূলে নীচস্বরে )—অদ্যকার যাত্রায় কিন্তু স্ত্রীরত্নলাভ অবশ্যম্ভাবী—যাঁহার (চরণের) একটিমাত্র অঙ্গুলির অতুল অমল শোভালেশও যখন পরম প্রসিদ্ধ ইন্দ্রাণী,

ব্রহ্মাণী, ভবানী এবং নারায়ণী প্রভৃতি সুন্দরীগণই সর্বাঙ্গ প্রসাধন করিয়াও লাভ করিতে পারেন নাই, তখন অন্য নারীগণের আর কথা কি ? ১৭

**শ্রীকৃষ্ণ**—( হাস্যবদনে আনন্দিত হৃদয়ে লজ্জিত হইয়া 'কি বলিতেছেন ?' এই কথা অস্ফুটস্বরে বলিলেন )

**নন্দ**—যশোদে ! আজ যখন প্রশস্ত দিবস এবং বিবিধ ফলও শুনা যাইতেছে, পুত্রও গোচারণোৎসুক এবং অনিবারণীয়, তবে অদ্যই গোচারণে যাউক।

**যশোদা**—গোবিন্দ ! গোকুলচন্দ্রমা ! বাপ আমার—হে ইন্দ্রনীল-মণিবর ! আমার বংশধর ! তুই যদি ঠিকই গোচারণে যাস্, তবে আমি নিজের হাতে তোকে সাজাইয়া দিব ॥ ১৯

হরিকে সাজায় যশোদা মাই।
তাত-অনুমোদনে হরির আনন্দ, বাঢ়িল পরম অধিকাই ॥
সাজে চূত-চম্পকে মণিমালা তাথে নব ময়ূর-শিখণ্ড।
পুহপ কলিকাসম মণিগুচ্ছ তহি কুণ্ডলে মণ্ডিত গণ্ড ॥
মুক্তাহার বিলসই কৌস্তুভ মণিসহ, পরিসর হৃদয় কবাটে।
কর চরণাদিতে, মণিময় ভূষণ, চন্দন তিলক ললাটে ॥
শ্যামল শরীরে, শোভই সুচন্দন, শ্রীকরে বেত্রবিলাস।
থির বিজুলিসম জঠর-বসন শোহে তহিঁ বাজে মোহন বংশ ॥
দুই স্কন্ধ পরি, রক্ত বস্ত্র শোভই, মস্তকে বিরাজই বেণী।
গোধন-গণনে, ভ্রমক নিরসনে, মণিমাল-শোভিত-পাণি ॥
ভক্ত-সমাজ কমল-বিকাশনে সুন্দর হরি-বনবেশ।
দ্বারকানাথ কবিকৃত-বর্ণনে মনমধি হোতু বিকাশ ॥

( রোহিণীকে ) **যশোদা**—ওরে সখি! গোবিন্দের গোচারণ-যাত্রায় গোপীগণকে ডাক, কোথাও নিজেই যাও, অন্যত্র দাসীগণকে পাঠাও।

**রোহিণী**—( তাহাই করিলেন )।

( নন্দকে ) **যশোদা**—হে ব্রজপতি! দূতগণের সাহায্যে শ্রীগুরু, বিপ্র ও গোপগণকে ডাকিয়া পাঠাও, তাহারা সত্বর আসিয়া আমার গোপালকে আশীর্ব্বাদ করুন। মাগধগণ শুভ কল্যাণ কাব্য পাঠ করুক, গীত-বিশারদগণ গীত এবং শুভাকাঙ্ক্ষী নটগণ নাট্য বিস্তার করুক। ১৯

নন্দ মহারাজ তাহাই করিলেন, ( নেপথ্যে ) আহ্বান-শ্রবণে গোপীগণ অতি দ্রুতবেগে নন্দালয়ে আসিতেছেন—তাঁহারা অত্যুজ্জল মণিকুণ্ডল ও হারের শোভায় মণ্ডিত; বিবিধ উপায়ন সহ গোপালের মাতৃ-সমা সেই গোপীগণের স্তনদ্বয় কম্পিত হইতেছে—মুখে তাঁহারা গোবিন্দের লীলাবিনোদ সুস্বরে গান করিতেছেন, তাঁহাদের হস্তে দূর্বাঙ্কুরাদি রহিয়াছে। ২০। আবার তাঁহাদের সঙ্গে যুবতিগণও আসিতেছেন—ইঁহাদের দেহে মণিময় ভূষণ,—দিব্য মাল্য, বসন ও অঙ্গরাগে তাঁহারা শোভিত—কেহ কেহ বা ত্বরাবশতঃ বিপর্য্যস্তবেষা হইয়াছেন এবং জঘনভারে আক্রান্ত হইয়া মৃদুমন্থর গতিতে চলিতেছেন। ২১

**যশোদা**—( সাদরে ) আসুন আসুন।

**বৃদ্ধগণ**—'হে যশোদানন্দন গোবিন্দ! চিরজীবি হও' বলিয়া মস্তকে ধান্যদূর্বা দিয়া মুখকমল চুম্বন করিতেছেন। ২২

**তরুণীগণ**—( শ্রীকৃষ্ণরূপ-দর্শনে পরস্পর )—অহো! রূপ! অহো ইঁহার অলৌকিক রূপ !! মনে হয়—ইঁহাকে কোনও বিলক্ষণ কন্দর্পই গড়িয়াছে !! ২৩

( এই বলিয়া শ্রীকৃষ্ণের মুখচন্দ্রের শোভাসুধা নেত্রচকোরে পান করিতেছেন )

**ব্রাহ্মণগণ**—কেহ বা ব্যাঘ্রচর্ম, কেহ বা মৃগচম পরিধান করিয়াছেন—তাঁহাদের হস্তে বিবিধ তীর্থের জলপাত্র, তাঁহারা বক্ষে ও মণিবন্ধে সুন্দর তুলসীমালা ধারণ করিয়াছেন—সূর্য্যসঙ্কাশ, স্বর্ণবর্ণ জটা ধারণ করত সামগান করিতে করিতে নবজলধরবর্ণ নটবর মনোজ্ঞ শ্রীলগোপালদেবের চিন্তাই করিতেছেন। ২৪। ( অতঃপর তাঁহারা অন্তশ্চিন্তিত নবজলধররুচি নবকিশোর গোপালদেবকে সাক্ষাৎ যশোদা-স্তনন্ধয়রূপে দেখিয়া মহানন্দরাশি প্রাপ্ত হইয়া মনে মনে নমস্কার করত—) নন্দনের সহিত শ্রীনন্দমহারাজের নিত্য জয় হউক, জয় হউক! সুতের সহিত যশোদার নিত্য জয় হউক। প্রিয়তমের সহিত গোকুলের নিত্য জয় হউক এবং এই প্রিয়গণ সহ শ্রীকৃষ্ণের নিত্য জয় হউক ॥ ২৫

( নন্দ যশোদা সহসা গাত্রোত্থান করত তাঁহাদিগকে প্রণাম করিলেন এবং তাঁহাদের মহাপাবন, মহাকল্যাণকর চরণরজঃ শ্রীকৃষ্ণের মস্তকে দিয়া শ্রীকৃষ্ণকেও প্রণাম করাইলেন। ) তার পরে বৃদ্ধ গোপগণ, কুটুম্বী যুবকগণ ব্রজেশ্বরকে নমস্কার করত বলিলেন—'কৃষ্ণ চিরজীবী হও।' ২৬

তৎপরে ব্রজেন্দ্র-সম্মত সজ্জিত নটগণ বিবিধ উত্তমোত্তম নাট্য ( নৃত্য, গীত, বাদ্য ) করিতেছেন—স্থলে স্থলে সেই নাট্যজ্ঞগণ শ্রীকৃষ্ণ ও শ্রীবলদেব-বিষয়েই মধুরতর কলনিনাদে সুন্দর গীত গাহিতেছেন। ২৭

অনন্তর বাদ্যযন্ত্র-বিশারদগণ বিবিধ বিধানে সুসজ্জিত হইয়া মৃদঙ্গাদি আনদ্ধ, বীণাদি তত, কাংস্যতালাদি ঘন এবং বংশী প্রভৃতির বাদ্য করত সকল লোকের মহা আনন্দ দান করিলেন। ২৭-২৮

**যশোদা**—( বালকদিগকে ) বৎসগণ! বেলা হইয়াছে, এখানেই তোমরা আহার কর।

**বালকগণ**—আচ্ছা মা!

করই ভোজন যশোদানন্দন।

বলদেব-জননী পরিবেশই অতিরুচিকর ভোজন পান।

আগুয়ান মত্ত হলধর তথি অনুগত বালকবৃন্দ।
পরস্পর বিবিধ কথা-রসে মাতি কৌতুক-হাস-সুবন্ধ ॥
শিখরিণী সহ শর্করা ম্রক্ষিত ননী দুগ্ধ দধি-সার।
সুঘৃতে পাচিত বিবিধ দ্রব্য তহিঁ উত্তম খণ্ড-বিকার ॥
গোচারণ-বেশে উজ্জ্বলিত কেশব ভোজন-গীত-শ্রবণে ॥
দ্বারকানাথ সাধুকৃত বর্ণনে সুখরাশি করু দানে ॥ ৩

( শ্রীনন্দকে ) **জ্যোতির্বিৎ**—মহারাজ! যাত্রালগ্ন উপস্থিত হইল।

[ **বালকগণ** শ্রীকৃষ্ণকে ত্বরান্বিত করিতেছেন ]—

বিলম্ব কেন হে ভাইয়া কানাই।
গোপগণ কেহ না নড়িছে দেখরে বেলা হ'ল অধিকাই ॥ ধ্রু ॥
গোকুলের-গোকুল চলল হে বনপথে এবে চলহ মুকুন্দ।
দেরী যদি কর তবে দুখ হব ভাইরে নন্দ-গৃহানন্দ ॥
জনক জননীক অনুমতি ভৈগেল চল চল গোকুল-চন্দ।
যাত্রা-সুলগন হৈল ভাই এখন, না করহ গমন-বিলম্ব ॥
আকুতি পূরাহ অনুগত করহ, শুনহ নিবেদন বীর।
দ্বারকানাথ কবিকৃত-বর্ণনে গোধন-চারণে সুধীর ॥

( তৎপরে বলদেবের শৃঙ্গধ্বনি )

সূর্য্যাশ্বগণকে ব্যথিত করিয়া—পৃথিবীকে কাঁপাইয়া—দিগ্‌গজগণকে ক্ষুব্ধ করিয়া—অনন্তকে টলাইয়া—ইন্দ্রের বিত্রাস জন্মাইয়া—ব্রহ্মাকে ধ্যানচ্যুত করত—বলিকেও বিকল করিয়া ব্রহ্মাণ্ডভাণ্ডমধ্যে সকল ব্যক্তিকেই বিকম্পিত করিয়া—শ্রীবলদেব শৃঙ্গধ্বনি করিলেন। ২৯

( তৎপরে গোপালগণ স্বস্ববাদ্য বাজাইতেছেন )

গোপশিশুগণ কেহ শৃঙ্গ, কেহ বা সুন্দর মৃদঙ্গ, কেহ মুচঙ্গ, কেহ বা

বংশী, কেহ মুরলিকা, কেহ বা মন্দিরা, কেহ বীণা, কেহ বা শ্রীরঙ্গ, কেহ বা ললিত তুম্বুরু, বেণু প্রভৃতি রম্য বাদ্যযন্ত্রসমূহ বাদন করিতে লাগিলেন। ৩০

**যশোদা**—বৎসগণ! তোমরা যদি সত্যই বিপিনে যাও, তবে শুন—এই নিখিল গোপীগণ তোমাদের নৃত্য দেখিতে সমুৎসুক হইয়াছে। গৃহস্থ ইঁহারা—আমারই এই প্রাঙ্গণে তোমাদের নৃত্য দেখুক্। এই বেশেই তোমরা একবার নাচ দেখি। ৩১

নাচত বালক-কদম্ব।

সুপ্রাঙ্গণমধি কৃষ্ণরামে ঘেরি, উছলই সুখ-নিকুরম্ব।
চঞ্চল হোওত হার মণি কুণ্ডল মৌরকি পিঞ্ছ-কলাপ।
সুচারু রণরণি নূপুর কিণিকিণি পঞ্চম রাগে আলাপ॥
পিঠমধি দোলই সুন্দর বেণি তহিঁ অলকা-শোভী ললাটে।
অনুপম রূপ কলাবলি-রচিত নিখিল মনোহর নাটে॥
চহুঁ দিশি বেষ্টিত ললনাকুল তছু গাওত মঙ্গল গানা।
প্রতিপদে উচারই শুভ উলুলুধ্বনি পূরিত ঘোষ-বিতানা॥
বাদ্যবিশারদ গোপগণ তহিঁ করই বেণু-নিশানা।
স্তবধ পবন ভৈগেল খগগণ শুনই অপরূপ সুন্দর তানা॥
ও নভোমণ্ডল সুশোভন ভেল যৈছে বিকচ সুরতরুবর।
ধাবই দেবগণ ব্রহ্মাদি পুরন্দর সহ নিজ নিজ পরিকর॥
গগনে থকিত হের দিবাকর বিমুগ্ধ চরাচর জীব।
ব্রজজন-রঞ্জন নয়ন-রসায়ন, তনু মন নিছুয়ারি দেব॥
দ্বারকানাথ-কবিকৃত বর্ণনে গোকুল-বাল-রহস্য।
যশোদা-অঙ্গনে সুখসাগর উছলিত নিখিলজন-যশস্য॥ ৫

॥ দ্বিতীয়াঙ্ক শেষ ॥

# তৃতীয় অঙ্ক

[ গদ্‌গদস্বরে ] **যশোদা—**

সদা পালিহ কানুকে বাপ বলরাম !

বলিকুল-সিংহ হে, গোচারণে যব যাব, মম নয়ন-অভিরাম ॥ধ্রু॥

অনুগত শিশুগণে, যদপি চঞ্চলতর, গোধন-চারণ-কাম।

বিপিনক সুখ দুখ, ইহ নাহি জানত, অতিশয় কোমল ঠাম ॥

রবিকর তিখিন হোত যব কালে, বারব দূরগমন।

আবরণ করি তারে, রাখহ বিরখতলে, শীতল সুন্দর স্থান ॥

ক্ষুধায় কাতর দেখি, সুবোধ বৎস হে, ভুঞ্জাহ শুভ নবনীত।

পরস্পর যাহে, বিবাদ রঙ্গ না হোয়, রাখিহ করি বিনীত ॥

অভাগিনী হাম, একহি সুত যছু, দরশনে জীবন মোর।

তব করে সোঁপনু, ক্লান্ত হোয়ব যব, শীঘ্র আনহ ইহ ঠোর ॥

সঙ্গহি গমনে, মোর মন ধাবই, সঙ্গে লহ মোরে রাম।

দ্বারকানাথ-কবিকৃত সঙ্গীতে কৃপায় কর অবধান ॥ ১

[ অনন্তর শ্রীনন্দ, যশোদা ও রোহিণীকে, কুলবৃদ্ধগণকে, গুরু ও ব্রাহ্মণদিগকে শ্রীকৃষ্ণ প্রণাম করত যাত্রা করিতেছেন—শ্রীনন্দ যশোদা আশীর্ব্বাদ করিতেছেন—]

হউ কৃষ্ণ রক্ষক তব হে রাম ! মুকুন্দ !

চহুঁ দিশি বেষ্টিত ইহ সুহৃদ মণ্ডলী সেবক-আনন্দ-কন্দ ॥ ধ্রু ॥

গৃহে নিত্য নারায়ণ রক্ষা করুন তোহে বনপথে শ্রীরাম রাঘব।

বনমধি নরহরি অবিরত দেখুন জলে শ্রীমৎস্য দেব ॥

ভোজন পান সময়মধি রক্ষতু শ্রীজনার্দন নাম।

শয়নে বিরোধে রক্ষা করুন পদ্মনাভ অনন্ত রাম ॥

যমভয়ে ভীতক অগতি হোঅব যব রক্ষক হলায়ুধ কৃষ্ণ।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে কৃতবহুবিনয়-তুষ্ট ॥ ২

[ শ্রীগোবিন্দ গমনেচ্ছায় উঠিলে সূতগণ মঙ্গল পাঠ করিতেছেন ]

সাবিত্রী, জাহ্নবী, ইন্দ্রাণী, শঙ্করী, তারা [ চন্দ্রভার্য্যা ], মেনা, রম্ভা, যশোদা, তারা [ বৃহস্পতি-পত্নী ], অরুন্ধতী, সত্যভামা, ছায়া, সংজ্ঞা, পৃথিবী, সীতা, লক্ষ্মী এবং অন্যান্য সাধ্বীগণ সর্বত্র শ্রীব্রজেন্দ্রনন্দনের কুশল করুন। ২

[ বিপ্রগণদ্বারা স্বস্ত্যয়ন পাঠ করাইয়া ব্রজেশ্বরী কৃষ্ণ-মঙ্গলার্থে বহুধন দান করিতেছেন॥ ৩ ]

ঘর সঞে চলই কানু বলরাম।
দক্ষিণ বামে শোভই সমীপ সখা দাম সুদাম ॥
দিগ্ বিদিকে জনতা উচারে জয় জয় জয় বাণী।
উলু উলু উলু চৌদিকে গায়ই যত যুবতিমণি ॥
মৃদঙ্গ মুরজ বাজই স্বরমণ্ডল বংশী তুম্বুরু বীণা।
তূরী ভেরী দুন্দুভি মঞ্জীর মুচঙ্গ বাজই বেণু বিতানা ॥
অগণিত পুরোগ গো-গণ-হম্বারবে পরিপূরিত-লোকা ॥
হৈ হৈ হিয় হিয় হো হো ধ্বনি করি চলই সব বালকা ॥
নন্দন-পুহপ-বরষ ছল করি দেবগণ, নিজ নিজ মানস প্রদানে।
দ্বারকানাথ কবি-মার্জনিকা-কৃত উজ্জ্বল মারগ-বিতানে ॥ ৩

তূণবান, প্রখর পরশু, প্রাস ( কুন্ত ), নারাচ ( লৌহময় বাণ ) প্রভৃতি শস্ত্রধারিগণের সমীপদেশে ধানুষ্কীগণ হস্তে খড়গ ও ঢাল ধারণ পূর্বক ভিন্দিপালাস্ত্রে মণ্ডিত হইলেন। দুর্বার মুদ্গর-কুঠারপ্রভৃতিধারী বলদেব-সৈন্যগণ কবচ-মণ্ডিত হইয়া চতুর্দিকে চলিলেন। মনোজ্ঞমূর্ত্তি লক্ষ লক্ষ

গোপাল বৈরিতাশঙ্কায় দিক্‌বিদিকে চলিলেন। ৪। তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ রক্তকাদি পরিকরগণ কেহ কেহ স্বর্ণখচিত তাম্বূলপাত্র, কেহ বা জলপাত্র, কেহ কেহ সুন্দর বসনাদি, কেহ কেহ বা বিবিধ পরিমল, অঙ্গরাগ ও আসনাদি লইয়া চলিয়াছেন। আবার কেহ শস্ত্র ও ছত্রাদি ধরিয়াছেন। কেহ বা বিচিত্র বিহারোপযোগী দ্রব্যাদি, কেহ বা ভোজ্য-বস্তুপূর্ণ শিকা লইয়া চলিয়াছেন। ৫

প্রতিদ্বারে রম্ভাস্তম্ভ, দধি, প্রদীপ, কুসুমবহুল আম্রকিসলয়যুক্ত ও জলপূর্ণ কুম্ভশ্রেণী এবং সুন্দর শাখা ও মাল্যাদি দর্শন করিতে করিতে শ্রীকৃষ্ণ সুমার্জিত পথে প্রিয়গণ বেষ্টিত হইয়া চলিয়াছেন—মহাপ্রাসাদে অবস্থিত দিব্যাঙ্গনাগণ দূর হইতেই উত্তমোত্তম পুষ্পরাশি বর্ষা করিয়া শ্রীকৃষ্ণকে শোভিত করিতেছেন। ৬

গোপালবালকগণে মণ্ডিত ব্রজমণ্ডলনাথ শ্রীকৃষ্ণকে নিজেদের পালকরূপে দর্শন করিয়া গোধনাদি পশুগণ আনন্দ-সমুদ্রে মগ্ন হইল। অহো! তাহারা পৃষ্ঠে পুচ্ছ ও ঊর্দ্ধে মস্তক উত্তোলন পূর্বক খেলায় মত্ত হইয়া বহু বহু গৃহ উল্লঙ্ঘন করত শ্রীকৃষ্ণমুখে নয়ন রাখিয়া সর্বত্র ধাবিত হইতেছিল। ৭

শ্রীকৃষ্ণ কিছুদূর গত হইলে **শ্রীদাম** তাঁহার হস্তকমল ধরিয়া প্রেমভরে প্রিয়বাক্যে বলিতেছেন—

সতত নিরখব এ তব রূপ-মাধুরী।
শয়নে সপনে, চহুঁ দিশি ভুবনে, ভুবনমোহনকারী॥
নবজলধর-কাঁতি, হে পীতবসন, অতিরঞ্জন-বপুধর।
তব মুখচন্দ বচন-সুধাপানে হোওব মুগধতর।
গোকুল-নন্দন, বোলই সবজনে, তেঞি শুন কুলপদ্ম!
জননী আদি করি, কোই নাহি নিবারয়ে, যব বিহরসি গৃহমধ্য।

যদি কথা রাখ মম, এক বাত শুনহ, হে মম সুন্দর মিত্র।
তুয়া দরশন লাগি ঝুরই জননী মম, চল তবে বরষাণে তত্র॥
মম গৃহমধি, বিরাজ বের এক, হোওব কেলি অপার।
শ্রীদাম-সুদাম অনুগত কবি-কৃত শুনহ ইহ পরিহার॥ ৪

**শ্রীকৃষ্ণ**—অয়ে মিত্র! তোমরা যেমন আমাকে প্রীতি কর, জানিবে যে আমিও তোমাদিগকে সত্য তদ্রূপ সুদৃঢ় প্রেমই করিয়া থাকি। দেখনা কেন—মদেকজীবাতু মাতার বিনয়-বাক্যও অবহেলা করিয়া এখনই তোমার কথায় গহন বনেই যাইতেছি। ৯॥ আর এক কথা—হে প্রিয়! আমি নৌকারূপ, আর তোমরা সকলে অত্যুত্তম নাবিক, যেখানে তোমরা ইচ্ছা কর, এই নৌকা (আমাকে) লইয়া যাইতে পার। তোমাদের অধীন আমাকে এরূপ বিনয়-বাক্য বলা উচিত নহে। তোমাদের সঙ্গে তোমার নিজ গৃহে যাইব—চল দেখি। ১০

( শ্রীবলদেব ও শ্রীদামার সকৌতুক উক্তি-প্রত্যুক্তি )

প্রশ্ন—ওহে শ্রীদাম! নির্জনে কি পরামর্শ করিতেছ? উত্তর—আমাদের গৃহে তোমাদের গমনবিষয়ে। প্রশ্ন—কেন? উত্তর—মাতার অনুরোধে। প্রশ্ন—আমাকে ত মধু দিবে? উত্তর—হে বীর বলভদ্রদেব! তোমাদের কৃপায় আমার গৃহে কিসের অভাব? শ্রীবলদেব—সত্যই কি সখে! তবে চল শীঘ্র চল, আমি অগ্রসর হইতেছি। ১১

যখন রামকৃষ্ণের স্থিরতা দেখিয়া পশুসমূহও মৃদুমন্দভাবে চলিতে লাগিল, তদনুবর্ত্তী শস্ত্রধারী আড়ম্বরযুক্ত ও শিক্যাদিধারী সমস্ত দাসগণও স্থির হইলেন—তাহাদের গতিস্তব্ধতায় চতুর্দিকের ব্রজবাসীসমূহ পথটিকে আচ্ছন্ন করিয়া তুলিলেন। রাজপথটি দেখিলে মনে হয়—বর্ষাকালীন ঘন মেঘঘটার বর্ষণজন্য জলপ্লাবনে বনসমূহের ও নদী-সকলের সম্পর্ক-জন্য বাধা বিলুপ্ত হইয়া যেন একটা মহানদীর সৃষ্টি

হইয়াছে। মোট কথা—বনপথ এখন লোকারণ্য হইয়াছে। শ্রীরামকৃষ্ণ সেই পথ ত্যাগ করিয়া অতিকৌতুকে অতিপ্রিয় সখাগণের আনুগত্যে বৃষভানুনগরীতে প্রবেশ করিতেছেন। সেই নগরী বিবিধ বিকসিত পুষ্পোদ্যান উপবন প্রভৃতিতে সুশোভিতা, উহার সরোবরগুলি ক্রীড়া-পরায়ণ খঞ্জন-সমূহের এবং হংস-কারণ্ডবাদি জলচর পক্ষিগণের সমুচ্চারিত সুস্বরের সহিত মধুকরগণের ঝঙ্কারে মুখরিত ও শ্বেত-পীত-রক্ত-নীলাদি বিবিধবর্ণযুক্ত কমলবনে সুমণ্ডিত হইয়াছে। উহা বিবিধ বিচিত্র-ধ্বজা বিরাজিত স্ফটিকাদি বিবিধ মণিদ্বারা নির্মিত অট্টালিকা সমূহে সুশোভিত হইয়াছে।

(সুদামকে) **শ্রীদাম**—ভাইরে! শীঘ্র গৃহে যাইয়া জননীদের নিকট এই সংবাদ জ্ঞাপন কর যে সুহৃদ্গণ সহ শ্রীরামকৃষ্ণ শীঘ্রই আমাদের গৃহে আসিতেছেন। তাঁহারা বৃন্দাবন-বিহার জন্য আনন্দিত চিত্তে বাহির হইয়াছেন। জননীদের প্রাতঃকালীন বহু অনুরোধে আমি শ্রীকৃষ্ণরামকে সঙ্গে নিয়া আসিতেছি। ১২

[ নেপথ্যে—আনন্দোৎফুল্লমুখ সুদামকে আসিতে দেখিয়া **কীর্ত্তিদা** ]

বৎস সুদাম! দেখিতেছি তোমার মুখ অতি উৎফুল্ল, শ্রীদামকে ছাড়িয়া তাড়াতাড়ি করিয়া আসিতেছ—নন্দালয় হইতে এত শীঘ্র ফিরিতেছ কেন? আচ্ছা বল দেখি—নন্দগ্রামের সমীপে অনেকক্ষণ পর্য্যন্ত বাদ্যাদি ধ্বনির সহিত জয় জয় কলরব শুনা যাইতেছে কেন? ১৩

**সুদাম**—মা! আজ তোমার নিকট আনন্দ-কথা বলিব। আমাদের সখা গোপাল মা যশোদার আজ্ঞায় বলদেবের সহিত বনে গোচারণ করিতে যাইতেছে, আমরাই বহু জেদ করিয়া মা যশোদার অনুমতি লইয়াছি। এক্ষণে সহচরগণের সহিত কৌতুকে সে আমাদের ঘরেও আসিবে। সুতরাং তোমার পুরীতে শীঘ্র মঙ্গলাচরণ কর। ১৪

অনন্তর সুদামের মুখকমল-বিগলিত মুকুন্দের আগমন-সম্বাদরূপ

মধুধারার আস্বাদে মত্ত হইয়া কীর্ত্তিদা স্বসমানস্বভাবা সুদামজননী সুশীলার সহিত রাজপুরীর দ্বারে দ্বারে—( কক্ষে ) আম্রশাখাদি-পূরিত-জলপূর্ণ-স্বর্ণকলসশ্রেণীধারিণী বহু বিলাসিনীকে এবং রসময় আম্রপল্লবাদি-রচিত মাল্যসমূহের সহিত নারিকেল, কদলীসমূহ, দধি ঘৃত কুসুমাদি মঙ্গল সামগ্রী স্থাপন করিলেন। সুশীলার বামহস্ত প্রদীপাদি মঙ্গল রচনাযুক্ত সুবর্ণপাত্রে উজ্জ্বল হইল। স্বয়ং কীর্ত্তিদা স্বহস্তে জলপূর্ণ ভৃঙ্গার ধারণ করিলেন এবং নিজগৃহের দ্বারে নব কামিনীগণকে রাখিয়া শ্রীকৃষ্ণের আগমন-পথ নিরীক্ষণ করিতেছেন। ( নেপথ্যে ) এদিকে অন্তঃপুরমধ্যে বিচিত্র মণিসমূহযুক্ত মহামারকত-মণিরচিত মহাপ্রাসাদমধ্যে শ্রীবৃষ-ভানুরাজনন্দিনী শ্রীরাধিকা প্রিয়সখীগণের মুখচন্দ্রগলিত কৃষ্ণচন্দ্রের চরিতামৃত নিরতিশয় পান করিতে করিতে যেন উন্মত্তচকোরী হইয়া উঠিলেন—তিনি তূলিকাদ্বারা চিত্রপটে কাশ্মীরাদি বিবিধ রঙ্গে অনুরাগ ভরে শ্রীকৃষ্ণেরই রূপাঙ্কণ করিতেছিলেন - তাঁহার দেহটি যেন স্থিরতর বিদ্যুদ্দামের ন্যায় সুন্দর পীতবর্ণ, পরিধানে নবজলধরমালার ন্যায় শ্যামল শাটিকা, অঙ্গপ্রত্যঙ্গে বিবিধ মহামণিরঞ্জিত বিচিত্র আভরণরাশি, তাঁহাকে তখন জনৈক প্রিয়সখী শ্রীকৃষ্ণচন্দ্রের সম্বাদ বলিতেছেন —

রাধে! গোকুলচন্দ্র শ্রীহরি আমাদের পুরীকে অলঙ্কৃত করিতে এক্ষণই আসিতেছেন। অহো আমাদের অদ্য মহাসৌভাগ্য। হে ধন্যে! তুমি ত তাঁহাতেই চিত্ত ন্যস্ত করিয়াছ। হে প্রিয়ে! তাঁহাকে দেখিতে শীঘ্র চল, শীঘ্র চল। বৃথা বিলম্ব করিও না—জগন্মোহন শ্যামসুন্দরকে দেখিয়া তৃষিত নয়নের সাফল্য আনয়ন কর। ১৫

[ তাহার শ্রবণে 'প্রিয়ে! অমৃতধারাশতসিক্ত কি প্রস্তাবই করিতেছিস্ !!' এই বলিয়া উচ্ছলিতরাগসমুদ্রা **শ্রীরাধিকা**— ]

সখিরে! শ্রীপ্রিয়তমের কথা শুনিয়া গৃহে থাকিতেও পারিতেছি না, কথামাত্রেই আমার ইন্দ্রিয়গুলি ব্যাকুলিত হইয়া পড়িল! বন্ধুবর্গ সহিত

হরিদর্শন করিলে যে কি হয়, তাহাত জানি না। এক্ষণে বল দেখি কি উপায়ে দর্শন হয়। ১৬

[ তৎপরে সখীগণের পরামর্শে গবাক্ষদ্বার উন্মোচিত করিয়া যে পথে শ্রীহরি আসিতেছেন, সেই দিকে দর্শনকারিণী শ্রীরাধিকাকে তাঁহারা সখাগণবেষ্টিত হরির পুর-প্রবেশ দেখাইতেছেন— ]

রাধে হের দেখ হরি নটবেশী।
শ্রীদাম করে দিয়া বাম কর, ঐ সতীকুলধরম-গরাসী ॥
চম্পকমালাযুত মণিমালা-রচিত তাহাক চিকুর-শিখণ্ড।
কোরকসম মণিগুচ্ছহি বলিত কুণ্ডলে মণ্ডিত গণ্ড ॥
মুকুতাহার খচিত রতনবরে সুন্দর হৃদয়-কবাট।
মণি-ভূষণে জনু, ভূষিত চন্দকলা, তিলকে অতুল ললাট ॥
স্থির বিজুলি সম জঠরপটে গুম্ফিত মোহন বংশ।
শ্যামশরীরে শোভিত চন্দন করগহি বেত্রবিশেষ ॥
আগুয়ান রাম, হিমালয় জনু শোহে, প্রিয়সখা বেষ্টন চহুঁওর।
পুরন্দর চাপ-বেষ্টিত চন্দ্রমা—বিদ্যুতে যৈছে জলধর ॥
ইহ চরিতাবলি জগমনরঞ্জন কেশব-রূপরহস্য।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে হোওত পরম প্রশস্য ॥

( সখীগণের প্রকাশ্যভাবে ) শ্রীরাধা—

ঐ বিনোদিয়া শোভানিধান।
নিরুপম গউলচন্দা হরই মন প্রাণ ॥ ধ্রু ॥

সজল জলদ-কাঁতি রুচির কলেবর, বিজুলি বসন পরিধান।
বকততি মুকুতা হার বিলসন, কৌস্তুভ ভানুক সমান ॥

পঙ্কজ নয়ন বিধুজিনি বদন করপদ অরুণ-বিশেষা।
নখর সুধাকর রাজি বিরাজই কিরণে বিকাশিত দেশা॥
যুবতিজনগণ বেধন-কারণ কটাখ-বাণগণ-ধারী।
রতিপতি-মোহন রূপবিলসন জনমনবন্ধনকারী॥
সজ্জন হৃদয় কমলমধি ফুরউ গোপালরূপ উদার।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে বচন বহু পরকার॥ ৬

[সমাগত শ্রীরামকৃষ্ণকে **সুশীলা** ও **কীর্ত্তিদা**—'বৎস! বলদেব! বৎস মুকুন্দ; আস আস।' বলিয়া কুলকামিনীদিগের মুখোচ্চারিত জয় জয় উলুউলু মঙ্গলধ্বনিসহ জলধারা দিয়া নিজগৃহে প্রবেশ করাইতেছেন।] আনন্দ-সমুদ্রে মগ্ন হইয়া তাঁহারা পুনঃ পুনঃ শ্রীরামকৃষ্ণের মুখচুম্বন করিতে করিতে 'চিরজীবী হও' বলিয়া আশীর্বাদ করিলেন॥ ১৭॥

সুশীলা নীরাজই বল মুকুন্দে।
উজ্জ্বল কনক পাত্র ধৃত প্রদীপ লেই মনের আনন্দে॥
নিকটে শ্রীদাম কিঙ্কিণি সুদাম উলসিত ভেল মুখচন্দ্র।
রসিক সখাগণকৃত কথা-কুতুকী রসিকেন্দ্র॥
স্মরশর-পীড়িত গোপবধূজন করত হি মঙ্গল গান।
চহুঁদিশি আনন্দ সাগর নিমগন জনকৃত-বাদ্যবিতান॥
বনগমনোচিত বেশযুত কানুক নীরাজন-গীতবিধান।
দ্বারকানাথ কবিকৃত-বর্ণনে জনে জনে আনন্দ দান॥ ৭

(মাতাকে) **শ্রীদাম**—মা! আর্য্য বলদেবকে আগে প্রচুর পরিমাণে মধু দাও, আমি এই শিশুরাজকে মধু দিতে প্রতিশ্রুতি দিয়া তবে এখানে আনিয়াছি। ইনি কিন্তু স্বাদুতর শিখরিণী প্রভৃতির অপেক্ষা আদৌ রাখেন না; তারপরে আমার মিত্রকে ও অন্যান্য গোপালগণকে যথাযোগ্য

ভোজ্য দিও। ১৮। একথা শুনিয়া আনন্দে শ্রীদামজননী কম্পিত শিরাঃ বলদেবের সাক্ষাতে এক কলস মধু দিলেন। ১৯। বলদেব তখন একটু আড়ালে গিয়া মুহুমুহু গ্রীবা বাড়াইয়া স্বমস্তকচূড়াস্থ মণিরূপ প্রদীপ-সমূহে আদর সহকারে মাধবের পুনঃ পুনঃ দর্শন করত যেন নীরাজন করিতেছেন, আর আনন্দভরজনিত হাস্যোল্লাসে বিকশিত দন্তমালারূপ সুন্দর মাণিক্যসমূহের কান্তিদ্বারা যেন সেই সভামণ্ডপটিকে শ্বেতবর্ণ করিয়া তুলিতে ছন। ২০

পুনঃ পুনঃ বক্রদৃষ্টিতে শ্রীকৃষ্ণমুখারবিন্দের দিকে দৃষ্টিপাত করত কৌতুকভরে **বলদেব** জিজ্ঞাসা করিতেছেন—'ভাই গোকুলচন্দ্র, জীবনধন আমার! মধু পান করিতে তোমার ইচ্ছা আছে কি? কিন্তু তুমি যে এখনও শিশু, তোমার ত মধুপানে ক্ষমতা নাই—' এই বলিয়াই কাদম্বরী-লম্পট হলধর এক কলসী মধু নিঃশেষ করিয়া দিলেন—লোকগুলি তাঁহার কার্য্যে হাস্য করিতে লাগিল। ২১। কীর্ত্তিদা আর এক কলসী মধু আনিতেছেন দেখিয়া কাতরচিত্তে কৃষ্ণ হস্তকমলের সঙ্কেতে পুনঃ পুনঃ বারণ করিলেন। ২২

**বলদেব**—'বয়স্যবর্গ হে! আর বিলম্বে প্রয়োজন নাই। গাভীগণ বোধ হয় পথভ্রষ্ট হইতেছে।' বলদেবের এই কথায় **কীর্ত্তিদা** কৃষ্ণকে সম্বোধনপূর্ব্বক বলিতেছেন—(২৩) হে যশোদানন্দন! এই ব্রজমণ্ডলে তুমি দুর্লভতর, কিন্তু শ্রীদাম ও সুদামের প্রেমের অত্যন্ত বশীভূত, হে প্রিয় বাপ! অদ্য আমাদের নয়নপথের পথিক যখন হইয়াছ—তখন যদি শীঘ্র শীঘ্র সামান্য কিছু ভোজন কর, তবে আমার সুখ হয়। ২৪

(এই কথা শুনিয়া) **মধুমঙ্গল** -উনি একাই যে দুর্লভ তাহা নহে, আমিও দুলভ। আমাকে ভোজন করাইলেও তোমাব আনন্দ হইবে। আমার মাতারও আমিই একমাত্র পুত্র, আমার মুখ দেখিয়া তিনিও সুখ পান॥ (সকলের হাস্য)

**কৃষ্ণ**—আর্য্যে! শ্রীদাম সুদাম যেমন আপনার, আমাকেও তদ্রূপই জানিবেন।

**মধু**—আমাকেও ঐরূপ জানা উচিত। ( পুনরায় সকলের হাস্য )

( তখন সুদামের মাতা প্রথমতঃ কৃষ্ণচন্দ্রকে পরিবেশন করিলেন )

**মধু**—এইরূপ নহে, এইরূপ নহে! আমি ব্রাহ্মণ, আমাকেই আগে দিতে হয়। আরি ভাইয়া কৃষ্ণ! ইনি পরিবেশন করিতে জানেন না! তুমিই আমার মর্য্যাদা রাখ। ( এই বলিয়া মধুমঙ্গল শ্রীকৃষ্ণের পাত্রটি স্বহস্তে তুলিলেন, কৃষ্ণ মন্দ মন্দ হাসিতেছেন, মধুমঙ্গলের জন্য ভোজ্য-পাত্র আনিয়া এই ব্যাপার দেখিয়া সুশীলা হাসিয়া বলিলেন, 'তোমার একি কাজ?' )

**মধু**—প্রিয়তম কৃষ্ণকে উহা দাও—( এই বলিয়া হাস্যসহকারে সুশীলা সেই পাত্রসহিত ফিরিয়া গেলে )—

**মধু**—মধুমঙ্গল ইহা জানেই! অহো! পশুপাল-সমাজে পতিত হইয়া আমার জাতি-মর্য্যাদাও গেল!! ( সকলের হাস্য, আবার সুশীলা কৃষ্ণকে পরমপরিপাটী সহকারে সাজাইয়া অন্যপাত্র দিলেন, অন্যান্য গোপালগণকেও দিলেন )।

সেই বৃষভানু রাজার মন্দিরে গোপবালকগণ পরস্পর কাহারও পাত্র হইতে কেহ নিভৃতে, কেহবা বলে ছলে ভোজ্যবস্তু আনন্দে গ্রহণ করিতেছেন। চতুর্দিকে অবস্থিতা কামিনীগণ আনন্দে হাস্যমুখে এই ভোজনরঙ্গ দেখিতেছেন। ২৫

( দাসীগণকে ) **কীর্ত্তিদা**—ওরে সেবিকাগণ! এই আনন্দ-সময়ে সখীগণসহ প্রাণরূপা মৃগনয়না শ্রীরাধা কোথায় রে! ২৬। ( তৎপ্রেরিত সেবিকাগণের মুখে বৃত্তান্ত জানিয়া **রাধিকা** প্রিয়সখীগণকে )—

ওহে সহচরীগণ! আমাকে মা ডাকিয়াছেন, হায় হায়! এক্ষণে না গিয়াও ত পারিতেছি না, চঞ্চলচিত্তে সেখানে সেই নাগরগুরুর

নিকট গেলে যদি গুরুবর্গের সম্মুখে আমার চাঞ্চল্য-বৃদ্ধি হয়—তখন…। ২৭

( তাঁহাকে ) **সখীগণ**—চন্দ্রবদনে! চঞ্চলা হইও না, ভয়ের কারণ নাই, আমরা ত সমাধানপটু আছিই। মনচোর কৃষ্ণ কি প্রকারে এই সখীগণের মধ্যে তোমার কান্তি-( ইচ্ছা )-সমুদ্র পার হইতে পারিবে, তাহার চিন্তা করুক। ২৮। যাহা হইবার, হউক, তুমি ত এখন তাম্বূল-বীটিকা লইয়া আমাদের মধ্যে স্থিরচিত্তে থাকিয়া শীঘ্র চল। ২৯। হে সখি! তদন্যথায় এক্ষণই শ্রীবলভদ্র শিঙ্গা বাজাইলে আর স্বচ্ছন্দে ইঁহার দর্শনলাভ হইবে না—নিশ্চয় জানিও। ৩০। এই বাক্যে বিলোলা সুমধ্যা রাধা স্বর্ণপাত্রে তাম্বূল-বীটিকা মুখবাসাদি লইয়া হরিগুণাকৃষ্ট-চিত্তে তাহার মুখাবলোকন-লালসায় গোপীগণের মধ্যবর্ত্তিনী হইয়া চলিলেন। ৩১

[ শরৎকালীন পূর্ণচন্দ্রের সুষমাবিজয়ী সর্বতঃ প্রসৃত রাধাকান্তির দর্শনে চকিতনয়ন শ্রীগোবিন্দকে তাঁহার হৃদয়বেত্তা চতুরচূড়ামণি **সুবল** পরিচয় করাইতেছেন ]

তোমার নিকটবর্ত্তী শ্রীদামের সহোদরা রাধার এই কান্তি বিরাজ করিতেছে, তুমি কিন্তু মুগ্ধতর হইও না—সম্মুখে বহুলোক রহিয়াছে। ৩২। এই পরিচয়রূপ মর্য্যাদায় শ্রীকৃষ্ণের লৌল্যসমুদ্রের বৃদ্ধি স্থগিত করিল, সুবলের নয়নভঙ্গীতে ও হুঙ্কারে তাঁহার বুদ্ধি খুলিল। তখন শ্রীরাধিকার প্রতি স্থির নয়নচকোরযুগল প্রেরণ করত ইনি পরমাদরে শ্রীরাধার বিমল-মুখচন্দ্রসুধা পান করিতে লাগিলেন। ৩৩

নেহারই হরি রাধিকা-বিক্রিয়া।

নিমিষ-রহিত ইহ, ঘরম-বিন্দু তহিঁ, উহ সুষমাময় দেহা ॥ ধ্রু ॥
ভুরুধনুমধি জুড়ি, কটাখ বিশিখ তহিঁ, কানু মরম-বেধ কেল।
নিজ জয়-দরশনে প্রকটিত হসিত আননবরবিধু ভেল ॥

চপল চপলাততি রুচি-জালে বাঁধল, নিজ দীন মানস-মীনা।
কুচকলস জোড় কঞ্চুলি-আবৃত, তছুপরি চিত্র পরিধানা।
স্বীয়লোচনযুগ দরশন-লজ্জিত কুটিলিত নয়ন সলীলা।
নিজ কাঁতি-বসনে উজলিত অতিশয়, বাঞ্ছিত-পূরণে বিলোলা॥
রসিক ভকতগণ চিত্তমধি বিলসউ নিরূপিত কৃষ্ণবিকারা।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে সঙ্গীত ইহ উদারা॥ ৮

তৎপরে শ্রীরাধার মুখচন্দ্র-দর্শন-জনিত চমৎকারে শ্রীহরির স্বেদ, কম্প ও বিভ্রম-জাত বিবশতা দেখিয়া সুদাম লোকসংঘট্টজনিত গ্রীষ্মবশতঃ অবশতা হইয়াছে মনে করত শ্রীহরিকে গৃহমধ্যে নিয়া হাহাকার পূর্বক বস্ত্রাঞ্চল দ্বারা সুস্নিগ্ধ মৃদু মন্দ বীজন করিতেছেন। ৩৪

( সুদামকে ) **সুবল**—ওরে ভাই! এইরূপে নয়, এই কোমলশরীর মিত্র যখন এখনও গ্লানি ভোগ করিতেছে, তবে গতপ্রায় সকল লোকের সহিত বাহিরে চল। স্বভাবতঃই স্নিগ্ধস্পর্শা হিতকরী কোনও তরুণী স্ত্রী এখন ইহাকে অতিমৃদুমন্দভাবে সংবীজন করুক। ৩৫

॥ তৃতীয়াঙ্ক শেষ ॥

# চতুর্থ অঙ্ক

সকল ব্যক্তিই বহির্নির্গত হইলে শ্রীরাধা-সহচরী বীজন করিবার জন্য শ্রীকৃষ্ণের নিকট আসিয়া তাঁহার সহিত হাস্য সহকারে আলাপ করিতেছেন। ১

সখী—আশ্চর্য্যের কথা! তুমি নামেই নিখিল জগৎকে চঞ্চলায়মান করিয়া অচ্যুত হইয়াছ। এখন কেন মৃদুমন্দ হাস্য সম্বলিত কটাক্ষ-ব্যাপারেই স্বয়ং চঞ্চল হইলে হে? কৃষ্ণ—হে চতুরে! মধুর পরাক্রমে; সখী—এতাদৃশ মধু কোথায় পাইলে? কৃষ্ণ—স্বর্ণপদ্মে, সখী—সেই পদ্মটি কোথায়? কৃষ্ণ—উদীয়মান সুন্দর বিদ্যুল্লতায়। ২। সখী—এ বড় বিচিত্র কথা হে হরি! কোথায় বিদ্যুতে স্বর্ণপদ্ম দেখিয়াছ? কৃষ্ণ—আমার বুদ্ধি বিনাশ করিবার জন্য কোনও অনির্বচনীয় বিধাতা উহাকে এখানেই আনিয়াছে! অহো! সেই মধু পান না করিলেও—নিজস্থানে থাকিয়াও- সুগন্ধদ্বারাই বিভ্রম আনয়ন করে। সখী—তদ্রূপ তড়িৎ কোথায় হে? কৃষ্ণ -উহা বিদ্যুন্মালায় বিলাস করিতেছে। ৩। সখী—হে কৃষ্ণ! উহা ত মেঘের কোলেই থাকে, কি প্রকারে অন্যত্র দৃষ্ট হইতে পারে? কৃষ্ণ—এই রসদে রসময়ে বা জলদে উহা সদাই বাস করে না। সখী—তবে এই ভাবে বলা উচিৎ যে ঐ বিদ্যুৎ নিজমুখ্য আশ্রয়ে বাস করে না! কৃষ্ণ—আচ্ছা জিজ্ঞাসা করি—প্রত্যক্ষ দর্শনে কি কেহ অনুমানের কল্পনা করে? সখী হে জনসংঘট্টে ক্লান্ত শ্রীহরি! তুমিই প্রত্যক্ষভাবে কিন্তু বৃথা অন্যপ্রকার ভাবিয়া বিভ্রমশালী হইয়াছ। ৪

(এই কথা বলিয়া মৃদুহাস্যসহকারে সেই সখী রাধিকার নিকটে গিয়া তাঁহাকে) হে প্রিয়সখি! অদ্য প্রাতঃকালে চম্পক ও মল্লিকাদি কুসুমে যে সুশীতল ও সুরুচির মালা নির্ম্মাণ করিয়াছিলে, তাহার মহাভাগ্য

উপস্থিত হইল !! হে পদ্মনয়নে ! ঐ গোকুলচন্দ্রমা হরি ক্লান্ত হইয়াছেন, সুতরাং ঐ মালাটি তাঁহার গলে উত্তমরূপে দিলে নিশ্চয়ই তিনি সুস্নিগ্ধতা বোধ করিবেন। ৫

বয়স্যার এই বাক্যে উল্লসিত-হৃদয়া শ্রীরাধা আদরপূর্বক মালাটি লইয়া ব্রজচন্দ্রমার নিকট যাইতেই উদীয়মান কামদেবের বিষম বাণাঘাতে পীড়িতা হইলেন এবং বদনটি নম্র করিয়া প্রাণসখীকে বলিতেছেন—। ৬।

প্রিয়ে! তুমিই প্রাণেশ্বরের গলদেশে এই মাল্যটি পরাইয়া দাও। সখি! তোমার নিকট আমার কি কিছু গোপনীয় আছে ? আমি ত এ কার্য্যে সুপটু নহি ; অহো! দেখিতেছ ত আমার গাত্রে বিপুল পুলক ও কম্প হইতেছে—চরণদ্বয় অধিকতর অবসন্ন হইয়া আর যে উঠিতেছে না হে !! ৭

( তাঁহাকে ) **সখী**—তোমার মুখটি পূর্ণচন্দ্র, কেশদাম যেন সজল জলধর, চন্দ্রের কলাদ্বারাই বোধ হয় তোমার এই সুন্দর নখগুলি রচিত, ঐ করদ্বয় যেন রক্তপদ্ম—সুতরাং হে পদ্মনয়নে! তোমার তনুটিও স্বর্ণপদ্মের দলগুলি দ্বারাই রচিত হইয়াছে। ৮। হে সুশীতলস্পর্শে! লাবণ্যসলিল ও কমলকলিকাদ্বয়ের সংযোগে নক্ষত্রহারের উজ্জ্বলতা-বৃদ্ধিকারিণি! হে মৃদুলে! কোনও প্রকারে আসিয়া তুমিই এই খেদিত অথচ ভুবনানন্দ জনের গলে মাল্যটি দাও। দেখ—সকলেই শরণাগত জনের উপকার করে। ৯

( অতঃপর শ্রীরাধাসখী ও শ্রীকৃষ্ণের উক্তি-প্রত্যুক্তি ) সখী—আমার এই সরলা সখী তোমার তরলতা দেখিয়া ভয়ে কাঁপিতেছে ; হে চঞ্চলমতি হরি! তুমি যেন নিজের ন্যায় অন্যথা বুদ্ধি করিও না। কৃষ্ণ—হে হরিণলোচনে! পুষ্ট আম্রনির্য্যাস-পানে বদ্ধ হইয়াও যদি মধুকর সহসা চঞ্চলতা প্রাপ্ত হয়, তবে পদ্মিনীর তাহাতে ভয় কি ? ১০

লজ্জাভঙ্গের উপক্রমে এবং সখীরও প্রৌঢ়িবাক্য-প্রয়োগে মালাটি

দিতে ইচ্ছা করিয়া যেইমাত্র শ্রীবৃষভানুরাজ-দুহিতা হস্তকমলদ্বয় প্রসারণ করিলেন, অমনিই উন্মাদি-মদনের প্রমাথি বাণাঘাতের প্রকম্পে স্বয়ং মাল্যটি প্রীতিভরে যেন শ্রীকৃষ্ণের দর্শন-গৌরব প্রাপ্ত হইয়া তাঁহার কণ্ঠটি আলিঙ্গন করিল। ১১

দূর হইতে পরস্পরের প্রথম দর্শনে উভয়ের নেত্র হইতে কামহস্তী জাগ্রত হইল—সম্ভাষণ হইতে উত্থিত হইল, হাস্যলহরীতে অঙ্গমোটন করিল, কটাক্ষবাণে বিদ্ধ হইয়া শৃঙ্খল ভঙ্গ করিল এবং সান্নিধ্য ও অনুভব পাইয়া এবার শ্রীরাধামাধবের চিত্তের জ্ঞানভূমিকাকেও মন্থন করিতে লাগিল। ১২। গোপাঙ্গনাগণের হৃদয়ে উদীয়মান কামদেব বিলাসলালসা জাগাইয়া দিল—সহসা গোবিন্দকে তদবস্থ দেখিয়া তাঁহারা স্বয়ং যেন লজ্জান্বিতা হইলেন। তৎক্ষণাৎ সকল লোককে মুগ্ধতর করিয়া—গোপালগণকে স্বব্যাপারে ত্বরান্বিত করত শ্রীবলদেবের শৃঙ্গ হইতে বিশাল ধ্বনি উত্থিত হইল। ১৩। গোবিন্দ শৃঙ্গধ্বনি শুনিয়াই সত্বর সেই ব্যাকুল গোপকন্যাগণকে ছাড়িয়া শ্রীবলদেবের নিকট আসিলেন। ১৪

**কীর্ত্তিদা ও সুশীলা** ( বলদেবকে )—হে বলদেব! শিশুগণ তোমারই ত বশীভূত! তুমি শত্রুপ্রভাব নাশ করিয়াছ,—হে যাদব-সমুদ্রজাত ব্রজলোক-চন্দ্রমা! হে বলিকুলসিংহ! বনগমনে উৎসুক এই দুইজনকেও ( শ্রীদাম ও সুদামকে ) হরির ন্যায় সতত রক্ষা করিবে। ১৫

**বল**—হাঁ মা, তাহাই করিব।

( তৎপরে নবজলধরশ্যামল হরি বৃষভানুপুর হইতে অনুরাগ-সমুদ্র-প্রবিষ্টা অবশদেহা গোপীদের মনোরথ-রূপ রথে আরোহণ করত সাক্ষাৎ মন্মথমন্মথন রূপ, বেশ ও অশেষ বিলাসের সহিত বংশীবাদন পূর্বক স্থাবর জঙ্গমাত্মক জীবজগৎকে বশীভূত করিলেন—স্বোপম বালকগণ-কৃত বিবিধ কলাপুষ্ট তত্তাদি কলধ্বনিতে কুতূহলী হইয়া হলধর-সমভিব্যাহারে তৃষিত

চাতকের ন্যায় স্বমাধুরীপিপাসু নিখিল গোপাল ও দাসগণের ইতস্ততঃ গতায়াতে নিবিড় পথে প্রবিষ্ট হইলেন।) তখন দূরে দৃশ্যমান গোগণ পৃথিবী হইতে উল্লম্ফন করিতে করিতে চারিদিকে দৌড়িতে লাগিল—তাঁহাদের পুচ্ছভাগ অনবরত ঊর্দ্ধদিকে সঞ্চলন করিতে লাগিল—তাহারা ব্যক্ত ও অব্যক্ত দারুণ হম্বারবে স্বর্গমর্ত্ত্য মুখরিত করত অতিবেগে সমীপাগত দর্শনীয়তম কৃষ্ণকে বেষ্টন করিয়া ফেলিল। ১৬

ইহাদের অনবরত যাতায়াতবশতঃ খুরাঘাতে উত্থিত হইয়া ধুলিসমূহ বেগবান্ বাতাসে কম্পিত হইতে হইতে ঐ দেখ লোকালোক পর্বত, অতুচ্চ বৃক্ষ, সরোবর, গ্রাম ও সিন্ধুকে পর্য্যন্ত সম্যক্ আচ্ছাদন করত ঊর্দ্ধদিকে প্রসৃত হইয়া সূর্য্যের রথে নিয়োজিত অশ্বগুলিকেও বুঝি অন্ধ করিয়া দিল। ঐ ধুলিসমূহ দেখিয়া বিধাতা মনে করিতেছেন যেন কৃষ্ণ-বীর্য্যা পৃথিবী উন্নমিতই হইতেছে !! ১৭

[ শ্রীকৃষ্ণাঙ্গে নিহিত-নয়ন ও স্থগিত পশুসমূহকে দেখিয়া **শ্রীদাম** ]

(শ্রীকৃষ্ণকে) 'অরি ভাইয়া! দেখ এই গরুগুলি সত্যই তোর একবার বিরহেই চঞ্চল ও ভীত হইয়া কেমন চতুরতরতার সহিত তোর চারিদিকে বেষ্টন করিয়া আছে!' শ্রীদামের এই বাক্যে নবঘনশ্যামল শ্রীকৃষ্ণ মৃদু-মধুর হাস্যে ধেনুপৃষ্ঠে অলসাঙ্গ হেলন দিয়া ঐ পশুগণের মধ্যে সুহৃদ্গণ-বেষ্টিত হইয়া যাত্রা করিলেন। ১৮। সহচরগণ কেহ কেহ শ্রীকৃষ্ণের শিরীষকুসুম হইতেও মৃদুল চরণযুগে ব্যথার ভয়ে সম্মুখভাগের কর্কশ ভূমিতে নিজেদের উড়নিগুলি পাতিয়া দিতেছেন। মনোরম ছত্রদ্বারা তিনি আচ্ছাদিত হইলেও রৌদ্রভয়ে নবীন নবীন সুন্দর শাখাসমূহ ধরিয়া চারিদিকে তাঁহাকে বেষ্টন করত তাহার মুখে নয়ন দিয়া অন্যান্য সহচরগণ চলিয়াছেন। ১৯। কেহ কেহ বা তাঁহার অঙ্গে গোধূলি-স্পর্শের ভয়ে নিজ নিজ বস্ত্র উড়াইয়া তাঁহার আগে আগে চলিলেন; তাঁহারা বলিতেছেন—"অরে ভাই! এই বন্ধুর (উচ্চ নীচ) পথে ধাবিত হইও না—এই

কুবুদ্ধি আমাদের অন্তরে ভয় জন্মাইতেছে !! হে ধীর ! ধৈর্য্য ধারণ কর, হরে ! যতক্ষণ তোমার মুরলীধ্বনি তাহাদের কর্ণপথে প্রবিষ্ট না হয়, ততক্ষণ চঞ্চল গোধন দৌড়াইতে থাকুক। ২০। কিন্তু হে গোবিন্দ ! এই বৃন্দাবনে এখন মুরলী বাজাইও না—পশুগণ যদি দূরে চলিয়া যায়, তবে বাজাইবে। যদি এখনই মুরলী বাদিত হয়, তবে নিশ্চয়ই এই পশুগণের যাতায়াতের বাধক মহাপীড়াই উপস্থিত হইবে, কেননা তোমার এই মুরলীর তানে বৃক্ষপর্বতাদিও মোহিত হইয়া যায়। ২১

বৃন্দাবনে প্রবিশই গোকুলচন্দা।
গোপগণ কৃত-কলধ্বনি উত্থিত বিশ্ব-মনোহর ছন্দা ॥
বায়ুভরে চঞ্চল লতাঙ্গুলি-সঙ্কেতে বিচিত্র বিহঙ্গম-কূজনে।
সাদরে ডাকই সম্মুখে স্বাগত সুরভি সুদূত বিধানে ॥
মঙ্গলাচরই পুষ্প-বিকিরণে মৃদুমন্দ পবন-হিলোলে।
বাষ্প ছলে মধু-পর্ক সমর্পই আনন্দিত পুলক জালে।
অলিকুল-গুঞ্জনে গদ্‌গদ ভাষণে প্রণমই সুশাখা-কদম্ব।
বানরগণ-কৃত হুঙ্কৃতি ঘোষণ, পরাগে ভূষই অঙ্গ ॥
বিশ্বজন-মনে সদা পরিলসউ—এ হরি কানন-প্রবেশা।
দ্বারকানাথ কবি-কৃত বর্ণনে মনোহর গীতবিশেষা ॥ ১

অতঃপর স্বোৎপন্ন উত্তমোত্তম পুষ্পফলাদিদ্বারা শ্রীবলদেবসহ শ্রীহরির সেবা করিবার উদ্দেশে বৃন্দাবনীয় ঋতুগণ পরমাদরে যুগপৎ নয়নগোচর হইয়াই বিরাজ করিতে লাগিল। ২২। কোমল পত্র-ভূষিত স্বরচিত বৃক্ষগণ প্রস্ফুটোন্মুখ ও সুন্দর পুষ্পসমূহে সংলীন সুশোভন মধুকরমালায় ব্যাপ্ত হইল। তারপরে আবার মনোজ্ঞ কোকিলকুলের পঞ্চম তানে বনস্থলী মুখরিত হইয়া উঠিল। ২৩। নিজের পুষ্পরাশিদ্বারাই মনস্বীদেরও চিত্তহারী এবং কামোদ্দীপক পবনরূপ সারথি-বিশিষ্ট সেই সুরভি (বসন্ত)

কাল তখন সুন্দর, মনোজ্ঞ এবং স্বভজন-কারিকে যথাসর্বস্ব সমর্পক শ্রীরাম-কৃষ্ণের প্রকৃষ্ট সেবায় মনোনিবেশ করিল। ২৪। ঐ ঋতুরাজ নিজ গোধন-পালক ও গোপবালকযুক্ত শ্রীরামকৃষ্ণের প্রতি যামুনতরঙ্গের ন্যায় রুচিরতা এবং নিজেরও চিরতা ( বিলম্ব ) অল্পমাত্রায় বিস্তার করিল না অর্থাৎ যথেষ্ট প্রভাব প্রতিফলিত করিল। ২৫

সম্মুখে অনুজা শীতের সম্পত্তিতে হেমন্তকে অনুরক্ত হইতে দেখিয়াই বুঝি সহসা রৌদ্রাক্ত প্রতপ্ত গ্রীষ্মকাল আসিয়া ঐ উভয়কেই মর্দন করিতেছে। তাহাকে আবার সহচারী বর্ষাঋতু আসিয়া পরাজয় করিতেছে ; তাহাকেও পুনরায় প্রস্ফুটপদ্মমুখী শরৎসুন্দরী বিদগ্ধোচিত হাস্য সহকারে শান্তি ( উপশম ) করিয়া বিরাজ করিতেছে। ২৬

পরস্পর শত্রুভাবাপন্ন হইলেও তাহাদের সকলের সম্পত্তি বলপূর্বকই যেন আহরণ করত ঐ শরৎসুন্দরীও স্বকীয় শুভ পুষ্পাদি ও বিস্তৃত সম্পত্তির সহিত পূর্ণশ্রী বসন্তের সঙ্গে মিলিত হইয়া সাদরে স্বয়ং বৃন্দাবন-পুরন্দর শ্রীরামকৃষ্ণযুগলকে প্রকৃষ্টরূপে ভজন করিতেছে। ২৭

সপ্ত সমুদ্রের জলরাশির সহিত মিলন-পরায়ণ বিস্তৃত বন্যার ন্যায় শ্বেত, পীত, অরুণ, মিশ্র, হরিৎ ও নীলবর্ণের গো-( জল )-সমূহ ধেনুগণের পশ্চাৎ পশ্চাৎ উর্দ্ধনাসিকায় লম্ফঝম্ফে গমনকারী অতএব উদঘূর্ণাবশতঃ ঘূর্ণমান বৃষগণসহ কলকলরূপ প্রকাণ্ড হম্বাধ্বনি করিতে করিতে সেই বৃন্দাবনভূমিকে প্লাবিত করিতেছে। ২৮

প্রচুরতর দূর্বাঙ্কুরযুক্ত বৃন্দাবনরূপ মহাসমুদ্রে গোগণ মগ্ন হইল, মুখে গ্রাস লইয়া গ্রীবা সম্যক্ উত্তোলন করত চঞ্চল হইল এবং অল্প অল্প নেত্র উন্মীলন করিয়া অব্যক্তশব্দে সম্মুখবর্ত্তী অন্য গোগণকে পশ্চাৎবর্ত্তী করিবার উদ্দেশ্যে আনন্দে দ্রুততর পদবিক্ষেপে যেন সন্তরণ করিতে লাগিল। ২৯

গোগণ তৃণভক্ষণে তৎপর হইলে ব্রজরাজনন্দন চতুর্দিকস্থিত

গোপগণের সহিত ঐ গোগণের পশ্চাৎ পশ্চাৎ অতি ধীরে চলিতে লাগিলেন, কোথাও বা বালকগণদ্বারা উহাদিগকে অবরুদ্ধ করিয়া দাঁড়াইতেছেন, কোথাও বা দূরবর্ত্তী কোনও গাভীকে দূর হইতে পরাবর্ত্তন করিতে সুহৃদ্‌গণসহ তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়া তাহার পিঠে হস্ত দিয়া বলিতেছেন—হে ধবলে! নিজ যূথে চল, চল। ৩০

করই গোচারণ গোবিন্দ।
বৃন্দাবনমধি প্রিয়গণ-পরিহাস কুতুকী সুখকন্দ ॥
বাম কর গহি বেত্র বিলম্বিত মধ্যতনু শোভন অঙ্গ।
চৌদিশি হেরত যদি পুন ধায়ই গোগণ ইতি বিশঙ্ক ॥
হে ধবলে কপিলে হরিতে সরলি ইত্যাদিক নামবিভেদে।
দূর সঞে ডাকই ঘাস হাতে ধেনুগণে শ্রুতিরসায়ন নাদে ॥
অচির-প্রসূত বৎস কক্ষে করি চলই অতিশয় বেগে।
উহ জননীকৃত রসনা-লালিত তনু, বিপুলতর অনুরাগে ॥
ভাবুক-ভাব বিবর্দ্ধনকর সদা শ্রীহরি-বিপিন-বিহার।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে উমগত সুখনিধিসার ॥ ২

চলল সুখে বলবীর।
মধ্যে শোহে শ্যাম সহ সহচরগণ রসভরে মাতোয়ার।
পাখার কম্পনে পত্রক শবদে উপজত বহুবিধ শঙ্ক।
মেঘ-গরজনে ধাবই তহিঁ তহিঁ জনহৃদি হোত আশঙ্ক ॥
বিদূরগ গোধন পিছু যদি একল যাওত শ্যাম কিশোর।
'কতি যাওসি হে চপল' বলি আনত নিজঠৌর।
চৌদিশি নিয়োজি সুদামাদি সখাগণে স্বসমান অস্ত্রধারী।
বলদেব রক্ষই চঞ্চল অনুজে বিঘিনগণ নিবারি ॥

**জয় জয় সশ্যাম গোপগণ-রক্ষক মম প্রভু বলরাম।**
**এ দীন দাসে সঙ্গে লই পূরাহ চিরবিধৃত কাম ॥ ৩**

ক্রমে ক্রমে বৃন্দাবন-মধ্যবর্ত্তি-ভূভাগের শোভা দেখিয়া কুতুকভরে শ্রীহরি বলিতেছেন—'হে বয়স্যবৃন্দ! বৃন্দাবনমধ্যভূমির ঐ আশ্চর্য্য শোভা দেখ দেখি !!' এইরূপে মহাকরতালধ্বনির সহিত প্রিয়গণ-কর্ত্তৃক বেষ্টিত হইয়া তিনি শ্রীদামের হস্তে হস্ত দিয়া ধাবিত হইতেছেন। ৩১

শ্রীমদ্বৃন্দাদেবী কর্ত্তৃক আবিষ্কৃত অবিচিন্ত্য-চিন্তামণিসমূহে খচিত স্বর্ণবেদিসমূহে বিদ্যোতমান, সন্তানসমূহ-সমন্বিত, মন্দারবৃন্দে সুন্দর, পারিজাতরাজি-বিরাজিত, কল্পবৃক্ষকলাপে মণ্ডিত এবং কদম্বাদি মনোহর বৃক্ষসমূহে সুশোভিত—সেই বৃন্দাবনে প্রবেশ করিয়া তিনি তাহার শোভাসমৃদ্ধি অবলোকন করিতেছেন। অহো! তত্রত্য বহু বহু প্রকারের লক্ষ লক্ষ সুলক্ষণযুক্ত বৃক্ষসমূহে রাশি রাশি কুসুম প্রস্ফুটিত রহিয়াছে—তাহাদের ক্ষরিত মধুধারার অত্যুত্তম আস্বাদে উন্মত্ত হইয়া ভ্রমরাবলি মনোজ্ঞতম গুন্‌গুন্ স্বরে গুঞ্জন করিতেছে—তাহাতে আবার উন্মত্ত কোকিল-সমূহের কুহূ কুহূ ধ্বনির অনবরত শ্রবণে অতিবিচিত্র-পক্ষযুক্ত পক্ষিসমূহ নীরব হইয়া ইতস্ততঃ গতাগতি করিতেছে। সেই সেই বিচিত্র কুসুমসমূহে সমুজ্জ্বল এবং কজ্জল হইতেও উজ্জ্বল যমুনাজলে শোভায়মান স্বর্ণকমল-বনের স্পর্শে স্নিগ্ধ, সুগন্ধ ও সুমন্দ পবন-সঞ্চালন করিয়া সকলের মনোরমণ করিতেছে।

অহো! দিগ্‌বিদিকে রসিক ও উন্মত্ত ময়ূরসমূহের নৃত্যের সহিত সমুন্মাদিত কোকিলকুলের কুহূকুহূ স্বরের শ্রুতিমধুর পঞ্চমালাপে হরিণচয়ের মনোরঞ্জন হইতেছে। তাহাতে আবার প্রস্ফুটিত পুষ্পসমূহে গতাগতিশীল ভ্রমরগণের ঝঙ্কাররূপ বীণাকণ্ঠে উদ্ভূত স্বরে যেন বৃন্দাবনীয় মন্দারাদি বৃক্ষরাজি নিত্য নিজেই নিজের গুণগান করিতেছে !! ৩২

নন্দনন্দন বৃন্দাবাসে।
বিহরই বিবিধ মনোহর কুসুম-সমাকুল বিটপি-বিলাসে ॥
করতালি সহ সহসা আরোহই লতাবলি-জড়িত কদম্বে।
প্রিয় সহচর সহ মধুরতর গায়ই তহিঁ অতি সুস্বর-কণ্ঠে ॥
কর্ণমধি দেয়লি সুদাম প্রিয়সখা বৃন্তসহ কুসুম রুচির।
হেরহো সখাগণ সুললিত বিরাজই সুন্দর শ্যাম শরীর ॥
দামাদিক গণে স্বকরে সাজাওই বিনোদিয়া সো পহুঁ রঙ্গে।
বিটপ' পরি তছু, বৈঠই সুখাসনে, চরণ নাচাওত ভঙ্গে ॥
বদতি পুন পুন দেখ দেখ সখাগণ—উছলিত সুখ অপার।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে কেশব-বিপিন-বিহার ॥ ৪

শ্রীদাম তখন সাদরে শ্যামের গলে সুন্দর সুন্দর পুষ্পে বিরচিত মাল্যাদি তুলিয়া দিল—উৎসুক সুদাম চূড়ায় ও কর্ণদ্বয়ে রমণীয় মাল্য বন্ধন করিল—বসুদাম তাঁহার মণিবন্ধপ্রান্তে প্রিয় পুষ্পহার পরিধান করাইল—আর কিঙ্কিণি ও পুষ্পরচিত কিঙ্কিণী প্রভৃতি ভূষণ ধটীস্থলে পরাইয়া শ্রীকৃষ্ণের শ্লাঘা করিতে লাগিল ॥ ৩৩

(তদ্দর্শনে বালকগণকে সম্বোধন করত) **মধুমঙ্গল**—ওরে গোপালগণ! তোরা একেবারেই বিবেকবুদ্ধিরহিত! বরেণ্য ব্রাহ্মণ এই আমার সম্মুখে তোরা কিনা হরিকে সাজাইলি? আচ্ছা, যাহা হওয়ার হইয়াছে; তোরা না হয় বুদ্ধিহীনতায় প্রমাদবশতঃ তাহা করিস্ নাই; এখন দেখ—আমার মর্য্যাদা অবগত হইয়া ইহা হইতে অতিসুন্দরভাবে আমাকে ভূষিত কর ত !! ৩৪

(সকৌতুকে) **বালকগণ**—তুই কি নির্লজ্জ!

**সুদাম**—এ কথা বলিও না—দেখ বটু! আমিই তোমাকে সাজাইতেছি।

**মধু**—তুমিই আমার মর্য্যাদা জান। সখে! হরির ভূষা হইতেও অধিকতর সাজসজ্জা যেন হয়।

( নির্জনে ডাকিয়া সুদাম মধুমঙ্গলের বেশভূষা করিতেছেন )।

সুদাম আনন্দমনাঃ মধুমঙ্গলের গলে ও হস্তে দিব্য মালা দিলেন, কপট করিয়া নেত্রদ্বয়ে কর্ণদ্বয়ে ও ললাটে চূর্ণ লাগাইলেন, মস্তকে কোকিলের পক্ষ বাঁধিয়া দিলেন—গণ্ডদেশে অঞ্জন দিয়া কেশনিকটে বৃক্ষশাখা ঝুলাইয়া মনে মনে হাসিতে লাগিলেন। ৩৫

**মধু**—হরির ভূষা হইতেও সুন্দরতর হইয়াছে ত?

**সুদামা**—আরে বটু! কি বলিব—ভাই! প্রিয় তোমার যে ভূষা আমি করিয়াছি, ইহার নিকটে কি হরির ভূষা গণনা হয়? তুমি যেন সাক্ষাৎ রতিপতি হইয়াছ হে! শীঘ্র শীঘ্র চল—পশুপালগণ তোমার এই নটবরবেশ দেখিয়া সচকিত হউক !! ৩৬

সুদামার বাক্য শুনিয়া কুতুকী মধুমঙ্গল নিজের ভূষণ-ব্যাপার না জানিয়াই ইতস্ততঃ নাচিতে নাচিতে প্রিয়গণ-মণ্ডিত শ্রীহরির সম্মুখে আসিলেন। ৩৭

কুতুক-চঞ্চল বালকগণ তাহাকে তদবস্থ দেখিয়া চতুর্দিক হইতে মহা নৃত্য বাদ্য ও করতাল দিতে দিতে বেষ্টন করত নাচাইতে লাগিলেন। ৩৮। তাহাদের অসম্ভাবনীয় উপহাস ও হাসির কারণ চিন্তা করত মধুমঙ্গল তখন যমুনার নির্মল জলে নিজের সেই রূপ দেখিয়া লজ্জিত ও ক্রোধান্বিত হইলেন এবং সুদামকেও তদ্রূপ করিবার জন্য ধাবিত হইলেন। সুদাম কিন্তু ঊর্দ্ধশ্বাসে পলাইয়া গেলেন। ৩৯-৪০। সুদাম গোবিন্দের আড়ালে সহাস্যবদনে কিঞ্চিৎকাল দাঁড়াইলেন, 'আস আস! নিজের কৃতকর্মের কেমন সুন্দর ফল পাইলে!' এই বলিয়া কুতুকী বীরচূড়ামণি সুদামা মধু-মঙ্গলের সম্মুখেই বেগে হস্তচালনা করিতে করিতে উপস্থিত হইলেন। ৪১ উভয়ের দ্বন্দ্বযুদ্ধ চলিতে লাগিল—বাহু, কর অনবরত চলিল—উভয়েরই

এক একটি চরণ সম্মুখ দিকে কিঞ্চিৎ বিভুগ্ন হইল—অন্য চরণ অচল হইল, হস্ত ঊর্দ্ধদিকে নিক্ষিপ্ত হইতে লাগিল—উভয়েই মহাবীর্য্যমদে উৎকট বেগ ধারণ করিলেন। ৪২। শ্রীরামকৃষ্ণ তখন সম্মুখে সমানবীর্য্য বীরদ্বয়ের ইতস্ততঃ গতি ও বহুহুঙ্কার-বিশিষ্ট কৌতুকযুদ্ধ কৌতুকে দেখিতে লাগিলেন। ৪৩। সুদামের বলে নির্জিত ও ভীত মধুমঙ্গল পলায়ন করত শরণাপন্ন হইয়া শ্রীহরির সমীপে আসিলে তিনি তাঁহাকে আশ্বাস দিয়া কুতুকে সুদামের হাত ধরিয়া বলিলেন—দেখ সুদাম! এই বটু মধুমঙ্গল কবে বলী হইল রে? আমার সঙ্গে যুদ্ধ কর দেখি—তবে তোমার বল পরীক্ষা হইবে !! ৪৫

(শ্রীকৃষ্ণকে) **শ্রীদাম**--'সখা হে! এক্ষণই যুদ্ধ করিয়া এই সুদাম খিন্ন হইয়াছে—তুমি সুস্থ আছ, কাজেই তুমি আমার সঙ্গে যুদ্ধ কর—এই গোপালগণ সম্মুখে দেখুক—কাহার কত বল'—এই বলিয়া প্রসারিত-ভুজ শ্রীহরিকে শ্রীদাম আলিঙ্গন করিলেন। ৪৬। সামান্য যুদ্ধ নহে কিন্তু পণ রাখিয়া করিতে হইবে—ভাণ্ডীরবট পর্য্যন্ত বাহ্যবাহকভাব হওয়াই পণ সাব্যস্ত হইল—দুইজনে যুদ্ধে প্রবৃত্ত হইলেন। ৪৭

হরি-সহ দ্বন্দ্বযুদ্ধ শ্রীদামের লাগিল।
চৌদিশি হাস্যমুখ সখাগণে ঘেরিল ॥

বাহু ধরি পরস্পর দাঁড়ায় সমসূত্র।
ইতস্ততঃ ঘূর্ণিত মুখ সুবিচিত্র ॥

'পরাজয়ে স্কন্ধে বহিবার কর পণ।'
সখাগণ করতালে করিছে ঘোষণ ॥

ঘর্ম, কম্প, পুলক হের সবহুঁ অঙ্গে।
সিংহনাদে যুদ্ধ করে কৌতুক-তরঙ্গে ॥

জয় পরাজয় কারু নাহি বুঝা যায়।
অবসাদ নাহি কারো রঙ্গ-বৃদ্ধি পায়॥
কেহো গায় হরিজয়, কেহো বা শ্রীদাম।
কবি বলে ঐ দেখ হারিল যে শ্যাম॥ ৫

স্নেহাভিষিঞ্চনে রাখালরাজের প্রজ্বলিত কোপাগ্নি নির্বাপিত হইল। তখন শ্রীদামের বলপ্রাবল্যে তিনি অবশাঙ্গ হইয়া হাসিতে লাগিলেন। দর্শক গোপালগণের মধ্যে সেই প্রোদ্দামবীর্য্য অজিত শ্রীকৃষ্ণও কুতুকী শ্রীদামকর্ত্তৃক পরাজিত হইলেন!! ৪৮। 'অহো! মুকুন্দ পরাভূত হইয়াছে! অরে শ্রীদাম হইতেও তুমি হীনবল!!" বলিয়া চঞ্চলস্বভাব বালকগণ করতালি দিয়া নৃত্য করিতে থাকিলে তাহাদিগকে **গোবিন্দ**— 'পরের সম্বন্ধে এইরূপ বলিতে কেই বা না পারে? তোমরা নিজেরা ক্রিয়াবৈচিত্র্যবিষয়ে অজ্ঞ হইয়াও কিন্তু বাক্‌রচনায় পটু হইয়াছ! আচ্ছা দেখিত তোমরা স্বসম প্রতিযোদ্ধাগণের সহিত যুদ্ধ কর; কে কে জয়ী হও, দেখা যাউক।' ৪৯। তখন শ্রীকৃষ্ণের মুখপদ্ম-নিস্থত বাক্যামৃত-আস্বাদনে প্রমত্ত শ্রীরামপ্রভৃতি বলবান্ গোপালগণ স্ব স্ব বিক্রম প্রকটনে বাহুস্ফোটন, নর্ত্তন, কূর্দন এবং মহাগম্ভীর নিনাদ করিতে করিতে বন প্রদেশে ইতস্ততঃ হস্তাহস্তি যুদ্ধ আরম্ভ করিলেন। ৫০

বলরামের সহিত মণ্ডলীভদ্র, সুভদ্রের সহিত গোভট, বীরভদ্রের সহিত যক্ষেন্দ্র, ভটের সহিত মহাগুণ, বিজয়ের সহিত ভদ্রাঙ্গ, ভদ্রবর্দ্ধনের সহিত ভদ্রভূষণ, দামের সহিত বসুদাম, স্তোককৃষ্ণের সহিত কিঙ্কিণী, বিলাসীর সহিত ভদ্রসেন, বিটঙ্কের সহিত পুণ্ডরীক, অংশুমানের সঙ্গে কলবিঙ্ক, সুবলের সঙ্গে উজ্জ্বল, গন্ধর্বের সঙ্গে অর্জুন, বৃষভের সঙ্গে বিশাল, সুচন্দ্রের সহিত বরূথপ, মরন্দের সঙ্গে দেবপ্রস্থ এবং মণিবন্ধাদির সঙ্গে অন্যান্য গোপালগণ সকলেই কৌতুক-যুদ্ধ করিয়া

কৃষ্ণচন্দ্রের আনন্দবর্দ্ধন করিতেছেন। মণ্ডলীভদ্র প্রভৃতি গোপালগণকে জয় করিয়া বলিষ্ঠ বলভদ্রাদি গোপগণ কৌতুকে তাঁহাদের স্কন্ধদেশে আরোহণ করিয়া ভাণ্ডীরবটে যাইতেছেন !! ৫১—৫৬ ॥

হরি ঐ বহই বিজয়ী শ্রীদামা।
মৃদুমন্দ হসিত-বিকসিত সুন্দর দশন পাঁতিক-ধামা ॥
স্ব-উর-বিলম্বিত চরণকমল ধরি' বামকরে ঘনশ্যামা।
দক্ষিণ কর গহি চঞ্চল পীত পটবসন অভিরামা ॥
হৃদয়-বিরাজিত রাগকলপতরু কুসুমকোরকজালা।
পুলকপটল-ছলে দাম দেখাওই জনগণে সুন্দর খেলা ॥
চলইতে লহুলহু বাজই কানুক অঙ্গদ কিঙ্কিণি রঙ্গে।
পাণিতলে পুন শ্রীদাম নিবারই উছলিত আনন্দ-তরঙ্গে ॥
হরি-পরাজয় কুতূহল-কলরব কেলিবিলোল-বয়স্য।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে চিন্তনীয় ইহ রহস্য ॥ ৬

পরাজিত শ্রীকৃষ্ণ কৌতুকভরে শ্রীদামকে স্কন্ধে বহন করত যথাস্থানে (ভাণ্ডীরবটে) নিয়া গেলেন। ৫৭। রাখালরাজ যুদ্ধশ্রমে ঘন ঘন শ্বাস ফেলিতেছেন দেখিয়া প্রিয়জন কেহ কেহ ব্যথিতহৃদয়ে স্বর্ণপাত্রে ধৃত সুস্নিগ্ধ সুন্দর জল দ্বারা তাঁহার মলিন মুখ মার্জন করিতে লাগিলেন। অপর কেহ বা চামরাদি দ্বারা শ্রান্তিনাশন ব্যজন করিতে প্রবৃত্ত হইলেন। ৫৮

এইরূপে কোমলাত্ম গোপালগণ যুদ্ধ করিয়া ক্লান্ত হইলে তাঁহাদের কিঙ্করগণ তখন সময়োচিত বীজনাদি করিয়া তাঁহাদের শ্রমাপনোদন করিতেছেন। ৫৯

॥ চতুর্থাঙ্ক শেষ ॥

## পঞ্চমাঙ্ক

( শ্রীকৃষ্ণকে ) **বলদেব—**

চল যাই যমুনা-সিনানে দয়িত অবিলম্ব।
ঐ দেখ তপন শিরস্থলে বিকীরই তীখিন কিরণ-কদম্ব ॥
শারদ-চন্দা বিজয়ি তব আনন অহহ ভেল মলিনা।
কৃত-বাহুবিক্রম কোমল কান হে, দুঃখ মোর হোত দারুণা ॥
পয়ানক কালে মাতাক বেরি বেরি বিনতি তুহু কারণ ॥
শুনিয়াছ ভাইয়া, অতএ চল চল, না কর বচন লঙ্ঘন ॥
সখাগণ ভেল পরিশ্রান্ত কলেবর সঙ্গহি চলব সিনানে।
সুকোমল-ঘাস-ভোজী গোধনগণ স্বচ্ছন্দে করু জলপানে ॥
শ্রীবলদেব নিদেশ তদপি অসত্বর নন্দকিশোর-বিহারা।
দ্বারকানাথ কবিকৃত-বর্ণনে সঙ্গীতে হোত উদারা ॥ ১

তৎক্ষণাৎ বলরামের শিঙ্গা বাজিয়া উঠিল—তাহাতে গোপবালকগণ সত্বর নিজ নিজ গোযূথকে নাম ধরিয়া বেণুস্বরে ডাকিতে লাগিলেন। প্রচুরতর দূর্বাঙ্কুরাদি ভোজন করিয়া উদরপূর্ত্তিতে পশুগণ আর চলিতে পারে না। বালকগণ কৃষ্ণকে মধ্যে রাখিয়া যমুনায় প্রবেশ করিলেন ।১। অহো! যমুনা মণিমাণিক্যাদিবদ্ধ তীরে বিরাজিত বৃক্ষসমূহের পুষ্পরাশির সৌগন্ধ্যে আমোদিত হইতেছে—কোকিলকুলের কলধ্বনিতে এবং জলচর পক্ষিগণের অতি মধুর কাকলিতে মুখরিত হইতেছে—উহা জম্বূফলের ন্যায় শ্যামল নির্মল অতল জলে পরিপূর্ণ—তাহাতে আবার বিবিধ মৎস্য খেলা করিতেছে—স্বর্ণকমল-বন শোভা পাইতেছে—একটিও হিংস্র প্রাণী তাহাতে নাই ॥ ২

গাভীগণ বেগে গিয়া দর্পণতুল্য স্বচ্ছজলে নিজ প্রতিবিম্ব দেখিয়া ঈষৎ ক্ষুব্ধ হইল, প্রথমতঃ ধীরে ধীরে মুখ লাগাইয়া পরে সম্যক্‌রূপে জলে ডুবাইয়া জলপান করিল। দন্তপংক্তি প্রকটনপূর্ব্বক ইহারা যখন নাসিকা উত্তোলন করিল, তখন মনে হইল যেন উহারা নিকটবর্ত্তী অমৃত-ভোজী দেবতাগণকে উপহাসই করিতেছে। ৩। জলপানে উদরপূর্ণ করিয়া বিশাল বিশাল বৃষগুলি ধীরে ধীরে তীরে আসিল—শৃঙ্গদ্বারা স্বর্ণচূর্ণযুক্ত মৃত্তিকা খুঁড়িয়া খুঁড়িয়া উচ্চ শব্দ করিতে লাগিল—আগে চরণদ্বয়কে আস্ফালন করিয়া করিয়া উহারা রোষান্বিত হইয়া সমান সমান নিমীলিত-চক্ষু বৃষগণের সহিত যুদ্ধ করিবার জন্য মহাবেগে আসিতে লাগিল। ৪। যমুনাকূলে ঐ গোবিন্দ সেই গোপগণের সঙ্গে প্রতিক্ষণে পুনঃপুনঃ গোযুদ্ধ-গীত গান করিতে করিতে করতালিকা বাদন করিতেছেন এবং উদ্দৃপ্ত উৎসাহ ও বীর্য্যে চেষ্টাশীল সেই বৃষগণের পরস্পর শৃঙ্গদ্বয় মিলিত করিয়া বক্র উল্লম্ফনাদিপূর্ব্বক মহাযুদ্ধ-কৌতুক দর্শন করিতেছেন। ৫। 'গোবিন্দ! এস, আর বিলম্বে প্রয়োজন নাই'—এই বলিয়া বলরাম তাঁহার হস্ত ধারণ করিলে শ্রীকৃষ্ণ তাঁহার সঙ্গে চলিলেন। ৬। দর্পণসম নির্ম্মলজলে মুকুন্দ স্বীয় মদন-গর্বনাশন নয়ন-রসায়ন প্রতিবিম্ব দেখিয়া হৃতচিত্তে তৎপ্রতি দৃষ্টি নিবদ্ধ করিয়াই রহিলেন। ৭। তখন কালিন্দী শ্রান্ত প্রাণকান্ত শ্রীহরির পদাব্জ স্বীয় তরঙ্গ-হস্তে প্রক্ষালন করত কমলোপহার দিয়া কুলুকুলু শব্দে যেন তাঁহাকে স্বাগত নিবেদন করিলেন। ৮। তৎপরে দাসগণের নিকট বিচিত্র বাস ও আভরণাদি ন্যস্ত করিয়া গোপালগণ সকলেই যমুনা-জলে ঝম্প দিলেন। ৯। বাহুবলে সন্তরণ করত কেহ কেহ পুনঃপুনঃ পারে যাইতেছেন, কেহ বা তীরে উঠিয়া বেগভরে মুহুর্ম্মুহু যমুনার গভীর জলে ঝম্প দিতেছেন,—ছল-প্রবীণ কেহ কেহ জলে নিমগ্ন হইয়া যাইতে যাইতে ত্রাসাতুর কাহারও কাহারও বা চরণ ধরিয়া টানিতেছেন—

তাহাতে তাঁহারা সচকিত হইয়া 'একি ব্যাপার?' বলিয়া জলের দিকে দৃষ্টিপাত করিতেছেন। ১০। মধ্যদেশে উত্তুঙ্গতরঙ্গরূপ-স্তনযুগলা, তীরপ্রান্তে ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গরূপ-হস্তযুক্তা, স্বর্ণকমলসমূহরূপ পীতবসনা, স্বদর্শনে জাতগৌরবা, সূর্য্যের কিরণসমূহে উজ্জল তটরূপ-শ্রোণিদেশের সুরত্নে সমুজ্জলা কালিন্দীকে শ্রীকৃষ্ণ কুতুকবশতঃ দয়িতাবৎ আলিঙ্গন করিতেছেন। ১১

গোবিন্দ বিহরই যমুনাক নীরে।
সাদর হৃদয় সখা সমুদায়ে, সুখ বিতরই সুখসারে॥
কৌতুক-পরবশ স্নিগ্ধ সখাগণ দেওত জল সবেগে।
তছু পরি সো পুন করযুগ ভরি ভরি দেওত মানস-আবেগে॥
পরস্পর ধৃত করগহি প্রিয়গণ চৌদিশি বেড়ল তায়।
গল-পরিমাণ-জলে নৃত্য করত সুছন্দে সুগীত গায়॥
নক্রগতি পুন করতহি বিক্রম সহচরগণ অগোচর।
তছু চরণে ধরি নিজ করযুগে ইহ, হোওত ভীতিকর॥
হসইতে তৈখন জলচল মিত্রবর-অংসযুগে পদ রাখি।
ঘূর্ণিত স্বদেহ জলমধি পাতই সন্তরই পুন ইহ ভাখি'॥
ঝটিতি কো ইহ মুঝে ধরব দেখি, সুন্দর দয়িত-সমাজে।
কবিকৃত বর্ণনে সহচরগণসহ কানুক জলকেলি সাজে॥ ২

শীঘ্রই শ্রীব্রজেন্দ্রনন্দন দূরীভূত হইতে ইচ্ছা করিয়া যাইতে থাকিলে দৃঢ়প্রতিজ্ঞাবদ্ধ সখাগণ তাঁহাকে ধরিবার জন্য সন্তরণ করিতে লাগিলেন—তিনি কিন্তু নীলপদ্মবনে লুক্কায়িত হইলেন। নিজের মুখসদৃশ নীলপদ্ম-ব্যাপ্ত জলে দেহটি মগ্ন করত মুখটি জলের উপরে প্রকাশ করিলেন। সমীপবর্ত্তী হইলেও কেহ তাঁহাকে ধরিতে পারিলেন না—অন্বেষণকারি-

গণকে কিন্তু তিনি কুতুকভরে বেশ দেখিতেছেন—বহু অনুসন্ধানের পরে শ্রীদাম নিকটে গিয়াও কিন্তু বিচিত্র পদ্মবুদ্ধি করত সাদরে ধরিতে গেলেন বটে, কিন্তু তাঁহার সুহাসিত মুখ দেখিয়া এইরূপে বিচার করিতেছেন—

হেরহো সখাগণ পাইনু নিরুপম নীল সরোরুহ এরি।
বন্ধুমুখাকৃতি বিলসই যদপি, চিত ভরমই হামারি ॥
চন্দ্রকান্তমণি সম দন্তকিরণ যৈছে সুন্দর কেশর জাল।
অরুণ ওষ্ঠাধর, কান্তি অতিসুন্দর যছু মধত যুগ নাল ॥
নেনসম খঞ্জন' পরিসজ্জিত জনু নাসাসম দলযুগ।
ভাঙ যুগে পুন, তুলিত দ্বিরেফ যৈছে, বিলসই পরম মনোজ্ঞ ॥
শ্রুতি জনু নবীন পত্রযুগে বেষ্টিত, তছু পার্শ্বযুগ বিলাস ॥
হাস্যসম তহিঁ সমীর-বিকাশনে হোওল মম ধৃতিনাশ ॥
শ্রীদামক বচন-সম্ভ্রমে সঙ্গত কৌতুকী সহচরজাল।
সদাকাল ফুরউ, নিখিল জনহৃদি সো বর শ্যাম গোপাল ॥ ৩

এইরূপে শ্রীকৃষ্ণ যমুনাজলে কেলিবিলাসাদি করিয়া তীরে উঠিলেন, তখন তাঁহার পরিধেয় বস্ত্র হইতে জলবিন্দু ক্ষরিত হইতেছিল, অথচ ঐ বস্ত্র ভেদ করিয়াই তদীয় শ্রোণির অপরূপ জ্যোতি বহির্গত হইল—তিনি ঈষৎ কম্পিত হইতেছেন—তাঁহার লম্বায়মান অতিমনোজ্ঞ কেশকলাপ ও শিখাসংযুক্ত জটা—মুখে মৃদুমধুর হাস্য প্রায়ই শোভিত—সীৎকারাবসরে প্রকাশিত দন্তরূপ দর্পণের কিরণে সুন্দর মুখটি আরো শোভায়মান হইয়াছে। ১২। কেশবন্ধন, আলেপ, মালা, চিত্র, তিলকাদি আকল্প ধ্বস্ত হইলেও কিন্তু তিনি সর্বশরীরে নিরুপমা অপরা লক্ষ্মী ( শোভাসমৃদ্ধি ) ধারণ করিয়া অধিকতর প্রকাশমান হইলেন। তাঁহার বক্ষোদেশে কাঞ্চনরেখা-রূপা লক্ষ্মী স্ফুর্তি পাইতে লাগিলেন। চন্দ্রবিজয়ি-সৌন্দর্যযুক্ত নখরাজি-শোভিত-সুন্দর রক্তপদ্মের শ্রীহারী যে শ্রীপাদপদ্ম—তাহা হইতে

জল ক্ষরণ হইলে মনে হয় যেন সেই প্রভুর চরণ হইতে গঙ্গা-প্রবাহই চলিতেছে। ১৩। স্বর্ণবর্ণ উজ্জ্বল কূলে নানাবিধ বিলাসভাজন সহচরগণ-সমভিব্যাহারে তিনি রক্তকাদি মুখ্য মুখ্য দাসগণকর্ত্তৃক সংমার্জিতাঙ্গ হইলেন এবং ক্রমশঃ গলিত-কাঞ্চনবৎ পীতবসন এবং রত্নময় অলঙ্কার সমূহ ও প্রতিপদে আনন্দ করিয়া অঙ্গরাগাদি গ্রহণ করিলেন। ১৪

( আনন্দ-সমুদ্রে নিমগ্নচিত্ত শ্রীব্রজেন্দ্রনন্দন সহচরগণসহ শ্রীযশোদাদি-প্রদত্ত সুস্বাদুতর চতুর্বিধ ভোজন-সামগ্রী মণ্ডলীভদ্র প্রভৃতি দ্বারা বণ্টন করত ভোজন করিতে প্রবৃত্ত হইলেন। )

ভুঞ্জই সগণ মুকুন্দ।
মাতৃগণ-দত্ত বহুবিধ মিষ্ট সখাগণ লেই সঙ্গ ॥
যমুনাকূলে দেবতরু-মূলে বিস্তৃত মনোজ্ঞ দেশে।
সুন্দর বিচিত্র অকৃত্রিম পাত্রে, বৃন্দাসম্পদ-বিশেষে ॥
সম্মুখে শ্রীদাম উত্তরে সুদাম সুন্দরতর সাজে।
পূরবে বসুদাম ডাহিনে কিঙ্কিণি অনুগত গণ বিরাজে ॥
উৎপল-পত্রে অবস্থিত চিত্র আভীর কুমারগণ।
তছু মধ্যে বিলসই সভার সমুখে সুন্দর মদনমোহন ॥
স্বমুখে প্রবিষ্ট স্বাদুবিশিষ্ট ভোজনীয় হৈলে রমণীয়।
সাদর চিত্ত-সখাগণদত্ত সামোদ কানু-ভোজনীয় ॥
নিকটগ বন্ধুক স্বকবল হরইতে কৈল হসন বহুবার।
করমুখলগ্ন সহসা অন্নক হরণে কুতুক অপার ॥
রসিকগণ-পতি শ্রীগোবিন্দ সুখদ ভোজন-রঙ্গ।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে উমগত সুখাব্ধি-তরঙ্গ ॥ ৪

অনন্তর শ্রীহরি যমুনাজলে কুতূহলে আচমন করত প্রিয়গণের সহিত

তাম্বূলাদি মুখবাস গ্রহণ করিলেন। ১৫। তৎপরে রক্তকাদি মহামনোজ্ঞ দাসগণ শ্রীকৃষ্ণের বদনচন্দ্র-ক্ষরিত সুধার সুস্বাদ-পরাকাষ্ঠাযুক্ত দেবগণের ধ্যেয় ও তাহাদের অভীষ্ট তদীয় পাত্রোচ্ছিষ্ট পরস্পর লুণ্ঠন করিয়া ভোজন করিতে লাগিলেন, তৎকালে তাঁহারা কক্ষতালি সহকারে নৃত্য গান করিতে করিতে মহাকৌতুক করিতেছেন। ১৬।

( অনন্তর শ্রীকৃষ্ণকে ) **বালকগণ** —মহারাজ নন্দ গোপরক্ষক হইয়া নগরে আনন্দ করুন। সংপ্রতি তুমি এই বৃন্দাবনে আমাদের রাজা হও, দুষ্টাধম সেই কংস তোমার ভয়ে নিয়ত ভীত হউক; বলবান্ আমরা তোমার পার্ষদ হইয়া নিখিল বন্য প্রজাদিগকে প্রতিপালন করিব। ১৭। এই বাক্য বলিয়াই কুতুকবিবশ গোপবালকগণ শ্রীকৃষ্ণকে নৃপত্বে অভিষেক করিলেন। শ্রীবলদেবকে মন্ত্রিপদে, শ্রীদামাদিকে বিবিধ রসাল বাক্যে ক্রমশঃ পার্ষদাদিপদে তিনি নিযুক্ত করিলেন। ১৮। কল্পবৃক্ষমূলে মহাবেদীর উপরে বিস্তৃত সিংহাসনে শ্রীকৃষ্ণ মদনমোহনরূপে অধিষ্ঠিত হইলেন—শ্রীদামের হস্তে রাজছত্র শোভিত হইল—মহাবল সুবল প্রভৃতি পার্ষদগণে আবৃত হইয়া শ্রীসুদাম নিখিল রাজকার্য্য পরিচালনার ভার নিলেন। ১৯। মহারাজ তখন অন্যান্য রাখালগণকে দ্বারপাল, কোষাধ্যক্ষ ও সৈন্যাদির পদ দিলেন—বৃক্ষদের নম্র শাখাসমূহকে বনজনপদের আধিপত্য দিলেন; করিরাজ তুরঙ্গাদির মধ্যে কাহাকেও আবার তাহাদের অধিনায়কত্ব দান করিলেন। ২০। প্রিয়সহচরগণ কেহ কেহ বনমালা, সুন্দর পুষ্প, অঙ্গরাগ ও সুগন্ধাদি দ্বারা শ্রীকৃষ্ণের আকল্প রচনা করিলেন, কেহ বা সাদরে সিংহাসনের প্রতি স্থানটি পুষ্পমণ্ডিত করিলেন—কেহ চামর সঞ্চালন, কেহ সুললিত নাট্য সঙ্গীতাদি, কেহ বা বাক্য-কুতূহল করিতে লাগিলেন।২.। কেহ কেহ অমৃতমধুর মনোহর ফল, কেহ সুগন্ধি কুসুম, কেহ স্বহস্তে বিরচিত মালা, কেহ বা তৃণরাজ-( নারিকেল, বংশ বা তাল )-পত্র-নির্মিত শৃঙ্গ, কেহ বা মধুপূর্ণপাত্র, মহারাজকে কর-স্বরূপে

দিলেন। ২২। কেহ বা নিজ-সঙ্গীতে হৃতচিত্ত হরিণগণ, নৃত্যশীল ময়ূরসমূহ, শুকশারিকাদি—কেহ বা মনোজ্ঞ শব্দে শ্রীকৃষ্ণ ও সখাগণের বিমল যশোগায়ক সুন্দর সুন্দর পক্ষিগণকে উপঢৌকন দিলেন। ২৩

( বালকগণকে শ্রীকৃষ্ণাদিষ্ট ) **সুদাম**—ওহে সেনাপতিগণ! তোমরা পথে পথে ঘুরিয়া বেড়াও--পথিকদিগকে বল 'এক্ষণে নৃপচক্রচূড়ামণি শ্রীগোবিন্দের রাজত্ব প্রবৃত্ত হইয়াছে—এই বৃন্দাবনে অন্য রাজা কেহ নাই। সকলে আমাদের এই রাজার বিপুলকীর্ত্তি ঘোষণা কর—যাহাতে কংসের মনে নিদারুণ শেল আরোপিত হয়। যে কংসের কথা মুখে আনিবে, তাহাকেই তাড়না করিবে।' তাহারা আদেশমত কার্য করিতে লাগিল। ২৪

তৎপরে কুতুকাক্রান্ত গোপবালকগণ সুরতরুবর-বেদীতে মুকুন্দকে অধিষ্ঠিত করত সকলে চতুর্দিকে বেষ্টনপূর্বক বিবিধ ললিত বাদ্য-সহকারে করকমলের সুতালে ও সুস্বরে মনোজ্ঞ গান আরম্ভ করিলেন। ২৫

জয় জয় বলদেব-মিলিত বৃন্দাবন-ভূপা।
সুরতরুমূলবাসী মদন-মনোহররূপা॥
নবঘন শ্যামল-দেহ হে পীতবসন-ধারিন্।
পরিসর বক্ষে লম্বিত-বনমাল হে আনন্দ-দায়িন্॥
সুরচিত শিখিপিঞ্ছচূড় হে গুঞ্জাগণ-কৃতশোভ।
শ্রবণযুগলে তব লোলিত রত্নমকরকুণ্ডল দেব॥
অরুণবিনিন্দি চরণ-নখরে লুঠত অগণিত চন্দা।
মণিময় আভরণ গণকৃত-ভূষণ-ভূষণ অঙ্গবৃন্দা॥
প্রিয়সখাগণ-কৃত সঙ্গীত-আনন্দে মগন হরি রাজা।
জগবাসিজন-হৃদয়মধি সুখ তছু হোওত সুবিরাজা॥ ৫

অনন্তর পুরোহিত **মধুমঙ্গল**—মহারাজের জয় হউক, জয় হউক—

(এই বলিয়া আসন গ্রহণ করত) হে বৃন্দাবন-পুরন্দর! আপনার কীর্ত্তি-গঙ্গা ভূতল হইতে নৃপতিগণের কর্ণরূপ পর্বতসমূহকে ভেদ করত সাধুগণের কর্ণরূপ হিমালয়ের মস্তকে স্ফুরিত হইয়া স্বর্গে দেবেন্দ্রের কর্ণসমুদ্রে প্রবিষ্ট হইয়াছে—আশ্চর্য্যের ব্যাপার এই যে কুতুকী বৃহস্পতি বহুদিন পর্য্যন্ত এই কীর্ত্তিগঙ্গায় স্নান করিতেছেন। ২৬

পুরোহিত আমি আপনার নিরন্তর কল্যাণই কামনা করি, আমারই আশীর্ব্বাদে আপনি রাজত্ব প্রাপ্তি করিয়াছেন, তবে এক্ষণে আপনি আমাকে একটি অশ্ব দান করুন—বহুদিন যাবৎ এই ইচ্ছা পোষণ করিতেছি। ২৭

[ সঙ্গীতশ্রবণে সমীপাগত অশ্বাকৃতি হরিণকে যাচ্ঞা করিলে ]

(হাস্যমুখে) **শ্রীকৃষ্ণ**—এইটি নেও, কিন্তু আরোহণ করিও না, হে ব্রাহ্মণ! তুমি অশ্বারোহণ করিতে জান না।

**মধুমঙ্গল**—হে বৃন্দাবনেন্দ্র! হে পৃথ্বীপতিকুলতিলক! আপনার বাক্য আমাদের উৎকট উপহাসের বিষয়। এ পৃথিবীতে এমন কি অসাধ্য কর্ম আছে যাহা যোগবলে অর্জিত মহাশক্তিবিশিষ্ট ব্রাহ্মণগণ সমাপন করিতে না পারে? আপনি কি কখন কোথাও বিচিত্রকার্য্য বিশ্বামিত্রাদির কথা শুনেন নাই? ২৭

(হাস্যমুখে) **শ্রীকৃষ্ণ**—আপনি এই অশ্বের পৃষ্ঠ হইতে পড়িয়া গেলে আমাদের কিন্তু দোষ নাই।

**মধুমঙ্গল**—'উত্তম কথা' (এই বলিয়া স্বভাবচপল মধুমঙ্গল তুরগাকার হরিণের উপর চাপিলেন। অন্তরে হাস্য চাপিয়া গোপালগণ ঐ হরিণটিকে ধরিয়া রাখিলেন।)

গোপালগণ মহাকুতূহলান্বিত হইয়া মধুমঙ্গলের অধঃস্থিত পদদ্বয়ে সংলগ্ন বক্রাকৃতি বিভূষণদ্বয়কে দৃঢ়াশক্ত করিয়া অশ্বসম-হরিণে আরূঢ়

হাস্যশোভিবদন মধুর পশ্চাৎ পশ্চাৎ বহুক্ষণ যাবৎ হো হো ধ্বনির সহিত করতালি বাদনপূর্ব্বক উচ্চ ধ্বনি করিতে লাগিলেন। ২৮। স্বভাবতঃই চঞ্চলতর তরুণ হরিণটী পশ্চাৎ পশ্চাৎ বালকদের প্রচুরধ্বনি শ্রবণ হেতু দ্বিগুণতর চাঞ্চল্যে প্রকাণ্ড প্রকাণ্ড লম্ফদানপূর্বক মধুকে পৃষ্ঠে নিয়া ছুটিতে লাগিল। এদিকে মধুমঙ্গল চীৎকার করিয়া বলিতে লাগিলেন— "হাহা! গোকুলনাথ! মূর্খতর আমাকে এবার রক্ষা কর, রক্ষা কর। মধু এরূপ আর কখনও করিবে না হে! ২৯। ভয়াতুরতর হরিণটী স্বাভাবিক কৃশত্ববশতঃ ইতস্ততঃ দূরদেশে ধাবমান হইলেও সমান ভয়াতুর মধুমঙ্গলকে ফেলিয়া দিল না; করুণাসমুদ্র গোবিন্দের জগন্মনোমোহন বংশীগানে পুনরায় উহা আকৃষ্ট হইয়া নিকটে আসিল, গোপবালকগণ ইহা বিস্মিতনয়নে দেখিলেন। ৩০। সুস্মিতবদন হরি বংশীনাদে আনীত হরিণের পৃষ্ঠদেশ হইতে শীঘ্রই স্বয়ং মধুমঙ্গলকে নামাইলেন। ৩১

( তদবস্থ হইয়াও **মধুমঙ্গল** শ্রীকৃষ্ণকে )—হে রাজন্! এই তুরঙ্গমটি গর্দভ হইতেও অতি মন্থর—সুতরাং আমার উপযুক্ত নহে। কশাঘাতে উহার চর্ম ত্রুটিত হইলেও উহা পথে আমাকে বহিতে পারিল না। সুতরাং এই নিকৃষ্ট অশ্ব দিয়া আমার প্রয়োজন নাই—আপনি যেমন নৃপতি, আপনারই যোগ্য এই অশ্ব—যোগ্যজনই যোগ্যবস্তুর স্পৃহা রাখে। ৩২

( হাস্যমুখে ) **শ্রীকৃষ্ণ**—অন্য একটি অশ্ব গ্রহণ করুন।

**মধু**—( দ্রুতবেগে ) ব্রাহ্মণ আমরা—অশ্বের কি দরকার? তপস্যায় নিরন্তর মগ্ন থাকিব—ইহাতেই সর্বসিদ্ধি হইবে। [ এই বলিয়া ক্ষণকাল মিথ্যা যোগাসনে বসিয়া চক্ষুনিমীলন পূর্বক ) ওগো রাজা! তোমার গরু কোথায় গেল, আগে তাহাদের আনয়ন কর—তবে রাজ্য করিবে, আমিও পৌরোহিত্য করিব।

( এই কথায় চকিত হইয়া যাত্রা করিলে গোবিন্দকে ) **শ্রীবলদেব—**

ইহ বিহর হে ভাইয়া গোবিন্দ !
কোথাও যেওনা ভাই অজ্ঞাত-গোগতিবন্ধ ॥
ব্রজদয়িত হে যশোদা-নন্দন কোমলতর-পাদসরোজ ।
চলুক যথা তথা, গোধনগণ ইহ, আনিব হে শিশুব্রজরাজ ॥
নিকটে থাকুক তব ভাই কানাই হে স্থবল সহ উজ্জ্বল নাম ।
তব সহ কেলিভরে নিমগন হোওব সুন্দর-কাম ॥
রাম-নিদেশ শুনি' লভিলা সুখ তব, অচ্যুত মহারাজ ।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে নিরুপম সুখবিরাজ ॥ ৬

॥ পঞ্চমাঙ্ক শেষ ॥

# ষষ্ঠাঙ্ক

শ্রীহরির বিরহে চঞ্চলা শ্রীরাধা গৃহমধ্যে তাঁহার অনুগতমনস্কা গোপী-সমাজে অবস্থানপূর্ব্বক অনবরত অশ্রুপাত করত বস্ত্রাদি আর্দ্র করিলেন এবং নীরবে অনুরাগভরে অস্ফুট রোদন করিতেছেন। ১

( ঐ গৃহে প্রবেশ করত ) **পৌর্ণমাসী**—শ্রীবার্ষভানবীর জয় হউক, জয় হউক !! ( তদবস্থা শ্রীরাধার দর্শনে তিনি সচকিতনয়নে বহু কথা জিজ্ঞাসা করিলেন। )

কেন হেথা কাঁদই সুবিকলা রাধে !
কথা কহিছ না বুঝি রাজগৌরব-বোধে ?
কাহারও দুর্বাক্যে ব্যথা পাঞাছ কি তুমি ?
মলিন-বদনে কেন রহিয়াছ ভামিনি ?
তব প্রিয় বস্তু কেহ করেছে কি অপহার ?
কেনই বা করেছ তুমি বাক্য—পরিহার ?
অথবা অভীষ্ট তব রহে অপূরিত।
যদি বল' আনি দিব করতলগত।
অথবা তোমাকে লইব সমীপে তাঁহান।
কেন ত্যাগ করিয়াছ সুবেশ রচন ?
হরিবিরহে অতিকাতরা রাধা।
মূক সখীগণ তাহে চৌদিশি বাধা।
তহি অতিক্ষীণ স্বরে অনুনয় বাণী।
গীতরচনে ইহ উঘটিল পরাণি ॥ ১

( ক্ষণকাল অধোমুখী থাকিয়া ) **শ্রীরাধা**—আমার দুঃখ কে নিরসন করিবে ?

**পৌর্ণমাসী**—হে রাধে ! পূর্ণচন্দ্রবদনে ! হে কামিনীকূলচূড়ামণি ! তোমার পিতা শ্রীবৃষভানু মহারাজ, মাতা—প্রসিদ্ধা কীর্ত্তিদা, তোমার প্রিয়তম ভাই শ্রীদামও গুণসাগর ; আর তোমার বিভূতিও ত সর্ব্বশ্রেষ্ঠা, সুতরাং তোমার দুঃখের ত কোনই কারণ দেখিতেছি না !! তথাপি বলিতেছ যে তোমার দুঃখ—আচ্ছা বল দেখি সে দুঃখ কি ? যে উপায়ে তাহার নিরসন হয়, তাহাই আমি করিব। ২

( উভয়ের উক্তি-প্রত্যুক্তি )

**রাধা**—আর্যে ! আপনার নিকট আমার গোপনীয় কি আছে ? শ্রীনন্দনন্দনই আমার পরম দুঃখ। **পৌর্ণমাসী**—হে দয়িতে ! তিনি ত বিশ্বসুখের একমাত্র নিদান হে ! রাধা—আমি সকল ব্রহ্মাণ্ড হইতে ভিন্ন। সকল সখীগণসহ আমি তাঁহাকে দর্শন করিতে করিতেই তিনি খরতর কটাক্ষবাণ-নিক্ষেপে আমাকে অত্যন্ত ছিন্নভিন্ন করত সহসা মনটিকেও সর্বথা চুরি করিয়া বনগমন করিয়াছেন। ৩

**পৌর্ণমাসী**—

দুঃখ পরিহর' রাধে !
বনে কিবা অন্যত্র, করু গমন মনোহর
মিলাব তোমা' নির্বিবাদে ॥

হৃতচিত-আহরণে পরম সমর্থা মুঞি, মোর এ শপথ বাণী।
হৃদয়-হরে তব, হৃদয় সহ দিব, সত্য বলি জানহ তুমি ॥
অনুসর সুন্দরি ! কুসুমচয়নছলে, বৃন্দাবনে কর মেলা।
তোমা সভা সহ মুঞিহ যাইব তথা, করিব এ দৌত্য-কলা ॥

ভুরু-কামধনু পরি, আরোপহ সুন্দরি ! খরতর নয়নক বাণ।
বার এক নিক্ষিপ, মনচোর উপরি, যৈছে পড়ব নাগর কান ॥
পূরণমাসী-ভণিত সুস্মিত মুখবিধু মৃদুমধু বচন-বিলাসা।
মিলসউ কবিহৃদি শ্যামসহ রাইক পহিলহি সঙ্গম-আশা ॥

( আনন্দের সহিত ) **রাধা**—আর্য্যে ! আপনার চরণে ভূয়োভূয়ঃ নমস্কার। তাঁহার নয়নভঙ্গীতে লুব্ধ হইয়া স্বয়ং গত অতএব অনাত্মীয় হৃদয়ে আমার প্রয়োজন নাই। উহা স্বচ্ছন্দে সুচিরকাল ব্যাপিয়া ওখানেই রমণ করুক ; কিন্তু সেই হৃদয়ের আশ্রয়স্বরূপ ধূর্ত্ত-চূড়ামণিকে এ স্থানে মিলন করাইয়া দিন, যাহাতে নিশ্চিতরূপে বিহিত বিধান করিতে পারি। ৪

পৌর্ণমাসীকে সম্মুখে করিয়া হর্ষবিহ্বলা শ্রীরাধা সখীগণ-সমভিব্যাহারে বৃন্দাবনে শ্রীহরির দর্শনাশায় যাইতেছেন। ৫

কুতুকে চলই শ্রীরাধা।
মদনমোহন শ্যামক মন-মথনে উৎকণ্ঠা অগাধা ॥
থির বিজুরি সম তুলিত-কলেবরে নীল দুকূল পরিধান।
মণিময় ভূষণে ভূষিত হি সব তনু অতিসরুয়া কটিখান ॥
পূর্ণসুধাকর-বিজয়ি মুখের হাসি, তহিঁ দৃষ্ট দশনক রেখা।
কুচকরিকুম্ভ যাক উদরে শোহে করিকরসম রোমলেখা ॥
বিপুল নিতম্ব-গৃহে যাক শোহত উরু জনু বর কদলীক কাণ্ড।
তহিঁ কটি রসনা বিরাজিত শৃঙ্খলে বদ্ধ কামহস্তী প্রকাণ্ড ॥
হংস-গতি ধনীক মণিময় নূপুর চরণ-সরোজে প্রকাশ।
বীণাগানযুত কোকিল পঞ্চম নিন্দিত সুমধুর ভাষ ॥
প্রিয়তম-সঙ্গমে বিধৃত-মানস ঘন ঘন রসালসে ভোরা।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে বিরচিত রাধা-অভিসারা ॥

( অনন্তরে পথে বিজ্ঞাত-কৃষ্ণচরিত্রা কোন নারীর সহিত শ্রীরাধার ক্রমশঃ উক্তি-প্রত্যুক্তি )

প্রশ্ন—কোথায় যাইতেছ হে? উত্তর—বৃন্দাবনে। কেন? কান্ত-পুষ্পেচ্ছায় ( কমনীয় পুষ্পের উদ্দেশ্যে, কান্ত-কৃষ্ণরূপ কুসুমের জন্য )। ওখানে যাইও না; কেন হে? ধূর্ত্ত ব্রজেন্দ্রনন্দন এই পথে জনগণকে অবরুদ্ধ করিতেছে এবং মহাধৃষ্টতাও প্রকাশ করিতেছে। আমার তাহাতে ভয় কি? আমি যে রাজনন্দিনী এবং অচ্যুতমতি ( অস্খলিত-মতি, শ্রীকৃষ্ণে মতিশীলা )।

**রাধিকা**—তিনি কি করিতেছেন? ৬

**নারী**—বৃন্দাবনে তিনি স্বয়ং রাজা হইয়া বিশেষতঃ তরুণীগণকে রুদ্ধ করত যে ধার্ষ্ট্য রচনা করিতেছেন, তাহা বর্ণনা করিতে বাক্যও লজ্জিত হয়। সুহৃদান্ত কৃষ্ণ কংস রাজার নামেই তৃণবৎ মনে করিতেছে—সুতরাং এক্ষণে কংসানুগত জনগণের ওখানে যাওয়া নিরাপদ নহে। ৭

( পুনরায় তাঁহাদের উক্তি-প্রত্যুক্তি )

তিনি এখন কোথায় আছেন হে? উত্তর—ঐ নিকটবর্ত্তী তরুর মূলদেশস্থ বেদীর সিংহাসনে সুবল ও উজ্জ্বলের সহিত মিলিত হইয়া মুকুন্দ বিবিধ বিলাসপূর্বক নরপতিচক্রবর্ত্তিম্মন্য হইয়া যথেচ্ছ ব্যবহার করিতেছেন। ৮। শুনিয়াছিলাম যে ব্রজেন্দ্রনন্দন দেহধারিগণের মধ্যে সুশীল? উত্তর—তিনি এরূপ ( সুশীল ) নহেন, অন্য কাহারও কথা শুনিয়া থাকিবে; আমি ত আর অন্ধও নহি, নবীনাও নহি। তমাল-শ্যামলকান্তি, গলিত সুবর্ণবৎ পীতবসনধারী মদনমোহনবিগ্রহ আর কেই বা হয়? ৯। তিনি স্বয়ং এরূপ দৌরাত্ম্য করেন না, তাঁহার অনুগত সখাদ্বয়ই ওরূপ করে, অথবা উৎপাত করিলে পথিক রমণী-গণকে তিনি উপদ্রুত করেন। উত্তর—হে শারদবিমলচন্দ্রমুখি রাধে!

তুমি যখন ওখানে যাইতে ইচ্ছা করিয়াছ, তখন তুমিও ঐরূপ উৎপাত-ভাগী হইবে এবং ইহাতে বিরোধী কে, তাহাকেও জানিবে। ১০

( অতঃপর সেই নারীর বাক্যরূপা গঙ্গা শ্রুতিপথে প্রবিষ্ট হইয়া শ্রীরাধার রাগসমুদ্র সমুচ্ছলিত করিলে তিনি মৃদুমধুর হাস্যে বয়স্যাগণের প্রতি অবলোকন করিলেন—)

শ্রীরাধা প্রবিশই বৃন্দাকাননে।

কামবাণ-পীড়িত হরিচিন্তা আকুল, বিশিথিল ইন্দ্রিয়গণে ॥
কোকিল-পঞ্চমে মিলল মনোহর সুমধুর মধুকর-গান।
স্নিগ্ধ সুগন্ধিত মৃদুল সমীরণে আনন্দিত ময়ূর বিতান ॥
পীন পয়োধর নিতম্বক ভারে বিঘ্ন ভেল দ্রুত যানে।
সখীজন স্কন্ধে, কর করি লম্বন, চলই রসমন্থর-নৈনে ॥
কর-চালনে লোল লীলাকমল সঞে উড়ি পড়ু অলিগণ হায়।
তছু মুখপদ্ম শুভ সৌরভে পুন, দেখি ভয়ে সঘন কাঁপয় ॥
নিকটে বিরাজিত হরি-তনু-পরিমলে লুব্ধ মনোভৃঙ্গক আশা।
দ্বারকানাথ কবি-কৃত সঙ্গীতে বর্ণিত বিচিত্র বিলাসা ॥ ৪

[ অনন্তর শ্রীগোবিন্দকে সম্মুখে দেখিয়া সহচরীগণকে ] **রাধিকা—**

সমুখে দেখ সখি নাগররাজে।

নবঘন জিনি রুচি বিজুরি জনু বসন ধৃতমণিরাজ-সমাজে ॥
মুনিগণ-রমণী মানস-মোহকর বংশী বদনসরোজে।
উরে বনমাল, চন্দনবিন্দু ভালে, দেখি ইন্দু মরয়ে লাজে ॥
মৃদুতম পবনে দোলিত শিখিপুচ্ছ শোভিত যছু কেশপক্ষ।
মঞ্জু দৃগঞ্চলে সঞ্চিত কামক চঞ্চল বিশিখ-কটাক্ষ ॥
যছু রূপে রঞ্জিত সকল দিশা ভেল, নখরে রাজই সুধাকরখণ্ড।
শ্রুতিযুগে চঞ্চল মকর কুণ্ডল দোলে, তহিঁ সুমণ্ডিত ভেল গণ্ড ॥

বার্ষভানবী শ্রীমুখ-বর্ণিত কেশব-রূপ উদার।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীত হৃদয়ে করউ বিহার ॥ ৫

( নীলবসনা গৌরবর্ণা গোপীগণকে হঠাৎ দেখিয়া **শ্রীকৃষ্ণ** স্বগতঃ ) অহো! আকাশচারী চন্দ্রমা কি তারকাগণসহ বসুন্ধরায় আসিল? অথবা জলধর সহিত সৌদামিনীমালা আকাশ হইতে খসিয়া পড়িল কি? কিম্বা বনেশ্বরী দেবীগণই বুঝি আমার নয়নপথের পথিক হইলেন? এইরূপ ভাবিতে ভাবিতে কৃষ্ণ ক্রমে মনে করিলেন যে উহারা গোপী। ১১।

তৎপরে শ্রীবৃষভানুনন্দিনীর মুখচন্দ্র-সন্দর্শনে উচ্ছলিত হইয়া শ্রীহরির ঐ রাগসাগর তাঁহার পুলক মণ্ডিত দেহে আর স্থান পাইল না !! ১২

[ অনন্তর স্বীয় আশ্চর্য্যকর রূপশোভাদর্শনে স্তব্ধা সসহচরী **শ্রীরাধাকে** পশ্চাতে রাখিয়া পুরোগামিনী পৌর্ণমাসীকে সম্বোধনপূর্বক গোপীগণের উদ্দেশ্যে হাস্যবদনে **গোবিন্দ** )—

হে দেবি! তোমার সঙ্গে এই কামিনীগণ কোথা হইতে কেন এদিকে আসিতেছে? অহো! উহাদের লোচনযুগল খঞ্জনবৎ নৃত্য করিতেছে, চন্দ্রমুখের বিকাশে দশদিক্ উদ্ভাসিত হইয়াছে, উহাদের বক্ষোজদ্বয় মত্তহস্তির কুম্ভকেও জয় করিতেছে, অঙ্গপ্রত্যঙ্গ লীলামালায় অতিসুন্দর—উহাদের ভ্রূচাপে কটাক্ষবাণ যোজিত হইয়াছে মনে হয় যেন উহারা কন্দর্পেরই সেনা !! ১৩। ( শ্রীরাধাকে লক্ষ্য করিয়া ) উনি আবার কে? যিনি মুখে কোটি কোটি শরচ্চন্দ্রমার কান্তি ধারণ করিয়াছেন—অঙ্গের কান্তিতে সৌদামিনীমালা জয় করিয়াছেন, যাঁহার পীন উত্তুঙ্গ সুবর্ণকুম্ভের ন্যায় কুচযুগল মরালগতিতে শব্দায়মান মঞ্জীরের মনোজ্ঞ ধ্বনিতে রতিকর্ত্তৃক পূজিতা হইয়াই ক্ষীণোদরী সুশ্রোণী এই সুন্দরী বুঝি সতনু অতনুকে উত্তমরূপে সাক্ষাৎ করিতেছেন !! ১৪

( উভয়ের উক্তি-প্রত্যুক্তি ) **শ্রীকৃষ্ণ**—উহারা যখন পথে আছেন,

তখন কিছু জিজ্ঞাসা করি? **পৌর্ণমাসী**—হে হরি! ইহারা সাধ্বী; সুতরাং বক্ষোজাদি-নিবন্ধনা বর্ণনা এই সাধ্বী কুলবধূর লজ্জাবৃদ্ধিকরী। **শ্রীকৃষ্ণ**—এরূপ বলা যায় না—সমুন্নতিশীল লক্ষ্মীবান্‌জনের বর্ণনাই সাধু। ভাগ্যবান্‌দেরই কখনও স্বাভীষ্টপূর্ত্তি হইয়া থাকে। ১৫

(হাসিয়া) **পৌর্ণমাসী**—হে সুন্দর! ইনি রাধা—শ্রীবৃষভানু-রাজের কন্যা, ইঁহার বদন সূর্য্যও দেখিতে পায় না এবং সুমনঃকাণ্ড-মতিকা (পুষ্পসমূহকর্ত্তৃক আকৃষ্টচিত্তা, পক্ষে—কুসুমধনুর্দ্বারা আকৃষ্টবুদ্ধি) হইয়াছেন। ইনি অভিন্নপ্রাণা সহচরীগণসহ এক্ষণে বনগমন-বিষয়ে আমারই উপাসনা (নিকটে অবস্থান) করিতেছেন। পক্ষে—তোমার সহিত সঙ্গাভিলাষে আমার আরাধনা করিতেছেন। ১৬

(অনন্তর শ্রীকৃষ্ণ-চেষ্টা) "হে আর্য্যে! পথিকজনের নিকট নাম-পরিচয় দিয়া কি লাভ? অতএব প্রার্থনা করি, এক্ষণে সত্বর গমন করুন; পথে কুলবতীদের পারচয়াদি দোষপ্রদ।" এই কথা বলিয়া সখীসহ প্রস্থানেচ্ছু শ্রীরাধাকে চঞ্চল হরি স্বয়ং বাহুযুগল প্রসারণ করত 'কোথায় যাইতেছ হে' বলিয়া অবরোধ করিলেন। ১৭

[অনন্তর শ্রীরাধামাধবের উক্তি-প্রত্যুক্তি]—

শ্রীরাধা—পথ ছেড়ে দাও হে গোপাল এই বনে।
শ্রীকৃষ্ণ—তোমাকে নিবারিব আমি যেতে মম শাসনে॥
শ্রীরাধা—তোমার শাসন কোথায় হে বাটপাড়?
শ্রীকৃষ্ণ—এই বনের রাজা আমি বিদিত সংসার॥
শ্রীরাধা—কংসের অধিকারে অন্য কেহ রাজা নাই।
শ্রীকৃষ্ণ—ওহে কংসভীতে, আমি কংসনাশন হই॥

কপট কলহে কৃষ্ণচন্দ্রে আরাধিলা যিহোঁ।
সকল হৃদয়ে স্ফুরুক্ শ্রীরাধিকা সে হো॥ ৬

**শ্রীরাধা**—তোমার রাজ্য হয়, হউক ; রাজ্যের প্রজা কোথায় ? আমরা কুলবালা, আমাদের অবরোধে তোমার কি প্রয়োজন হে ? যদি একান্তই তুমি বনের রাজা হও, তবে গোধনে, স্বগণে এবং বৃক্ষ-বল্লরীর প্রতি নৃপত্ব প্রকটন কর, নিরপরাধ স্ত্রীগণের প্রতি এ দৌরাত্ম্য কেন ? ১৮

**শ্রীকৃষ্ণ** - কি অপরাধই না করিয়াছ ? কোকিলের স্বর, সিংহের উদর, হস্তির কুম্ভদ্বয়, হরিণীর নেত্র এবং হংসের গমন চুরি করিয়াছ। সেই সমস্ত প্রজাগণ গতিশীল বলিয়া রোষবশে কোথাও চলিয়া গিয়াছে ! কিন্তু তোমার গাত্র ও অধরকর্তৃক হৃতকান্তি হইয়া এই অনন্যগতি (স্থাবর) চম্পক ও বন্ধুক বৃক্ষদ্বয় কেবল ক্রন্দনই করিতেছে !! ১৯

**শ্রীরাধাসখী**—হে বনপতি ! তুমি যাহা বলিতেছ, তাহাই সত্য, কিন্তু ইহা তত দোষের নহে, ইনি বহির্গত ধনগ্রহণ করিয়াছেন, তাহাতে সর্বস্বহরণকারী তোমার ত কিছুই চুরি যায় নাই। আমার সখীর লোচনপথে অদ্য প্রবেশ করিয়া, হে চৌরবর ! তুমি যে ইহার অন্তরস্থ নিখিল বস্তু চুরি করিয়াও স্বসাধুত্ব প্রখ্যাপন করিতেছ—ইহাই আশ্চর্য্য !! ২০

আর এক কথা—সখী বলপূর্ব্বক নিজের অন্তঃকরণরূপ কারাগৃহে সুনিপুণতার সহিত লইয়া নিরোধ করিলেও কিন্তু এই চোরটি বাহিরে, সম্মুখে এবং সর্বদিকেই প্রকাশ পাইতেছেন !! এই রাজকন্যা তোমাকে দেখিতে দেখিতেই চকিতহৃদয়া হইয়া বহু সখীর বেষ্টনে তোমাকে অবরুদ্ধ রাখিতে ইচ্ছা করিতেছেন—এক্ষণে তোমার কি গতি ? ২১ ॥

[ উক্তিপ্রত্যুক্তি ] তোমরা অবলা হইয়া সবল আমাকে নিরোধ করিতে কি সমর্থ হইবে ? উত্তর—তুমি এক্ষণে অগ্রজ (বলদেব) বিরহিত হইয়া বিদ্যমান, সুতরাং তোমার সেই গর্ব আর টিকিবে না ! তবে আমি কি বলবান্ পুরুষ নহি হে ? উত্তর—তবে কেন এক্ষণে কাকুবাদ

করিলে? যাহা হউক এক্ষণে আমরা তোমাকে ক্ষমা করিলাম। তুমিই ত আমাদের বসবাস চুরি করিয়াছিলে বলিয়া এখন ভীত হইতেছ। ২২

( রাধিকাচেষ্টা )—অসূর্য্যম্পশ্যা রাজকুমারী রাধা অতিমৃদুল চরণে স্বয়ং গহন বনে গিয়াও স্বজনের গুরু ভয়ে ভীতা হইয়া স্মরাকুল হইলেও কান্তের সহিত কপট কলহ লীলা বিস্তার করত এক্ষণে গৃহে চলিতেছেন! অহো! প্রেমের গতি কত কুটিল !!! ২৩

॥ ষষ্ঠাঙ্ক শেষ ॥

# সপ্তমাঙ্ক

[ সখীগণ সহ অন্যত্র ছলক্রমে পুষ্পচয়ন করিতে রাধাকে দেখিয়া কামবাণখিন্নমনাঃ হইয়া সুবলকে **শ্রীগোবিন্দ** ]

সখা হে সুবল! বল বল মিত্র উপায়।
রাধায় মিলব কৈছে হাম অনুপায়॥
কামবাণে তনু মন জর জর মোর।
রাধা চিকিৎসিলে হব নিরাময় অন্তর॥
উহ প্রেরিত ঐ নয়ন নিশিত শর।
অসুস্থ করিল মোর হৃদয় জর্জর॥
উহ কুচদুর্গ সমাশ্রিত যো হার।
তছু বিনিবদ্ধ এ'দাসক লোচন-তার॥
তছু মধুরস্বর লাগি উন্মত্ত শ্রবণ।
উহ গাত্র সৌরভ-আশে নাসার ঘূর্ণন॥

স্নিগ্ধ সুগন্ধ মন্দ বহিছে পবন।
পিকের পঞ্চম তান, মধুকর গুঞ্জন॥
কুসুম-সমাকুল ইহ ভেল বৃন্দাবন।
প্রতীত হৈছে মোহে গরল-সমান॥
হৃদয়ে উদয় রাধারূপ-চমৎকার।
বিলাপ করয়ে কৃষ্ণ চাঞ্চল্য অপার॥
দ্বারকানাথ-কবির সঙ্গীতে প্রকাশ।
অনুবাদলেশ কহে দীন হরিদাস॥ ১

**সুবল**—অহো বন্ধু! খেদ করিও না। তোমার ভাগ্যমহিমা প্রকাশ পাইতেছে—ঐ দেখনা কেন রাধা এই নির্জন বৃন্দাবনে আগত হইয়াছে! ধৈর্য্য ধর, তুমি ত চতুর হে! সন্তরণকারী ব্যগ্র হইলেও নদী শীঘ্রই পার করিয়া দেয় কি? ১

[ শ্রীকৃষ্ণকে আশ্বস্ত করত স্বয়ং পরামর্শ ঠিক করিয়া গোপীগণের সম্মুখে গিয়া ] **সুবল**—ওহে সাধ্বীগণ! তোমাদের যদি পুষ্পচয়নেচ্ছা থাকে, তবে এক্ষণে যমুনার পারে যাও, ওখানে নিরুপম সুবৃহৎ পুষ্প-বাটিকা রহিয়াছে। বৃন্দাবনেশ্বর গোপালচূড়ামণিও নিয়ত এই পুষ্পবাটিকা দেখিয়া আশ্চর্য্য মনে করেন এবং তত্রত্য কুসুমসমূহে নিজেদের ভূষণাদি প্রস্তুত করেন। ২

( সুবলসহ গোপীদের উক্তিপ্রত্যুক্তি ) **গোপীগণ**—বিস্তৃতা গভীরজলা এই যমুনা ভয়প্রদা, আমরা যুবতী, আমাদিগকে কে পার করিয়া দিবে—আমরা ত নাবিক না হইলে নিজেরা পারে যাইতে পারি না। **সুবল**—হে গোপীগণ! নিকটে সমাগত শরণ্য পারকার্য্যে বিজ্ঞ গোবিন্দের আরাধনা করিয়া কেনই বা সুখে সুতরণীযোগে ওপারে যাও না? ৩॥ সুবলের মুখে ঈপ্সিত কথা শুনিয়া শ্রীরাধা অতি আনন্দে

হাস্যশোভিতা যুবতিগণের সহিত স্বপ্রভায় বনটীকে আলোকিত করিয়া আনন্দিত চিত্তে মুকুন্দকে কর্ণধাররূপে বরণ করিতে চলিলেন। ৪।
পুনরায় নিজসমীপে সমাগতা স্মিতললিতবদনা লোলনয়না শ্রীরাধাকে অনিমিষ নয়নে নিরীক্ষণ করত মহানন্দে মগ্নচিত্ত অচ্যুত হাস্যশোভিত বদনচন্দ্র উত্তোলিত করত জিজ্ঞাসা করিলেন—। ৫

কোথা যাইতেছ বল দেখি রাধে !
মদন-সিংহাসনে করিয়া বিরোধে॥
শারদীয় চন্দ্র-কান্তি বদনে তোমার।
সুদলিত হিঙ্গুলবৎ রক্ত ওষ্ঠাধর॥
কনক কলস কাঁতি কুচযুগ ভার।
উরসি বিরাজিত মণিময় হার॥
শ্রোণিভরে গতি অতি মন্থর হন।
অতিসরু মধ্যদেশ, পিকের বচন॥
এত বলি বাহু পসারি' করল বাধা।
বিশ্বমনে ফুরউ মদনমোহিনী রাধা॥ ২

এইভাবে প্রাণকান্তের মুখচন্দ্রের বাক্যসুধা পান করত পুনরায় লজ্জিতা হইলেও সখীসমূহের মহানন্দময় বাক্যে উৎসাহিতা শ্রীরাধা স্বয়ং মৃদুমধুর হাস্যশোভিত বদনে ধীর ও অমৃতসিক্ত বাণীবিন্যাসে চাঞ্চল্যকর-বাক্যপ্রয়োগী স্বকর্তৃক-আকুলিত-হৃদয় এবং প্রকাশিত-কম্পাদি শ্রীকৃষ্ণকে বলিতেছেন—। ৬

দুস্তর যমুনা-পার করহে নাবিকবর !
অতিসুন্দর হরে শ্যামল হে শরণ যদুবংশপ্রবীর !!
ও পারক কুসুম সমাহরণে লুব্ধ মোরা তরুণী অতিভীরু।
অভিনব তরুণ হে তরণিবাহন করমে তুমি বিখ্যাত গুরু॥

তীরে নাবিক নাহি ইহ সময়মধি, তরুণীক ভয় বাঢ়ায়।
ঘোর গভীর জলে উত্তাল তরঙ্গ উঠে, ঐ দেখ দুকূল ছাপায়॥
যো হি কৃপালুবর জন-উপকারক হয় হে গিরিরাজধারী।
তাক স্থকীর্ত্তি মনোরথ পূর্ত্তি জগজন মুখে উচারি'॥
বৃষভানুসুতা-মুখচন্দ্রনির্গত বাক্যামৃত করি পান।
স্ফুরউ অবিরত পূরণ মনোরথ হৃদিমাঝে নাগর কান॥

এইরূপে শ্রীবার্ষভানবীর মুখচন্দ্র-নির্গলিত হাস্যালাপামৃতরস শ্রুতিপুটে পান করত পূর্ণোৎসব জগন্মোহন স্মেরমুখ শ্রীকৃষ্ণ গোপীমণ্ডলের মধ্যবর্ত্তী হইয়া স্বচ্ছজলে-উল্লসিত-স্বর্ণকান্তি-পদ্মবন-বিশিষ্ট যমুনার দিকে অগ্রসর হইতেছেন। ৭

অনন্তর এই দৃশ্য-দর্শনে আনন্দিতমনা সুবল ও উজ্জ্বল পৌর্ণমাসীকে বৃন্দাবনের কুতুহল দেখাইতেছেন—। ৮। সুবর্ণ ও মণিরাজখচিতা, রুচিরা, বৃহদুদরা নৌকাখানি অতিসুন্দর, মধ্যে প্রোথিত মাস্তুলের মস্তকে উড্ডীয়মান পতাকায় উজ্জ্বল; উহাতে একটি আনন্দৈকনিদান মন্দির আছে, সুন্দর দাঁড়যুক্ত সেই তরীতে শ্রীকৃষ্ণ স্বয়ং আরোহণপূর্ব্বক হস্ত ধরিয়া ধরিয়া অঙ্গনাগণকেও আরোহণ করাইলেন। ৯। স্বয়ং শ্রীকৃষ্ণ ও সহচরীগণকর্ত্তৃক পুনঃ পুনঃ আহূত হইলেও অতিভয়চ্ছলে শ্রীরাধা তটদেশে থাকিয়া হস্তকমল নাড়িতে থাকিলে কৃষ্ণ বলপূর্বক তাঁহাকে করাব্জদ্বয়ে ধরিয়া কৌতুকভরে কোনও প্রকারে নৌকায় আরোহণ করাইলেন বটে, কিন্তু কামাতুর হইয়া বড়ই ম্লান হইলেন। ১০

যমুনা জলে চালাইল তরি বনমালী।
জল-তাড়নে তছু দ্রুত কর চালি'॥
কলতানে গাইতে লাগিল কাম-গীত।
ঝনঝন শব্দে হয় অভিরাম শিঞ্জিত॥

স্বচ্ছ জলে নিপতিত নিজ বিম্ব হেরি।
যুবতি-মোহন মত্ত হইলেন ভারি ॥
রাধা-মুখপদ্মে অর্পিত নয়ন-ভ্রমর।
তছু কটাক্ষবাণে ভেল জরজর ॥
যমুনার নৌকাপরি বাহদণ্ডধারী।
সকল হৃদয়ে স্ফুরুক্ কেশব অঘারি ॥ ৪

অতঃপর উত্তুঙ্গতরঙ্গ-সঙ্কুলা যমুনার মধ্যদেশে গিয়া নিজের হাল ফেলিয়া গোবিন্দ নৌকাগৃহস্থিত শয্যায় কপট নিদ্রায় অভিভূত হইলে হাস্তমুখী গোপীগণ তাঁহার অঙ্গে হস্ত দিয়া 'নিদ্রা ত্যাগ কর হে, তোমার নৌকা যদৃচ্ছাক্রমে চলিতেছে'—এই বলিয়া জাগাইতেছেন এবং তাঁহারা ক্রমে ক্রমে দেহভয়ে জড়সড় হইলেন। ১১। ইঁহাদের অঙ্গ-সৌগন্ধ্য ও স্নিগ্ধ স্পর্শ পাইয়া মিথ্যালসাক্রান্ত কৃষ্ণের আলস্য দ্বিগুণতর বৃদ্ধি পাইল। ১২। অবাধভাবে চলিতে চলিতে কখন নৌকাটি অপথকেই পথ করিল—কখনও বা ঘূর্ণাবহুল মহাজলাবর্ত্তমধ্যে যাইতে লাগিল। যমুনাজলমধ্যে তরঙ্গাক্ষিপ্ত হইয়া মগ্নপ্রায় হইলে যুবতিগণ মহাভয়ে তখন মুকুন্দকে স্তুতি করিতেছেন—১৩।

নাবিক হে মোদেরে ডুবাইও না দূরে।
অতি ভীষণ যমুনার জলাবর্ত্ত ঘোরে ॥
মোরা কুলবধূ অবলা হে লইনু শরণ।
গিরিধর হে! কর শরণাগতে পালন ॥
অতিখলা পূতনা-বধ-নির্দয় হে বীর।
কুলরমণীকুল-মোহন হে সুধীর ॥
তব বিশ্বমোহন বেণু হে ভয়নাশন!
ক্লান্ত হইয়াছ যদি কর বংশী বাদন ॥

যুবতিগণ-নিবেদন শুনি অতিহৃষ্ট।
কুতুকিত-হৃদয় হে হও মোরে তুষ্ট॥ ৫

গোবিন্দ উঠিলেন না, বরং ছলক্রমে আরো নয়ন নিমীলিত করিয়া রহিলেন। নৌকাও টলমল করিতেছে দেখিয়া মুগ্ধা গোপীগণ পরস্পর বলিতেছেন—১৪।

ইঁহার পিতা মহারাজ নন্দ এবং মাতা যশোদা প্রজাগণকে আনন্দ দান করেন, ইনিও স্বীয় বিস্তৃত যশোরাশি ছড়াইয়া জগৎকে যশোদান করিতেছেন। ইহার দেহটিও দর্শনকারীদের আনন্দরাশি বিতরণ করে, হে সখীগণ! এ বড় আশ্চর্য্যের কথা যে এই হরির চিত্ত কি প্রকারে এত কুটিল হইল? ১৫। রত্নমাল্যে বদ্ধ হরির কুটিল কেশকলাপ, শ্বেত চন্দনে চর্চ্চিত শ্যামলকান্তি এবং কৃষ্ণসর্পাকৃতি ভ্রূযুগলও যেন খলতা প্রকাশ না করে, প্রায়শঃই রাগী (রক্তবর্ণ, পক্ষে ক্রোধী) অধর নাসারূপ গরুড়ের ভয়প্রদ না হউক,—এরূপ বার্ত্তাপ্রচার করিয়াই কি সচ্ছিদ্র-বংশীপ্রণয়ী শ্রীহরি হাসিতেছেন? ১৬। এই অতিবিপুলা গভীরজলা যমভগ্নী প্রবলতরঙ্গাঘাতে কুতুকভরে আমাদিগকে যমের বাড়ী পাঠাইতে চেষ্টা করিতেছে। জলে প্রপূর্ণা এই তরণীও বুঝি জলমধ্যে প্রবেশ করিল। হায়! পূতনাহিংসাকারীর কিন্তু স্ত্রীজনহিংসাবিধানে ভয়ও নাই, কি উপায়? ১৭। ভীতিত্রস্ত গোপীদের সেই বাক্য-শ্রবণে গোবিন্দ আনন্দাবেশে নয়ন উন্মীলন নিমীলন করিতে করিতে গাত্রোত্থান করিলেন। ১৮

(শ্রীরাধামাধবের উক্তি-প্রত্যুক্তি)—

খলতা কর কেনে মুরারি হে জলে বিপরীত?
খলতা কি হে? কর দাও, নৌকাপরি আছত অভীত॥

শুল্কবিহীনা মোরা অবলা, কেনে বল নাই পারে কর লাগে।
সুন্দরি! চতুরা বুদ্ধিমতী জানি কিছু বলি নাই আগে॥

শ্রীহরি-রাধার এই কপট ভাষা।
বিশ্বের আনন্দ করুক প্রকাশা॥ ৬

হে মুগ্ধ নাবিক! একই তরণীতে আরোহণ করাইয়া আমাদিগকে জলে ডুবাইয়া দিলে আমাদের কোনই ব্যথা নাই; যেহেতু হে হরি! নারীগণ তোমার রূপামৃতরাশি অক্ষিচসকে পান করিয়া কৃতার্থ হইয়াছে; কিন্তু বধূদিগকে নিমগ্নকারী বলিয়া তোমার জগদ্ব্যাপী কীর্ত্তি (বিপরীত লক্ষণায়—অপকীর্ত্তি) হইবে, সুতরাং তুমি নিজেকেই বাঁচাও। ১৯

(ইহা শুনিয়া ভীতসদৃশ গোবিন্দের চেষ্টা)—"তোমাদের আর ভয় কি? তোমরা আমার মানস-সরোবরে বক্ষোজরূপ কুম্ভদ্বয় সাহায্যে পুনঃ পুনঃ সন্তরণ করিতে থাক। মদীয় মানস-সরোবরের তুলনায় এই যমুনা কে অর্থাৎ অতিক্ষুদ্রা। তোমরা যে ভয় করিতেছ, সে ভয় ত আমারই হওয়া উচিত, (যে হেতু আমার কুম্ভ নাই)। সুতরাং হে রাধে! এই অগতি আমাকে স্বীয় বক্ষোজকুম্ভদ্বয় একটিবার অবলম্বন দাও—এই বলিয়া কপটী কৃষ্ণ বক্ষোজদ্বয় স্পর্শ করিলেন। ২০। "হে মানদ! এরূপ করিও না, এরূপ করিও না! যোষিদ্গণের ভয় স্মরণ করত তাহা নাশ কর (পক্ষে—যোষিদ্গণের কন্দর্প-ভয় নাশ কর)। হে গোবিন্দ! তোমার সম্মুখবর্ত্তিনী অধীনা সকল গোপীকেই সম্যক্ আনন্দ বিতরণ কর। বাহিরে উদ্ঘূর্ণাসমূহ দেখিয়া আমার এই দেহ বড়ই কাঁপিতেছে—" এই বলিয়া কামবাণপীড়িতা রাধা তরিগৃহমধ্যে প্রবেশ করিলেন। ২১। "হে নাবিক! বৃষভানুরাজনন্দিনী শ্রীরাধাকে পাইয়াছ, আমরাত উঁহারই অধীনা; সুতরাং হে নাগরগুরো! ধৈর্য্য সহকারে সংপ্রতি ইহাঁর নিকট হইতে ইচ্ছামত সমুচিত আতর (কর) গ্রহণ কর —"

এইভাবে গোপীগণকর্তৃক কটাক্ষভঙ্গীতে আদিষ্ট হইয়া মৃদুমন্দ-হাস্তকারী কৃষ্ণ ক্রীড়ামন্দিরে প্রবেশ করিলেন। ২২

[ প্রথম সমাগমে লজ্জিতা ও কেলিশয্যাগমনে অসম্মতা শ্রীরাধাকে অনুনয়পূর্ব্বক ] **গোবিন্দ**—

করুণ নয়নে হের মোর পানে চন্দ্রবদনি হে রাধে। ধ্রু ॥
তব গুণ-রূপ-শ্রবণে মদান্ধ, লজ্জিত মোর ইন্দ্রিয়বর্গে।
নিরানন্দে মগ্ন চক্ষুরাদি সভে কর, এবে সুখ-উৎসর্গে ॥
তব পরিরম্ভ-আশে ইহ বনে হাম, জপি তব নাম-সুমন্ত্র।
নিরবধি করিতেছি পঞ্চতপা-সাধন, পঞ্চবাণ-পরতন্ত্র ॥
মম অভিবাঞ্ছিত ফল পাইনু আজি, পূর্ণ ভেল তপস্যা মোর।
নিজ দেবতাক দরশন লভিনু যে সাক্ষাতে ইহ অরণ্যে ঘোর ॥
কামবাণে জরজর নন্দকিশোরক আত্মনিবেদন-পদ্য।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে হোওল সুজন-হৃদ্য ॥ ৭

( উভয়ের চেষ্টা )—

বিলসই রাধামাধব নিধুবন-রঙ্গে।
সুরত-সমরে দুহুঁ জন সাজল প্রহরই নির্দয় অঙ্গে।
গর্বিত মদন হৈল তাহে সারথি, মনোরথরথে করু বাস।
নয়ন-নিশিতশরে দুহুঁ অঙ্গ জরজর, প্রেরই কর্ষক ভুজ-পাশ ॥
উভ-জয়ে উদ্ধুর বিবিধ রুচিপূর, দূরচর অশ্বে ভেল যান।
করিবর-করাহত কুম্ভ-আবরণে শিথিলা করেণুকা হন ॥
ভুবন-বিমোহন বদন-বিমোহন বাণক্ষেপ-বিনোদ-বিশেষে।
জয়-পতাকারূপে উর্দ্ধে উড়ে বসন ভূষণডিণ্ডিম ঘন ঘোষে ॥
উভ-সমাক্রমণে ক্লম বহু ভৈগেল ঘরম-বিয়াপিত অঙ্গ।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে রাধাকৃষ্ণ-রতিরঙ্গ ॥ ৮

কেলিসদনে বিহরই রাধামাধব।
বহু কুতুকে পূর্ণ দুহুঁ মনোভব।
ক্রুদ্ধ মদন খরশর-তুল নয়ন-সন্ধান।
মত্ত করিকরসম ভুজে ভুজে বন্ধান॥
কনককলস কুচমর্দন জনিত সুখে।
বাহুবদ্ধ হৈঞা মিলল বুকে বুকে॥
পদ্মে মধুকর জনু চন্দ্রবদন-সেবন।
থির চপলা কোলে লোল মেঘ যৈছন॥
কৌতুক-বিকল যুবতিগণকৃত বহিঃ গানে।
ফুরউ কিশোর যুগল নিখিল-মনে॥ ৯

স্মরযুদ্ধ নিবৃত্ত হইলে বামপার্শ্বস্থিতা রাধা প্রণয়ী কান্ত হরিকে প্রণয়-ভরে বলিতেছেন—। ২৩

মম শিরে কর রাখি বল হে শ্যাম!
'কদাপি না তোমা ছোড়ব হাম'॥
নিখিল যুবগণ-শিরোমণি হে কান।
যুবতিগণ-হৃদয়লতা শরণ অবলম্বন॥
গোকুল-পত্তন-পূর্ণসুধাকর-রূপা।
তব শরণ গহি হাম চকোরী অতাপা॥
লজ্জা, গুরুভয়, কুল-গৌরব ছোড়ি সব।
হৈনু শরণাগত আজু হে গোপীবল্লভ॥
ইতি বচন-বিনীত মুকুন্দ আনন্দ অপার।
ফুরউ অন্তরে রাধাকৃষ্ণ যুগল-বিহার॥ ১০

স্বীয় বদনারবিন্দ-সংলগ্ন মুরলীর সঙ্গীতে সংমুগ্ধা, অধীনা ও স্বয়ং

আগতা যমুনাকর্ত্তৃক সম্মুখে চালিত তরণিতে মহানন্দময়ী গোপাঙ্গনাগণের মধ্যে শ্রীরাধিকার সহিত আনন্দে বহুক্ষণ যাবৎ শ্রীহরি যথেষ্ট বিহার করিলেন। ২৪। অনন্তর শ্রীবলরামাদির আগমন হইতে পারে শঙ্কায় কেশব কৃতার্থ হইয়া তরণি হইতে গোপীগণের সহিত অবতরণ করিলেন। ২৫। 'হে রাধে! হে শরচ্চন্দ্রাননি! কন্দর্পবাণাঘাতে ত্রস্ত এই দাসোপম আমাকে প্রতিদিন এইরূপে রক্ষা করিবে'—শ্রীকৃষ্ণের এইরূপ বিনয়ান্বিত অমৃতমধুর বাক্যশ্রবণে প্রচুরতর আনন্দলাভে প্রাপ্ত-মনোরথা শ্রীরাধা সখীগণসহ গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন। ২৬। গোবিন্দও তখন আনন্দে ঐস্থান হইতে আসিয়া কল্পবৃক্ষমূলে আদরময় সুবল ও উজ্জ্বলের সহিত মিলিত হইলেন। ২৭

॥ সপ্তমাঙ্ক শেষ ॥

# অষ্টমাঙ্ক

গোগণের সহিত শ্রীবলরাম নিজ বিমলচন্দ্রকান্তি দ্বারা দিঙ্‌মণ্ডল উদ্ভাসিত করিয়া পুনরায় মধুপানে রক্তচক্ষু ও মত্তমাতঙ্গলীলায় চঞ্চল হইলেন। তাঁহার পীতশেষ বারুণি পান করত সম্যক্ লোলবাক্ ও রক্তচক্ষু হইয়া গোপগণ মধুপাত্র ধারণ করিলেন এবং গোবিন্দপার্শ্বে আসিলেন। ১

আনন্দকোলাহলে ও কৌতুকে গোবিন্দকে বয়স্যবৃন্দ আলিঙ্গন করত সুধাস্বাদযুক্ত ফল, বিবিধ মালা ও মধু নিবেদন করিলেন। ২। 'বহুক্ষণ যাবৎ দুর্গম অরণ্য ও পথভ্রমণে অতিশয় শ্রান্ত হইয়াছ, অতএব হে আর্য্য! অরণ্যমধ্যে এই বৃক্ষের পরিসর মূলে স্নিগ্ধ মনোহর এইস্থানে ক্ষণকাল নিদ্রিত হও।' কৃষ্ণের এই আদরবাক্যে বলদেব শয়ন করিলে শ্রীঅচ্যুত সুখে তাঁহার পাদসম্বাহন করিতে লাগিলেন। ৩। শ্রীকৃষ্ণের মুখচন্দ্রদর্শনে নষ্টশ্রম বলদেব মধুপানবশতঃ বিশ্লথবাক্যে বলিলেন 'মৃদুল হে! পাদসম্বাহন করিও না।' এই বলিয়া আনন্দে হস্তপদ্মে মৃদুহাস্য-শোভিত কৃষ্ণকে আকর্ষণ করত স্বীয় ক্রোড়দেশে শয়ন করাইলেন। ৪। প্রচুর দূর্বারাশির ভক্ষণে পেট পূরিলে গোগণ চতুর্দিকস্থ অতি সুখময় তরুমূলে শুইয়া দীর্ঘ দীর্ঘ নিঃশ্বাস ফেলিতে লাগিল, পরস্পরের অঙ্গে গলগম্বল ন্যস্ত করিয়া মৃদুমন্দভাবে মুখ নাড়িতে লাগিল, এদিকে আবার গোপালগণ শয়নসুখগত শ্রীকৃষ্ণরামকে নিজেদের মধ্যে রাখিয়া চতুর্দিকে শয়ন করিলেন। ৫

শ্রীবৃন্দাদেবীকর্তৃক সজ্জীকৃত রুচিরতর বিস্তৃত শয্যায় কেহ নিদ্রালু শ্রীকৃষ্ণের কর্ণে কর্ণে সুখদ স্বপ্নকথা বলিতেছেন—কেহ কেহ পরিমল-বাসিত মন্দ মন্দ বীজন করিতেছেন—কেহ কেহ পদাব্জদ্বয়ের সেবা

করিতেছেন—অপর কেহবা শত্রুভয়ে অস্ত্রধারণপূর্ব্বক ইতস্ততঃ বিচরণ করিতেছেন। ৬। একাসনে শায়িত নিদ্রালু কাহাকেও কেহ বা তদীয় কক্ষদেশে অঙ্গুলি দিয়া এবং কর্ণরন্ধ্রে উচ্চ শব্দ করিয়া জাগাইতেছেন— তাঁহাকে শয্যামধ্যে চঞ্চল ও কুতুকবিবশ করিয়া হাসাইতেছেন – অপর কেহ বা শ্রীহরির নিদ্রাব্যাঘাতভয়ে ব্যাকুল হইয়া হস্তসঙ্কেতে বারণ করিতেছেন। ৭। কেহ কেহ মনোজ্ঞ মহতী ( বীণা ) বাজাইয়া স্বর-মূর্চ্ছনার সহিত পরস্পরের সম্মিলিত সুস্বর মিশাইয়া শ্রীকৃষ্ণের কর্ণরসায়ন শয়নৈকবীজ ( শয়ন-সঙ্গীত ) মৃদুতরভাবে বিবিধ রাগরাগিণীতে আলাপ করিতেছেন। ৮। তরুণ-পদ্মিনীদের নির্ভরসঙ্গ পাইয়া মন্দ, শীতল যমুনাজলে স্নান করিয়া স্নিগ্ধ, বৃন্দাবন মধ্যে ( সুশীতল ) সমীরণ যেন বিবিধ কুসুম-নির্মিত শয্যায় গোপগণের সহিত শয়ন করিল। ৯। দাসগণ তখন রম্ভা, পনস, বদরী, নারিকেল, আম্র, জম্বু, জম্বীরাদি পক্ক অমৃততুল্য ফল-শস্যাদি পাত্রে পাত্রে সাজাইতেছেন—কেহ কেহ শৃঙ্গার-যোগ্য চন্দনাদির ব্যবস্থা করিতেছেন—কেহ কেহবা বিবিধ সুগন্ধি পুষ্প আনিয়া মাল্যরচনা করিতেছেন। ১০। দামাদির আহ্বানবাক্যের প্রতিপদে সমবধানপূর্বক প্রাপ্তশিক্ষ শুকগুলি তখন বৃক্ষে বৃক্ষে 'হে যশোদানন্দন! দয়িত, হরি, স্নেহশীল গোবিন্দ, বন্ধো!' ইত্যাদি বাক্যোচ্চারণপূর্বক পাঠ করিতে থাকিলে শ্রীকৃষ্ণের নিদ্রাভঙ্গ হইল এবং তিনি উৎকণ্ঠিতচিত্তে সহসা আলুলায়িতবেশে উঠিয়া বলিলেন— 'ভাই ভাই! কি বলিতেছ?' ১১

নিকটস্থিত দামা ও সুদাম তাঁহার এই বাক্যে উন্নিদ্র হইয়া সুধাপূর্ণ বাক্যে জিজ্ঞাসা করিলেন—বন্ধু রে! কি ব্যাপার বল দেখি!! ১২

( ইহাতে সকলেরই নিদ্রাভঙ্গ হইলে সকলে উঠিলেন )

ব্যাপারটি যাঁহারা অবগত ছিলেন—সেই সব হাস্যপর বন্ধুদিগের মুখে বাস্তব বৃত্তান্ত জানিয়া শ্রীহরি মহানন্দে হাস্য করিতে লাগিলেন।

প্রচুরতর সুস্বাদু মধুপানে ঘোরতরনিদ্রাবিষ্ট বলদেবকে কৃষ্ণ স্বয়ং এবং বালকগণদ্বারা বহু কৌতূহলে আন্দোলন করিয়া জাগাইতেছেন। ১৩। শয়নসুখ ভগ্ন হইলে বলদেব মধুমদে উন্মথিতচিত্ত হইয়া রোষবশতঃ উচ্চশব্দপূর্বক হাস্য সহকারে সম্মুখবর্ত্তী পশুদিগকে বলবান্ হস্তে কোথাও উন্নয়ন করিয়া ফেলিতেছেন। "বলদেবকে অবজ্ঞা করিয়া কো-কোথায় যা-যাবি রে"—এই বলিয়া আবার সকৃষ্ণ গোপগণকে তাড়না করিবার জন্য অনুসরণ করিলেন। ১৪

( তাঁহাকে তদবস্থ দেখিয়া ) **গোবিন্দ—**

দেখ দেখ সখাগণ রোহিণীকুমারে।
অগ্রজ অতিলোল রক্তনেত্র অধীরে ॥
মধুমদে মত্ত দূরে সর, সর দূরে।
সকলে ধরিবারে ধাবই হল-মুষল করে ॥
ভূমে খসিল বসন ওর চঞ্চল বাণী।
স্বপ্রতিবিম্বে কোপ করি' স্বয়ং অভিমানী ॥
ইতি বলভদ্র-ভীত হৃষ্ট ব্রজেন্দ্রকুমার।
করকালি দিয়া ধাবই সহ-সহচর ॥ ১

গোপালগণ চতুর্দিকে পলায়ন করিল—যমুনা-জলে তাহাদের ছায়া দেখিয়া সখাগণ-বোধে বলদেব ক্রোধভরে মুগ্ধ হইয়া যমুনায় পড়িলেন। উত্তান হইয়া নিজ ভুজদ্বয় প্রসারণ করত হাসিতে হাসিতে গভীরজলে গিয়া স্বাধীন ও অকুতোভয় বলরাম বহুক্ষণ যাবৎ বিহার করিলেন। ১৫

( অপরাহ্নকাল জানিয়া ) **গোবিন্দ—**

সত্বরে উঠ হে ভাইয়া বলবীর।
অপরাহ্ন উপনীত দেখ একবার ॥

সংপ্রতি গৃহ-দ্বারে আসিয়া জননী।
অশ্রুনেত্রে পুনঃপুনঃ দেখিছে সরণী ॥
তব বিলম্বে পুন করি মম বহু শঙ্কা।
না দিবে আসিতে মাতা বিবিধ বিশঙ্কা ॥
মাতৃ-উপদেশে যথেচ্ছ করিয়া পালন।
হে কৃপালু এবে উচিৎ গৃহেরে গমন ॥
মধুমত্ত বলদেব-অচ্যুত-বাণী।
রসিক-গণ-স্থখদ হোওত জানি ॥ ২

বিহরই যমুনানীরে বলবীর।
ভুজযুগ পসারিয়া কৃষ্ণবাক্য না শুনিয়া, অভীতি অধীর শরীর ॥
নিজভয়ে বিধুরিত তিমিঙ্গিল পুচ্ছ ধরি' কখনো করয়ে বিহার।
কখনো বা মগ্নগতি কখনো জানু উর্দ্ধে তুলি' জলেতে সঞ্চার ॥
দেখিয়া দুর্জয় বর নক্রকে আক্রমি, পারদেশে চলি যায়।
তীরদেশে উঠি পুন ঝাঁপল অতিবেগে, জল হয় কর্দমাক্তপ্রায় ॥
সদাগর-নৌকা দেখি, তাহাই ধরিয়া পুন, চলই বিপুল আনন্দে।
অতিভীত বণিক কাতর বচনে অতিপরসন্ন বলরামচান্দে ॥
দ্বারকানাথ কবিকৃত-বর্ণনে বলদেব-জলকেলিগীত।
ভকত-জনগণ শ্রবণে পশিয়া অতি স্থখদ হউ অতিপ্রীত ॥ ৩

আনন্দভরে ক্রমে ক্রমে গোপবালকগণ ডাকিতে লাগিল, পুনরায় সকলে মিলিয়া একসঙ্গে চিৎকার করিয়া ডাকিল—তথাপি মুগ্ধ বলদেব উহাদের আহ্বানে অবহেলা প্রদর্শন করিলে বলিষ্ঠ গোপগণ জলে নিপতিত হইলেন। ১৬। উদারশীল বলদেব জল হইতে উঠিতে অনিচ্ছুক হইলেও বলী গোপগণ তাঁহার করচরণে বলপূর্বক ধরিয়া কৌতুকে উচ্চ শব্দ করিতে করিতে তীরে তুলিলেন। ১৭

( প্রকৃতিস্থ হইয়া ) **বলদেব**—হে বয়স্যগণ ! আমাকে স্নান করাইয়া তোমরা হাসিতেছ কেন ? কেনই বা আমাকে তুলিলে ? আমার হারগুলি কোথায় পড়িলে রে ? উষ্ণীষ কোথায় গেল ? মুষল, লাঙ্গলই বা কোথায় রহিল ? নূপুর, কটির আভরণ, বালা কোথায় পড়িয়া গেল ! ১৮

( বলদেব-কৃষ্ণের উক্তিপ্রত্যুক্তি ) বলদেব—এগুলি যাউক ! কিন্তু দারুণ ক্ষুধা যে আমাকে ব্যতিব্যস্ত করিয়া তুলিল। কুম্ভে যেটুকু মধু আছে, তাহাই সত্বর আমাকে দাও। কৃষ্ণ—উহা কুম্ভ হইতে পড়িয়া গিয়াছে। বলদেব—কখন রে ? কৃষ্ণ—যখন তুমি মধুমত্ত হইয়া অতি-বেগে আমাদিগকে তাড়া দিয়াছিলে এবং আমরাও ইতস্ততঃ ভয়ে ধাবিত হইতেছিলাম।

( নিজের ঐরূপ কর্মের কথা শুনিয়া বিলজ্জিত **বলদেব** কৃষ্ণকে )

না বোল না বোল ভাই কিছু মাইয়াকে ॥
মধুমত্ত হয়ে যা' করিয়াছি, না বলিহ তাকে ॥
নিখিলজন-জীবন হে সুবোধ মনোরম-চেষ্ট !
বলিব না' বুলি শপথ কর হে সখাগণ-বরিষ্ঠ !!
কর' বারণ অনুগগণে যেন না বলে কারে'।
এই কর্মে হৈনু বিলজ্জিত, শপথ করি তোরে ॥
একসুতা তব জননী তব সুখেহি সহর্ষা।
এ' মৎকৃতি শুনি না পাঠাব বনে করি ঈর্ষা ॥
হসিতবদন হরি-বলদেব-বিনয়-বিতান।
জগতে বিরাজউ কবিকৃত ইহ শুভ গান ॥ ৪

( অনন্তর ) **মধুমঙ্গল**—হে বলবীর ! তুমি খেদ করিও না, তুমি মধুপান করিলে কৃষ্ণ যদি মাতাকে বলিয়াও দেয়, তাহাতে তোমার ক্ষতি নাই। আবার যদি মানী হইয়া জননীকর্তৃক গৃহে সংরুদ্ধ হইয়া

সখাগণসহ বনে নাও আসে, তথাপি তোমার হানি হইবে না ; হে গোপেন্দ্র ! তুমি মিত্র এই মধুমঙ্গলের সহিতই প্রতিদিন বনে আসিবে ।২০। (বিষাদ ও কুতূহলে আবিষ্টচিত্ত) **বলদেব**—হরি হরি ! তোর দোষ নাই—দেখ লজ্জারহিত, ভেদনিপুণ ব্যক্তিদের এই স্বভাব। হায় হায়! যদি আমাকে ব্রজচন্দ্রমা গোবিন্দ ত্যাগই করে, তবে কিনা ক্ষুদ্র বটুর সঙ্গও যাচ্ঞা করিয়া কৃতার্থ হইব !! আরে শঠতম! তুই দূরে যা' । ২১ ।

**মধুমঙ্গল**—আচ্ছা, ( এই বলিয়া হাস্যমুখে চলিল । )

তারপর বলদেবকে **সুদামা**—এই বুদ্ধিমান্ তোমার সঙ্গসুখী শ্যামবন্ধু কোথাও বলিবে না, তাহার অনুগত আমরাও বলিব না। তবে এই ধূর্ত্ত বটুগৃহে গিয়া মাতাকে এই কথা অবশ্যই বলিবে—সুতরাং ইহার প্রতি বিহিত দমন দেওয়া হউক । ২২

( অনন্তর আহূত হইয়া সকলে শপথ করিয়া বলিল ) আমাদের হইতে কোনই ভয় নাই, কিন্তু ধূর্ত্ত মধুমঙ্গলের কথা বলিতে পারিব না। (আহূত হইয়া ) **মধুমঙ্গল**—ক্ষুদ্র আমাকে আবার জিজ্ঞাসা কেন ? বক্তব্য বিষয় আমার হৃদয়েই আছে। ( সুদামসূচিত নির্দেশমত মধুমঙ্গলেরও কথা শুনিয়া ) বলদেব বেগে গিয়া হর্ষ ও ক্রোধে হাস্যসহকারে 'তবে থাম' এই বাক্য প্রয়োগ পূর্বক তাহার উত্তরীয় দ্বারা বটুকে উত্তম করিয়া বৃক্ষের সঙ্গে বাঁধিলেন, চারিদিকে বালকগণ হাসিতে লাগিলেন। ২৩। কৌতূহলচঞ্চল পরিহাসবাক্য-নিপুণ গোপালবালকগণ নূপুর ও কিঙ্কিণী প্রভৃতির ধ্বনি সহকারে করতালিকাবাদনপূর্বক মধুকে বেষ্টন করত নৃত্য করিতে লাগিলেন। ২৪। অনন্তর **মধুমঙ্গল** উচ্চৈঃস্বরে শপথপূর্বক স্তুতিবাক্যে বলিলেন—'তোমার কর্মকথা আমি কখনও কাহাকেও বিন্দুমাত্রও বলিব না, ইহাতে সন্দেহ নাই'। সুদৃঢ়ভাবে তাহার আশয় বুঝিয়া এবং ভীত দেখিয়া বলদেব কৌতূহলবিলাসে তাহাকে মুক্ত করিলেন। ২৫

( মধুমঙ্গল গোবিন্দের নিকট হাসিতে হাসিতে আসিলে অজ্ঞাতবৎ )
**গোবিন্দ**—বটো! বল দেখি তখন তুমি তরুমূলে গদ্‌গদবাক্য উচ্চারণ করত কৃতাঞ্জলি হইয়া কি করিতেছিলে, আর আমার অগ্রজ এবং সখাগণই হাসিয়া হাসিয়া কি করিতেছিল? ২৬

( আনন্দিত মনেই যেন ) **মধু**—অহো! কি বলিব? অরণ্যদেবীর সহিত কামক্ষুব্ধ আমার বিবাহ হইয়াছিল! তুমি কি তাহা শুন নাই? ঐ দেবী অদৃশ্য হইয়া তরুতে বিদ্যমান আছেন—অনুগগণের কৌতুহলের সহিত পুরোহিত বলদেব উভয়ের করগ্রন্থি মোচন করিয়াছেন !!! ২৬

( সকলের হাস্য )

**মধুমঙ্গল**—ঐ বিবাহ কিন্তু দুরূহ, আমি ধৈর্য্যশীল বলিয়া কোনও প্রকারে সহ্য করিতে পারিলাম। অন্য কেহ যদি পুনরায় সহস্র মাণিক্য দিয়াও এইরূপ বিবাহ করিতে বলে, তাহাতেও আমি রাজি হইব না।২৭।

( পুনরায় সকলের অত্যুচ্চ হাসি )

গোবিন্দ স্বয়ং মধু আনিয়া আনন্দে সাদরে অনিচ্ছু ও লজ্জিত বলদেবকে পান করাইলেন। ২৮। তৎপরে বলদেব ও গোপালগণের সহিত কৌতুকাবিষ্টচিত্ত শ্রীহরি তরুবরতলে দাসগণ-কর্ত্তৃক সজ্জীকৃত রসালা, দধি, মধু, শিখরিণী প্রভৃতি ঈপ্সিত দ্রব্য, পরে বিবিধ সুস্বাদু বন্য ফলের সহিত ঘৃতপক্ক দ্রব্য, সুস্নিগ্ধ জল ইত্যাদি ভোজন ও পান করিলেন। ২৯

॥ অষ্টমাঙ্ক শেষ ॥

# নবমাঙ্ক

শ্রীযশোদার বিরহাগ্নি-স্বরূপ দিবাকর অস্তাচলচূড়াবলম্বী হইতে দেখিয়া সচকিত **শ্রীকৃষ্ণ** সখাগণ মধ্য হইতে উঠিয়া বলিতেছেন—। ১

সখাগণ হে সংহর সংপ্রতি খেলা।
আহর গোগণ, গণনা কর হে, দেখ এবে পরিণত বেলা॥
বিলম্ব-কারণ না জানিয়া মম, নিশ্চয় জানহ মাতা।
সহ তব জননী পথি মধি আসি' রোদই বিলপই ভীষণ আর্ত্তা॥
গৃহ-প্রবেশনে বিলম্ব হয় যদি অনুসর নগর-সমীপ।
কর সবে এককালে দীরঘ বেণুনাদ, যাহে নাশে তদীয় সন্তাপ॥
মাতৃগণ-আনন্দে বুঝি দেখ ভাইরে হব মোদের অরণ্য-বিনোদ।
অন্যথা যদি কর অন্য দিনে পড়ব, এ সুখ-সম্পদে বিবাদ॥
সজ্জন সভামধি বিলসউ সখাগণে কৃষ্ণনিদেশ সুহৃদ্য!
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে মঙ্গলময় শুভ পদ্য॥ ১

অতঃপর গোগণ দূরে চরিতে থাকিলে তাহাদিগকে না দেখিয়া ত্রস্তহৃদয় গোপালগণ আসিয়া গোবিন্দকে এই বার্ত্তা জানাইলেন। ২।
( তখন শ্রীকৃষ্ণের চেষ্টা )—

বিশ্ব বিমোহন-গানে বাজই কলবেণু।
গোগণ-সহকৃত পুঙ্গবে ডাকই, আরোহি' বৃক্ষবরে কানু॥
দূর সঞে শুনি ধ্বনি ধাবই গোধন, পরিদষ্ট-তৃণাঙ্কুর মুখে।
উত্তর দানছলে হম্বা রবে আগত, উর্দ্ধ পুচ্ছে ধাবই সুখে॥
দিবাকর গগনে ভৈগেল স্থগিত যমুনা-স্তম্ভন সুবিচিত্র।
গিরিবরে অশ্রু, মৃততরু জীবিত, বিকসল নূতন পত্র॥

মুনিগণ সবে সমাধি ভুলল, অধীর ভেল অতিমুগ্ধ।
অচল পশুগণ অশ্রুধারা মুঞ্চই, ধ্বনি শুনি যৈছে বিদগ্ধ ॥
সুখকর হউ ইহ জগদদ্ভুত কেশব-বেণুক গীত।
দ্বারকানাথ কবিকৃত রচনা [ যব ] হব শ্রুতিপথে নীত ॥ ১

॥ নবমাঙ্ক শেষ ॥

# দশমাঙ্ক

পুত্রবিরহে চঞ্চলা শ্রীযশোদা অপরাহ্নকালে ( সমভাবা ) গোপীগণের সহিত অশ্রুধারা বিসর্জ্জন করিতে করিতে বনোদ্দেশে পুনঃ পুনঃ দূত প্রেরণ করিতেছেন এবং পথে আসিয়া প্রতি পথিককেই শ্রীকৃষ্ণের বার্ত্তা জিজ্ঞাসা করিতেছেন—১।

বল কতদূরে বনমালী, গোধন-রাখোয়ালী ॥ ধ্রু
মত্ত-হলধর-দামাদি-বালকগণ যছু সহচর।
বিশ্ব-বশীকরণ-পটু বেণু উহ মুখশোভাকর ॥
নীলকমলরুচি পরিধানে পীতপট নটবেশ।
মণিময় ভূষণে ভূষিত সুন্দর নটন বিশেষ ॥
ললিত-ময়ূর-শিখণ্ডে গুঞ্জাদামকৃত-চূড়।
ধ্বজ বজ্র যব শঙ্খ অঙ্কুশে চিহ্নিত চরণ কর ॥
সজ্জন-কর্ণরসায়ন হোওতু ইহ অণু পদ্য।
দ্বারকানাথ কবিকৃতবর্ণনে অতিশয় হৃদ্য ॥ ১

শ্রীগোবিন্দচন্দ্রের দর্শনজন্য তৃষিত অথচ অদর্শনে উদ্‌ভ্রান্তচিত্ত নন্দ মহারাজ এদিকে গোকুলস্থ স্বসমহৃদয় গোপগণের সহিত নগরের বহু দূরদেশে আসিলেন, পুনঃ পুনঃ অত্যুচ্চ স্থলে উঠিয়া প্রোদ্বাহু হইয়া দেখিতেছেন, বাষ্পধারায় বক্ষঃ ভাসাইয়া অতিকরুণস্বরে উচ্চকণ্ঠে হরিসহ বালকগণকে ডাকিতেছেন। ২

তাত সত্বর গৃহে এস গোবিন্দ হে শিশুবৃন্দ!
অস্তাচলোপরি শোভিছে হের' রাঙ্গা রবি ঐ মন্দ॥
নিবিড় মেঘসদৃশ তমালতরুকৃত ঘোর অন্ধকার।
দুরন্ত-হিংস্র-পূর্ণ বনে সমীচীন এবে নহে বিহার তোমার॥
মাতৃগণ রোদই আসিয়া পথমধি, দেখিয়া তব বিলম্ব।
দুগ্ধ-পিয়াসী ধেনুগণে শোচই তরুণ বৎসকদম্ব॥
ব্রজে এব জ্বলই বিরহ-দহন তব, বিলম্বন-বায়ু-বলে।
মুখবিধু-গলিত বচনামৃত বর্ষিয়া, শান্ত করহ সকালে॥
সুতবিরহাকুল গোকুল-নরপতি বিক্লবভর-নিনাদ।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে নাশউ সকল বিষাদ॥ ২

চতুর্দিকে উত্তমরূপে নয়ন ঘুরাইয়াও যখন নন্দমহারাজ কিছুই দেখিতে না পাইয়া শূন্যহৃদয় হইতেছেন—তখন বন হইতে বিজয়ী গোবিন্দের সম্বাদবাহক দূতরূপে পুনঃ পুনঃ বয়স্যবৃন্দের বংশীসমূহে সংসেব্যমান মনোরম মুরলির মাদকধ্বনি জগৎ মুগ্ধ করিয়া ধাবিত হইতেছে। ৩।
(তাহা শুনিয়া আনন্দিত নন্দমহারাজকর্ত্তৃক প্রেরিত দূত যশোদাকে—)

যশোদে! না কর খেদ মাতঃ!
আসিছে তব নন্দন বালক-গোধন-যুত॥
সো মুখ-মুখরিতবেণুরবামৃতপূর।
নিজ কর্ণে পান করি আসিনু অবিদূর॥

অচিরে ঘরে পাবে নয়নোৎসবরূপ।
শুনহ মনযোগে অই বেণুবরালাপ ॥
চৌদিশি রচহ মঙ্গলবিধি বহুপুণ্যে!
তহিঁ প্রবিশউ গউলচন্দ বরেণ্যে ॥
সুত-সম্বাদ শুনি দিন যশোদা আনন্দে।
চিরকাল সভাকারে পরমামোদে ॥ ৩

সমাগত দূতমুখে পুত্রের আগমনবার্ত্তা শ্রবণ করত শ্রীযশোদা আনন্দসিন্ধুমধ্যে নিপতিত হইয়া সখীগণ-সহিত গৃহে মঙ্গলাচরণে ইতি-কর্ত্তব্য বহুক্ষণ যাবৎ স্থির করিতে পারিলেন না, কিন্তু সত্বর পুত্র-দর্শনাকাঙ্ক্ষায় অধীর হইয়া উঠিলেন। ৪

তৎপরে ব্রজসুন্দরীদের উক্তি—

চল চল যশোদাসুত গৃহে আসে ভেটব উহ।
সহচর নিকর-বেষ্টিত গোধন মধ্যে অবস্থান রামসহ ॥
তছু রুচিরতর রূপ-নিরিখণে আনন্দ-মগন শরীরা।
শ্রবণ-চসক ভরি পান করব উহ বচনক অমৃত-ধারা ॥
যাক দরশন বিনে বিপদভরে আছিনু মোরা সবে মৃতপ্রায়।
আঁখিতার করি, গৃহ মধি রাখব, যৈছে পুন নাহি বাহিরায় ॥
নিশা সময়ে যদি গউল-চন্দক ব্রজমধি হোত প্রকাশ।
বিধূত-বিষাদ সতত নিশা চাহি, নাহি হৌক দিবা-বিভাস ॥
ইতি ব্রজযুবতি পরস্পর ভাষণ বর্ণন সুন্দর যায়।
অনুপম সুখপ্রদ কবিকৃত বর্ণনে জগৎ সুখকর হোয় ॥ ৩

তৎপরে শ্রীব্রজরাজনন্দনের সেই বিশ্বোৎসবদায়ক বেণুরবামৃত ব্রজবাসিগণ কর্ণাঞ্জলিদ্বারা পান করিয়া তাঁহার দর্শনে লুব্ধচিত্ত হইলেন। ৫

নন্দাদি গোপগণ প্রথমতঃ অগ্রগামী গোগণের রক্তাভ অত্যুন্নত রজঃ তৎপরে হম্বাদিধ্বনিদ্বারা নিরুদ্ধ জগতের বিবিধ বিহার, তৎপরে পুরোবর্ত্তী কুতুকী গোপালগণ, তৎপরে বয়স্যগণবেষ্টিত নয়নাভিরাম গোবিন্দকে দর্শন করিলেন। ৬

বনসঞে ব্রজে আওই ব্রজবালক-ভূপ।
বর্ষা নিশাগত শ্যামল মেঘমুক্ত সুন্দর চন্দমা-রূপ ॥
পীত বসন পরে নবঘন কাঁতিয়া, নখতর হারক ধারী।
বিবিধ মনোরম কুসুম-বিভূষণ, চন্দনে চিত্র শরীরী ॥
গুঞ্জা রঞ্জিত পিঞ্ছ সুকুঞ্চিত কেশে সমুজ্জ্বল চূড়।
উরপরি রাজিত অলিমালা সঙ্কুল সুন্দর বনমালাধর ॥
স্বতুল বিবিধ কলা-সুকুশল গোপাল-গীত-বিনোদে।
মোহন জগ করি সুমধুরে বাজাওই মুরলী মানস-মোদে ॥
কুসুম রচিত সুহারে সজ্জিত প্রিয় গোধনে করি অগ্রে।
চালই পশুগণ গাওই বৃষগণ-সমর-গীত উদগ্রে ॥
হেরহো ভক্তগণ-হৃদি সুবিরাজিত মুকুন্দ অদভুত রূপ।
দ্বারকানাথ কবিকৃত সঙ্গীতে পরমানন্দ অপরূপ ॥ ৫

গঙ্গা-যমুনা-সরস্বতী বর্ণসঙ্কাশ, সায়ংকালে গোষ্ঠপ্রবেশে উৎসুকহৃদয় এবং গোষ্ঠপথব্যাপক গোগণে সম্মুখে করত শিশুগণের পথে পথে যাবতীয় খেলা আনন্দে দর্শন করিয়া করিয়া ব্রজবাসিসকল নগরে গমন করিতেছেন। ৭। শ্রীকৃষ্ণের মুখচন্দ্রদর্শন-লালসায় ব্রজবাসিদের কেহ কেহ বৃক্ষশাখায়, কেহ প্রাচীরের উপরে, কেহ কেহ বা উন্নত মহাপ্রাসাদের উপরিভাগে, কেহ কেহ গৃহভিত্তিতে, প্রমোদোন্মদ কেহ কেহ বা বিপর্য্যস্তবসনভূষণে চঞ্চলচিত্ত হইয়া অতিবেগে প্রিয়গণসহ আরোহণ করিতেছেন। ৮

বনমালী প্রবিশই গোষ্ঠে উদার।
কলপদ গায়ন গোপসমূহক মধ্যস্থিত সুখসার॥
বেণুক মনোরম গীত বশীকৃত ভুবন করি' নটবেশ।
আগুয়ান মত্ত রামক বিলসন দর্শনজাত আবেশ॥
দিবা বিরহদব তাপিত ব্রজজন কুমুদে প্রদানি' আনন্দ।
প্রদোষ কালমধি উদিত পূর্ণতম জনু পূর্ণিমক চন্দ॥
সৌধ-শিখরপরি যুবতি সমূহক চিতে করি মদন-বিকাশ।
অপাঙ্গ-ভঙ্গিম নয়নক নর্ত্তনে মৃদু মধু হাস বিলাস॥
নয়ন রসায়ন শ্যামল সুন্দর পুরাগমন গানে।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে, সুখদ হোত বিশ্বজনে॥ ৬

প্রদোষকালে ঘোরতর হৈহৈ হহ হোহো ধ্বনি করিতে করিতে দাসগণকর্ত্তৃক চালিত সেই সমস্ত গোগণ গোষ্ঠরূপ সমুদ্রবক্ষ হইতে নদীসমূহবৎ হম্বাহম্বারূপ-নিনাদে নিকটবর্ত্তী পরিচিত স্ব স্ব গৃহে প্রচুর তৃণ-ভক্ষণ-জনিত উচ্চোদরে প্রবেশ করিতেছে। ৯। সমানভাবে অলঙ্কৃত প্রিয়গণের সহিত সর্বানন্দকর শ্রীরামকৃষ্ণ দুই ভাইকে আসিতে দেখিয়া সকলেই আনন্দসমুদ্রে সম্যক্ মগ্ন হইলেন—এবং স্বস্বপাণিপল্লবে সুন্দর মঙ্গল প্রদীপাবলি ধারণ করত ক্রমশঃ অগ্রপশ্চাদ্ভাবে তাঁহারা ধীরে ধীরে আনন্দময় নন্দালয়ে প্রবেশ করিতেছেন। ১০

জলধারা দিয়া প্রবেশয়ে সুতযুগে যশোদা সদনে।
সুতমুখদর্শনে হতবিরহজ্বর মুদ-বশা শিবগানে॥
অতিসুষমান্বিত শ্বেতনীলদেহ শোভিত গোপদ-রেণু।
ধৃতমণিগণযুত কনকে উজ্জ্বল ভূষণ বেত্র বিষাণ বেণু॥
গুঞ্জাদামে ময়ূরশিখণ্ডকে মণ্ডিত কেশ বিচিত্র।
শ্রুতিযুগে গুম্ফিত সপত্র কদম্বক মধুমদে অলিকুল মত্ত॥

পহিরণ কৃষ্ণ পীত বাস মনোহর, উরসি লসে বনমাল।
স্বসম দাম সুদামক সমাগম উৎসবানন্দ হিলোল॥
হোওত সুখকর বিশ্ববাসি-জনগণে রামকৃষ্ণ গৃহাগতি-গীত।
দ্বারকানাথ কবিকৃত বর্ণনে শ্রুতি-চসক ভরি পীত॥ ৭

অতিরমণীয় রত্নরাজি ও কনকে রচিত নিখিল গৃহে—প্রদীপসমূহের জ্যোতির্মালার বিচ্ছুরণজনিত সুন্দর আলোকে—স্বীয় অঙ্গকান্তিরাশি হইতে উত্থিত চমৎকার ও সুষমামণ্ডিত অত্যুত্তম নিজ মন্দিরে প্রবিষ্ট সেই রামকৃষ্ণকে আনন্দমনাঃ মা যশোদা আরতি করিতেছেন—। ১১

সুতযুগে আরতি শুভ মাইয়া যশোদাকী।
মণিকনকাচিত সুভাজনে ঘৃত-দীপকুলে প্রমোদাকী॥
শ্রমজলকণ চন্দন লবোজ্জল বদন সুধাকরবিম্বে।
আর্দ্রবসন কৃত সুখ মার্জনে বিকসিত দন্তমণি-দন্তে॥
চহুঁ দিশি নিরুপম রূপবতী নিতম্বিনী গণকৃত মঙ্গল গানে।
জয় জয় কোলাহল কলগীত রমণীয় বাজই ততাদি বিতানে॥
সুচারু নৃত্যত সখাকুল চৌদিশি উছলই আনন্দ অপার।
উৎপুলকাকুল গোকুল লোক সব, প্রাপিত মনোরথ-পার॥
চতুরদশ ভুবন মোহন মাধব নীরাজন বিধি-গীতে।
শুন ভাই রসিক দ্বারকানাথ কৃত সুধামধুর ভাষিতে॥ ৮

শ্রীনন্দযশোদা আনন্দবাষ্পে নিরুদ্ধকণ্ঠ হইলেও সাদরে পুনঃ পুনঃ পুত্রদ্বয়ের মুখচুম্বন, করদ্বারা সবেগে দেহ লালন এবং মস্তকাঘ্রাণ করিতেছেন। সখাগণের সহিত শ্রীরামকৃষ্ণ স্বয়ং অবনতমস্তকে তাঁহাদের পদযুগল বন্দনা করিতেছেন। ১২

( **শ্রীনন্দরাজ** পূর্ববৎ আশীর্বাদ করিলেন। কিঞ্চিৎ স্থির হইয়া **যশোদা** )—

কেমনে যাইলে বাছা ও কঠিন বনে।
মৃদুতম পদকমলে আহা মরি চঞ্চল গোধন-সনে ॥
রবি-কিরণে অতি তাপিত রজোভর-ক্লিষ্ট তব কোমল পাদ।
কত শত তীখিণ কুশাঙ্কুর হায় হায় দিয়াছে কত বিষাদ ॥
গোধনগণ সহ ধাবন খেদ সহি' অতিদূরগত হইলা।
মলিন-বদন হে ক্ষুধিত কাতর বুঝি অন্নজল নাহি খাইলা ॥
জীবন! হে তব বিরহ-জ্বরে জীর্ণ হৈনু সকল দিনে আমি।
গমন করণ মম কিছু নাহি ভায়ে, মন হরি নিলা সব তুমি ॥
পুন এহি গৃহ সঞে নাহি নিকাসব হে, সহিব কি ঘোর বিষাদ?
দ্বারকানাথ কবিবর ভণই—না করিহ হেন পরমাদ ॥ ৯

সায়ংকালে প্রিয়গণবেষ্টিত ত্রিভুবনকমনীয় অগ্রজসহ শ্রান্ত আত্মজকে গৃহমধ্যে পাইয়া মা যশোদা স্নেহাতিশয়ে শুশ্রূষণাদি করাইয়া রোহিণীকর্ত্তৃক আনীত চতুর্বিধ মিষ্ট অন্নাদি আনন্দে ভোজন করাইলেন এবং বিবিধ আকল্প ও রক্ষাবন্ধনাদির রচনা করিলেন। ১৩

শ্রীনিবাস, সুরবর-কর্ত্তৃক ধ্যেয়-চরণারবিন্দ, কোটি কোটি ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও লয়ের কর্ত্তারও অধিনায়ক, নিত্যকিশোর, গোপবেশ বন্ধুরূপ নন্দনন্দন শ্রীকৃষ্ণকে বলদেব ও অনুগত সখাগণসহ ব্রজপুরবাসিগণ স্বস্ব ভাবে লালন করিতেছেন। ১৪

আনন্দিতা যশোদাকর্ত্তৃক বিরচিতবেশ, শ্রীদামাদি প্রীতিমান্ সখাগণের সুরসবচনে কৌতুকাবিষ্ট, গোপীদের সুনিভৃতে নিক্ষিপ্ত অপাঙ্গভঙ্গিতে অলসদেহ, শ্রীমন্নন্দরাজের ক্রোড়সঙ্গী মৃদুমধুর হাস্য-শোভিবদন শ্রীমুকুন্দ তোমাদিগকে পালন করুন। ১৫

॥ দশমাঙ্ক শেষ ॥

ইতি শ্রীগোবিন্দবল্লভ নাটক সমাপ্ত।

## উপসংহার

শ্রীমচ্চৈতন্যদেব প্রিয়তম নৃপতি, তাঁহার প্রিয় ( সখা ) **সুন্দরানন্দ,** ( তাঁহার প্রিয় ) বিশ্ববিখ্যাত-কীর্ত্তি **পর্ণিগোপাল** বলিয়া বিখ্যাত। ইঁহার শিষ্য—**কাশীনাথ**—ইঁহার কনিষ্ঠপুত্র প্রভূতযশাঃ **কানুরাম,** তাঁহার পুত্র ধীর জনরঞ্জন **শ্রীগোপাল**—ইঁহার জ্যেষ্ঠতনয় **শ্রীগোকুলচন্দ্র,** তাঁহার সর্বগুণাকর পুত্র শ্রীমান্ **জগদানন্দ**—তাঁহার জ্যেষ্ঠপুত্র **রুক্মিণীকান্ত**—তাঁহার পুত্র **দ্বারকানাথ** এই নাটকের রচয়িতা। ১—২।

শ্রীশ্রীগিরি-হরি-পাদপদ্ম হৃদয়ে বিলাস।
গোবিন্দবল্লভ-ভাষা কৈল দীন হরিদাস॥

——○——